
উত্তরণ

পূজাবার্ষিকী ২০২৬

সংহতি | বর্ষ ২ | সংখ্যা ২



JA RICHARDSON TEAM

Your Real Estate Partners

Trusted by professionals and families in Orange County and throughout Southern California for over 30 years.

PEOPLE | HOMES | COMMUNITY




30+ YEARS
OF EXPERIENCE

TOP 1%
OF REALTORS® IN ORANGE COUNTY



BUY

Access to off-market opportunities
Lowest possible rates
Strategic negotiation
Buyer Concessions



SELL

Maximum value for your home
Targeted and qualified buyers
Strategic marketing
Luxury Portfolio International



INVEST

Build long-term wealth
Investment properties
Vacation and resort homes
Property Management

Proud to Support Durga Puja and the Bengali Community

We are grateful for the continued trust and friendship of the Sanhoti community. It is an honor to support and to be part of such a vibrant and inspiring community

Josh and Angelica Richardson

REALTORS® | DRE 01896924 / 01201950

949-466-9785

homes@JoshandAngelica.com | JARichardsonTeam.com

First Team.

LUXURY PORTFOLIO INTERNATIONAL

Dear Friends,

It gives me immense joy to welcome you to SANHOTI's Durga Puja 2026 celebrations and to this year's edition of our Puja magazine, UTTORON.

SANHOTI was founded with a simple but meaningful vision—to create a home away from home where our culture, traditions, friendships, and shared values could flourish. Today that vision has grown into a vibrant community built on participation, creativity, inclusion, and togetherness.

Durga Puja is much more than a religious celebration. It represents courage, resilience, compassion, and the triumph of good over adversity. Maa Durga also reminds us of the strength and leadership of women. At SANHOTI, we are proud of the many women who lead, organize, create, perform, and contribute so meaningfully to every aspect of our community.

Our children remain the heartbeat of SANHOTI. Growing up far from the land of their parents and grandparents, they are forming their own connection with our heritage through music, dance, literature, art, sports, and celebration. It is our responsibility to give them a space where they can stay rooted in tradition while confidently shaping their own future.

UTTORON reflects this spirit beautifully. Its stories, poems, photographs, artwork, memories, and creative expressions bring together voices from across generations. Each contribution is different, yet together they represent one shared identity—a community connected by culture, creativity, friendship, and mutual respect.

As SANHOTI continues to grow, may we always remain welcoming, inclusive, and united. Our diversity strengthens us, and our shared values bring us closer.

On behalf of SANHOTI, I offer my heartfelt gratitude to our volunteers, sponsors, contributors, performers, families, and every member whose time, effort, and enthusiasm make our celebrations possible.

May Maa Durga bless every family with peace, happiness, good health, strength, and prosperity.

With warm regards,

Suvendu Laha
President, SANHOTI

Editorial

Autumn arrives differently in a distant land.

Yet, somewhere within us, the season returns with a familiar rhythm, a remembered fragrance, a quiet pull toward home.

And perhaps that is what community is: a way of carrying home forward.

Here in Orange County, Southern California, our Bengali identity continues to take new shape through art, literature, music, celebration, friendship, and service. It lives in the voices of our children, in the creativity of our artists, in the warmth of shared gatherings, and in the countless unseen acts that hold a community together.

We come from different journeys.

We carry different memories, ideas, and aspirations.

Yet differences need not divide us.

A community becomes richer when many voices are heard, stronger when many hands work together, and more meaningful when success is shared rather than owned.

SANHOTI is a celebration of that spirit.

And UTTORON is where some of those voices find a lasting home—a space for our stories, our imagination, our memories, and our hopes for what comes next.

May creativity keep us open.

May friendship keep us close.

May prosperity bring generosity.

May disagreement never diminish respect.

And may every celebration remind us that peace and camaraderie are built not in grand gestures, but in the simple choice to stand beside one another.

For true progress is never a solitary ascent. It is the journey of many, moving forward together.

From “I” to “we” — therein lies the true spirit of UTTORON.

Shubho Sharodiya!

डॉ. के.जे. श्रीनिवासा
कौंसल जनरल
Dr. K.J. Srinivasa
Consul General

सत्यमेव जयते

भारत का प्रधान कोंसलावास
लॉस एंजेलिस
Consulate General of India
Los Angeles

Message from the Consul General of India, Los Angeles

I extend my warm greetings and best wishes to Sanhoti and the entire Indian-American community on the auspicious occasion of Durga Puja.

Durga Puja is one of India's most cherished festivals, bringing together devotion, art, music, culture, and community. Beyond its religious significance, it is a celebration of our shared heritage and the enduring values of courage, compassion, righteousness, and the triumph of good over evil.

It is encouraging to see Sanhoti continue this beautiful tradition in Southern California and provide a meaningful platform for the community to come together, celebrate our cultural heritage, and pass these traditions on to future generations. Such efforts play an important role in strengthening cultural connections and enriching the diverse social fabric of our communities.

I commend Sanhoti for its commitment to fostering a strong sense of community and for its continued efforts to showcase the richness and diversity of Indian culture. I am confident that this year's Durga Puja celebration will once again bring families and friends together in a spirit of joy, harmony, and fellowship.

May the blessings of Maa Durga bring peace, prosperity, good health, and happiness to all. May this festive occasion strengthen the bonds of friendship and community and inspire us to continue celebrating the values that unite us.

My warmest wishes to everyone for a joyous, peaceful, and blessed Durga Puja!

Dr. K. J. Srinivasa
Consul General

SPONSORS

GRAND SPONSORS - $5000 and above

1. Atreyee & Suvendu Laha
2. Suchandra & Dr. Subrato Ghosh
3. Sreagni Banerjee & Sudipto Swarnakar

PLATINUM SPONSORS - $2000 and above

1. Sangita & Tapas Ghosh
2. Sneha & Anindya Chatterjee

GOLD SPONSORS - $1000 and above

1. Kanika & Pradip Pal
2. Malini & Subir Chowdhury
3. Sumita & Dhiman Halder
4. Madhumita & Santanu Sinha Roy
5. Susmita & Gyan Mukherjee
6. Ankita & Diganto Chowdhury
7. Nilova & Sujay Dhar
8. Sutapa & Supratik Roy
9. Debanjali & Abhijit Neogi
10. Anwesha & Diptishankar Mondal

SILVER SPONSORS - $500 and above

1. Priyanka & Arindam Chakraborty
2. Swarnali & Tirtha Ganguly
3. Mahima & Tarashankar Panda
4. Shweta & Saumik Saha
5. Chandrani & Tamoghna Guha
6. Gargi & Saurav Nag
7. Nibedita & Rupesh Paul
8. Deboshree & Saikat Mondal
9. Sipra & Prabir Roy
10. Carmel & Joyraj Basu
11. Trina & Gautam Karmakar
12. Radhika & Prem Singh

SUBIR & MALINI CHOWDHURY foundation

EMPOWERING PEOPLE. | ENRICHING LIVES. | INSPIRING CHANGE.

EDUCATION

Expanding minds.
Building futures.
Creating opportunities.

SERVICE

Serving communities.
Supporting needs.
Making a positive
difference in lives.

RECOGNITION

Recognizing excellence.
Honoring impact.
Inspiring achievement
and leadership.

www.chowdhuryfamily.org

Office Bearers



Suvendu Laha
President



Atreyee Ghosh
Cultural Director



Dhiman Halder
Secretary



Anindya Chatterjee
Treasurer

Sanhoti 2026 Puja Committee

IT
Website & SEO - Debasis, Dhiman
Social Media - Tirtha, Mahima
Content & Flyers - Arindam
Media Publication - Sreagni
Advertisement - Tirtha, Sudipto

Magazine - Arindam

Puja Arrangement - Atreyee, Sangita, Tara, Nilova & All Ladies

Food Distribution - Tara, Saurav, Santanu, Santanu Jr, Parikshit, Arindam G

Inventory - Saurav, Santanu Jr

Decoration
Ideation & Build - Debasis, Diganto, Ankita, Nilakshi, Priyanka D, Priyanka P, Swarnali, Shweta, Chandrani, Gargee, Mahima, Piyali, Sneha, Upama, Rupa, Deboshree, Debeshi, Parikshit, Dhiman, Tara, Paramita, Sangita, Sumita, Bodhi, Sanjukta, Mehul, Ayushi, Madhumita, Suvendu

Setup - Abhijeet, Ankita, Bodhi, Debasis, Kanika, Madhuri, Mahima, Nilakshi, Paramita, Priyanka P, Saurav, Subhabrata, Sudipta, Swarnali, Tamoghna, Upama, Vardhan, Debeshi

Ticket Sales - Suvendu, Saikat, Diganto

Artist Management
Concierge - Tirtha, Arindam, Tamoghna, Sujay
Logistics - Supratik, Suvendu
Anchoring - Bani, Sneha, Arindam, Saumik
Backstage - Diganto

Program Management
Overall - Suvendu, Tapas, Supratik
Venue Setup - Sujay, Sourav, Santanu
Stalls - Sujay, Dhiman
Welcome & Reception - Atreyee
Guest Management - Tirtha, Sujay

Prasad Distribution - Sumita, Gargee, Sushmita
Kids' Activities - Upama, Ankita


2026 SANHOTI Durga Puja Nirghanto
২০২৬ SANHOTI দুর্গাপূজা নির্ঘন্ট
Saturday, October 10th 2026
শনিবার, ১০ অক্টোবর ২০২৬
Bodhon & Saptami Puja - 9:00am
বোধন ও সপ্তমী পুজা - সকাল ৯::০০টা
Mahashtami Puja - 2:30pm
মহাষ্টমী পুজা - দুপুর ২:৩০টা
Ashtami Pushpanjali - 4:00pm
অষ্টমী পুষ্পাঞ্জলি - বিকেল ৪:০০টা
Sandhi Puja - 6:30pm
সন্ধি পুজা - সন্ধ্যা ৬:৩০টা
Sunday, October 11th 2026
রবিবার, ১১ অক্টোবর ২০২৬
Nabami Puja - 9:00am
নবমী পুজা - সকাল ৯:০০টা
Dashami Puja - 12:00pm
দশমী পুজা - দুপুর ১২:০০টা
Sindur Khela - 4:00pm
সিঁদুর খেলা - বিকেল ৪:০০টা
জয় মা দুর্গা


SANHOTI
DURGA PUJA
2026
OCTOBER
9, 10, 11
2026
ROBERT B. MOORE
THEATRE
COSTA MESA, CA
VOICE OF DHURANDHAR
INDIAN IDOL RUNNER-UP
SUBHADEEP
DAS CHOWDHURY
QUEEN OF MELODY
FAVORITE VOICE OF MILLIONS
AKRITI
KAKAR
CELEBRATE
BENGAL'S BIGGEST FESTIVAL
WITH US
CHECK SANHOTI.ORG
FOR TICKETS INFO
SANHOTI
FRIDAY, OCT 9, 7:30PM
SATURDAY, OCT 10, 7:30PM


Bengali Association of Orange County, CA
SANHOTI
কোজাগরী
লক্ষ্মী
পূজা
SANHOTI
presents
লক্ষ্মী পূজা
2026
with special
SAGNIK SEN
LIVE CONCERT
Saturday, 24th October 2026
Puja
4 – 6 PM
Program
7 – 9:30 PM
Dinner
9:30 – 10 PM
Venue
Chinmaya Mission (CMLA)
14451 Franklin Ave, Tustin, CA 92780
Price per person
$20
without dinner
$30
with dinner
Bhog, Prasad & Dinner
will be served
এলো মা লক্ষ্মীর কৃপায় ভরে উঠুক আমাদের ঘর, মন আর জীবন

Music Connects Hearts...

SMR

SHIV MUSIC ROOM

A Musical Division of **SHIVKHORI TREXIM PVT. LTD.**
(Resulting Company of Kalinga Builders Pvt. Ltd.)

CREATE | RECORD | REHEARSE | PERFORM

18th September 2026

My heartfelt greetings and warmest wishes to the entire Sanhoti Bengali Association of Orange County on the auspicious occasion of Durga Puja.

May this beautiful celebration of Maa Durga bring peace, happiness, prosperity, and togetherness to all of you and your families.

It is truly a wonderful feeling to be connected with you all, and I sincerely thank you for your love and affection.

May Maa Durga bless all of us and fill our lives with joy, strength, and positivity.

Wishing the Sanhoti Bengali Association of Orange County a very Happy and Blessed Durga Puja!

SIBU PATTNAIK

Corporate Office:
Plot No. 379, Kripalukunj, Bomikhal,
Cuttack Puri Road, Bhubaneswar - 751006,
Khorda, Odisha, India

Regd. Office:
A-10, Jackson Lane,
2nd Floor, Kolkata,
W.B., India

Mob: 8908023320, 9437023321
Phone No.: 0674 - 3506911
shivmusicroom@gmail.com

GST No.: 21AARCS6523J1Z4

CHARITY





CHARITY





CHARITY





Kids Sports



Certificate of
ACHIEVEMENT


Certificate of
ACHIEVEMENT


Certificate of
ACHIEVEMENT



Kids Sports









Kids Sports


Certificate of
ACHIEVEMENT


Certificate of
ACHIEVEMENT


Certificate of
ACHIEVEMENT







Kids Sports




Certificate of
ACHIEVEMENT
Tasha Ganguly
Sankat Kids Tournament


Certificate of
ACHIEVEMENT





Piyali's Ethnic Couture is excellent for your Indian Ethnic wardrobe (Panjabi , Dhoti , Saree & Jewelry)this festive season.
If you like Babumashai Panjabi & dhoti and exclusive sarees, Piyali's Ethnic Couture should be your destination.

Please mention your Sanghoti association if you decide to try them.

Online Dance Class

ODISSI, RABINDRIK

(Exam facility available)

TAHIYA DANCE ACADEMY (KOLKATA), CONTACT: +916291759114

SOCCER LEAGUE







Soccer League













Soccer League













Soccer League













Soccer League













Soccer League







সরদার ফজলুল করিম: জীবনটাই যাঁর কাছে ছিল ‘লাভ’

সংকলন - শ্রী প্রদীপ পাল

সরদার ফজলুল করিম। জন্ম ১ মে ১৯২৫, বরিশালের আটিপাড়া গ্রামে, এক সাধারণ কৃষক পরিবারে। সেই গ্রামবাংলা থেকে উঠে আসা ছেলেটিই একদিন হয়ে উঠবেন বাংলাদেশের অন্যতম বিশিষ্ট দার্শনিক, শিক্ষক, অনুবাদক ও প্রগতিশীল চিন্তক—তখন কে জানত!

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ থেকে ১৯৪৫ সালে অনার্স এবং ১৯৪৬ সালে এমএ সম্পন্ন করেন তিনি। দুটিতেই ছিলেন অসাধারণ কৃতিত্বের অধিকারী। মাত্র একুশ বছর বয়সে, ১৯৪৬ সালে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগে প্রভাষক হিসেবে যোগ দেন। কিন্তু খুব বেশি দিন শিক্ষকতার নিরাপদ জীবনে থাকা হলো না। রাজনীতি ও সমাজবদলের আদর্শ তাঁকে টেনে নিয়ে গেল অন্য এক জীবনের দিকে। ১৯৪৮ সালে তিনি বিশ্ববিদ্যালয়ের চাকরি ছেড়ে সক্রিয় বামপন্থী রাজনীতিতে আত্মনিয়োগ করেন। পরবর্তী সময়ে তাঁকে আত্মগোপনেও যেতে হয়।

নরসিংদীর মনোহরদী অঞ্চলের বিভিন্ন গ্রামে গোপনে থেকেছেন তিনি। কখনো মুসলমান পরিবারে অন্য নামে, কখনো হিন্দু পরিবারে হিন্দু নাম নিয়ে। এক বাড়ি থেকে আরেক বাড়ি, কখনো এমনকি গোয়ালঘরেও রাত কাটাতে হয়েছে। তাঁর আত্মগোপনের জীবন যেন কোনো উপন্যাসের কাহিনি—অথচ সবটাই ছিল বাস্তব।

উচ্চশিক্ষার জন্য বিলেতে যাওয়ার সুযোগও এসেছিল। কিন্তু তাঁর কাছে তখন ব্যক্তিগত প্রতিষ্ঠার চেয়ে বড় হয়ে উঠেছিল রাজনৈতিক আদর্শ। সেই বিদেশযাত্রার সুযোগ তিনি ছেড়ে দেন। তাঁর জীবন নিয়ে প্রকাশিত স্মৃতিচারণে এমনকি বৃত্তির আমন্ত্রণপত্র ছিঁড়ে ফেলার কথাও এসেছে।

তারপর শুরু হয় কারাগারের দীর্ঘ অধ্যায়।

পাকিস্তান আমলে চার দফায় সব মিলিয়ে প্রায় এগারো বছর জেল খেটেছেন সরদার ফজলুল করিম। কিন্তু আশ্চর্য—এই মানুষটিই জীবনের শেষপ্রান্তে এসে বলতে পেরেছিলেন, তাঁর জীবনে নাকি কোনো ‘লোকসান’ নেই। জেল, দুঃখ, অভাব, সংগ্রাম—সবই তাঁর কাছে জীবনের অর্জন।

তাঁর জীবনদর্শন যেন ছিল খুব সহজ—

পুরো জীবনটাই লাভ। লোকসান বলে কিছু নেই। বেঁচে থাকাটাই আনন্দ।

এই আশ্চর্য ইতিবাচকতা তাঁর চরিত্রের অন্যতম বড় পরিচয়।

কারাগার—যেখানে বন্দিজীবনও হয়ে উঠেছিল বিশ্ববিদ্যালয়

পাকিস্তান সরকার রাজনৈতিক বন্দিদের আগের সুযোগ-সুবিধা প্রত্যাহার করলে ঢাকা জেলে দীর্ঘ অনশন ধর্মঘট শুরু হয়। সেই ঐতিহাসিক ৫৮ দিনের অনশন আন্দোলনে অংশ নিয়েছিলেন সরদার ফজলুল করিম।

তবে এখানে একটি তথ্য পরিষ্কার করা জরুরি। তিনি নিজে শুরু থেকে পুরো ৫৮ দিন অনশনে ছিলেন—এমন নয়। অনশন চলাকালে প্রায় বিশতম দিনে তাঁকে ঢাকা জেলে আনা হয় এবং তিনি সঙ্গে সঙ্গেই অনশনে যোগ দেন। সেই সময়েই জেল কর্তৃপক্ষের নির্মম আচরণের শিকার হয়ে শ্রমিকনেতা শিবেন রায় মারা যান।

শিবেন রায়ের মৃত্যুর ঘটনা সরদারের স্মৃতিতে গভীর ছাপ ফেলেছিল। জোর করে খাওয়ানোর সময় ঘটে যাওয়া সেই মর্মান্তিক মৃত্যুর কথা তিনি পরবর্তীকালে বলেছেন। ইতিহাসের বড় বড় ঘটনার আড়ালে এমন কত শিবেন রায় যে হারিয়ে গেছেন—তাঁর স্মৃতিচারণ যেন আমাদের সেই বিস্মৃত মানুষগুলোর কাছেও ফিরিয়ে নিয়ে যায়।

কারাগারেও সরদার ফজলুল করিমের হাতে থাকত বই। ইংরেজি বই পড়তেন, তারপর তার বিষয়বস্তু বাংলায় বুঝিয়ে শোনাতেন অন্য বন্দিদের—সাঁওতাল কৃষক, শ্রমিক কিংবা অল্পশিক্ষিত সাধারণ মানুষদের। তাঁর স্মৃতিচারণে ‘ডিপ্লোম্যাট’ নামে এক দীর্ঘ বই নিয়ে জেলের সেই পাঠচক্রের কথাও রয়েছে।

ভাবা যায়—লোহার গরাদের ভেতর বসেই এক

শিক্ষক তাঁর শ্রেণিকক্ষ তৈরি করে নিয়েছেন!

ইলা মিত্র, তেভাগা এবং এক অন্ধকার ইতিহাস

রাজশাহী কারাগারে বন্দি থাকার সময় তিনি জানতে পারেন তেভাগা আন্দোলনের কিংবদন্তি নেত্রী ইলা মিত্রের ওপর অকথ্য নির্যাতনের কথা। নাচোলের কৃষক ও সাঁওতালদের আন্দোলনের নেতৃত্ব দেওয়া ইলা মিত্রকে ১৯৫০ সালে গ্রেপ্তার করে অমানবিক নির্যাতন করা হয়েছিল। পরে তিনি ভারতে চলে যান এবং পশ্চিমবঙ্গের রাজনীতিতে সক্রিয় হন। মূল লেখায় তাঁকে 'পশ্চিমবঙ্গের এমপি' বলা হয়েছিল; সঠিক তথ্য হলো—তিনি পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য বা MLA নির্বাচিত হয়েছিলেন।

১৯৫৫—কারাগার থেকে পাকিস্তান গণপরিষদ

এখানেও ইতিহাসের এক আশ্চর্য মোড়।

কারাবন্দি থাকা অবস্থাতেই সরদার ফজলুল করিম পাকিস্তানের গণপরিষদের সদস্য নির্বাচিত হন। পাকিস্তানের সরকারি গণপরিষদ কার্যবিবরণীতেও ১৯৫৫ সালে তাঁর উপস্থিতির প্রমাণ রয়েছে।

১৯৫৪ সালের যুক্তফ্রন্ট সরকার এবং ১৯৫৫ সালের পাকিস্তান গণপরিষদে সরদারের সদস্যপদ একই ঘটনা নয়। ১৯৫৪ সালে পূর্ববঙ্গে যুক্তফ্রন্ট সরকার গঠিত হলে শেরে বাংলা এ. কে. ফজলুল হক মুখ্যমন্ত্রী হন এবং শেখ মুজিবুর রহমান সেই প্রাদেশিক সরকারের মন্ত্রী ছিলেন। অন্যদিকে সরদার ফজলুল করিম পাকিস্তানের দ্বিতীয় গণপরিষদের সদস্য হন ১৯৫৫ সালে।

আর তারপরেই ঘটে নাটকীয় ঘটনা।

করাচিতে গণপরিষদের অধিবেশনে যোগ দিতে যাওয়ার সময় ঢাকা বিমানবন্দরে বিমানের ভেতর থেকেই তাঁকে গ্রেপ্তার করা হয়। ২৯ নভেম্বর ১৯৫৫-তে পাকিস্তান গণপরিষদে শেখ মুজিবুর রহমান নিজেই এই গ্রেপ্তারের প্রতিবাদ করে বলেছিলেন যে, বিমান ছাড়ার ঠিক আগে পুলিশ সরদার ফজলুল করিমকে বিমানের ভেতর থেকে গ্রেপ্তার করে।

পরবর্তী বছরগুলোতেও তাঁর কারাবাস চলেছে। আইয়ুব খানের সামরিক শাসনামলেও তিনি আবার বন্দি হন। তাই তাঁর জীবনের বিভিন্ন কারাবাসকে একটি মাত্র ধারাবাহিক ঘটনার মতো দেখলে ভুল হবে—এগুলো পাকিস্তান আমলের বিভিন্ন সময়ের পৃথক রাজনৈতিক বন্দিত্ব।

সরদার, মুজিব, মুনীর ও তাজউদ্দীন

বাংলাদেশের ইতিহাসের বহু গুরুত্বপূর্ণ মানুষের সঙ্গে সরদার ফজলুল করিমের জীবন জড়িয়ে ছিল।

মুনীর চৌধুরীর সঙ্গে তাঁর ছিল গভীর বন্ধুত্ব। মুনীরের অসাধারণ কথা বলার ক্ষমতার জন্য সরদার তাঁকে মজা করে ডাকতেন 'King of Words'। তাজউদ্দীন আহমদ, মোহাম্মদ তোয়াহা, আবদুল মতিন—এঁরাও ছিলেন তাঁর ঘনিষ্ঠ রাজনৈতিক ও সাংস্কৃতিক পরিমণ্ডলের মানুষ।

অধ্যাপক আব্দুর রাজ্জাকের সঙ্গেও তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। স্বাধীনতার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং অধ্যাপক আব্দুর রাজ্জাকের আগ্রহেই সরদার আবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফিরে আসেন। ১৯৭২ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগেঅধ্যাপনায় যোগ দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় আজও তাঁকে সেই বিভাগের অন্যতম বিশিষ্ট শিক্ষক হিসেবে স্মরণ করে।

যুদ্ধের ঢাকা—আরেক সরদারের স্মৃতি

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার ঢাকার কথাও তাঁর স্মৃতিতে বারবার এসেছে। ব্রিটিশ ও মার্কিন সেনাদের আনাগোনা, বিশ্ববিদ্যালয় এলাকার পরিবেশ, ছাত্রজীবনের রাজনৈতিক উত্তেজনা—সবই তিনি দেখেছেন খুব কাছ থেকে।

তাঁর স্মৃতিচারণের এই অংশগুলো পড়লে বোঝা যায়, তিনি শুধু বড় বড় রাজনৈতিক ঘটনার সাক্ষী ছিলেন না—মানুষ, শহর, বিশ্ববিদ্যালয়, রাস্তা, জেলখানা—সবকিছুকেই তিনি একজন গভীর পর্যবেক্ষকের চোখে দেখতেন।

সেই কারণেই তাঁর লেখা ইতিহাসের শুষ্ক দলিল নয়; যেন জীবন্ত মানুষের গল্প।

দর্শনের শিক্ষক, অসাধারণ অনুবাদক

সরদার ফজলুল করিমের আরেক পরিচয় তাঁর অনুবাদ ও দর্শনচর্চা।

প্লেটোর Republic, অ্যারিস্টটলের Politics, রুশোর Social Contract—বিশ্বচিন্তার গুরুত্বপূর্ণ গ্রন্থগুলো তিনি বাংলাভাষী পাঠকের কাছে পৌঁছে দিয়েছেন। তাঁর নিজের রচিত 'দর্শনকোষ' বাংলা ভাষায় দর্শনচর্চার গুরুত্বপূর্ণ কাজগুলোর একটি।

হরিদাস ভট্টাচার্যের দর্শনের ক্লাসই তরুণ সরদারকে এত আকৃষ্ট করেছিল যে তিনি প্রথমে ইংরেজি পড়তে শুরু করেও পরে দর্শনে চলে আসেন। তাঁর ছাত্রজীবনে সেই শিক্ষকতার প্রভাব ছিল গভীর।

ধীরেন্দ্রনাথ দত্ত—ভাষার দাবির অগ্রদূত

সরদার ফজলুল করিমের স্মৃতিতে আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নাম—ধীরেন্দ্রনাথ দত্ত।

১৯৪৮ সালের ২৫ ফেব্রুয়ারি পাকিস্তানের গণপরিষদে ধীরেন্দ্রনাথ দত্ত একটি সংশোধনী প্রস্তাব উত্থাপন করে দাবি করেছিলেন, পরিষদের কার্যক্রমে ইংরেজি ও উর্দুর পাশাপাশি বাংলা ভাষাও ব্যবহার করা হোক।

তাঁর যুক্তি ছিল অত্যন্ত সরল এবং ঐতিহাসিক—পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষ বাংলা ভাষায় কথা বলে; অতএব রাষ্ট্রের ভাষা হিসেবে বাংলার স্বীকৃতি থাকা উচিত। ভাষা আন্দোলনের ১৯৫২ সালের বিস্ফোরণের চার বছর আগেই পাকিস্তানের আইনসভায় এই কথা উচ্চারণ করেছিলেন তিনি।

তাই ধীরেন্দ্রনাথ দত্ত কেবল ভাষা আন্দোলনের পূর্বসূরি নন—বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়ার দাবির অন্যতম প্রথম সংসদীয় কণ্ঠ।

১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনী তাঁকে ধরে নিয়ে যায় কুমিল্লা ক্যান্টনমেন্টে। অশীতিপর এই মানুষটির ওপর চালানো হয় নির্মম নির্যাতন; শেষ পর্যন্ত তাঁকে হত্যা করা হয়।

সরদারের স্মৃতিচারণে ধীরেন্দ্রনাথ দত্ত তাই শুধু একজন রাজনীতিক নন—তিনি ভাষা, অধিকার এবং আত্মমর্যাদার সংগ্রামের এক প্রতীক।

“একুশের কাছে আমার দেনার কথা...”

একুশ নিয়ে সরদার ফজলুল করিমের একটি কথা যেন তাঁর সমগ্র জীবনদর্শনেরই প্রতিধ্বনি—

“একুশের কাছে আমার দেনার কথা। ঋণের কথা। কেউ যদি তোমাদের কাউকে কিছু দেয়, দেয় এমন কিছু বিরাট ও মহৎ যা তুমি কল্পনা করতেও পার না, তাহলে সে ঋণের কথা কি ভুলতে পারো? জীবনের ঋণ শোধ না করতে পারলেও তাকে তো ভুলে যেতে পারবে না। কেননা জীবনদেবতার ঋণ ভুলে গেলে জীবনটাই মিথ্যা হয়ে যায়।”

এই কথার মধ্যেই হয়তো সরদারকে সবচেয়ে ভালোভাবে খুঁজে পাওয়া যায়।

ঋণ—মানুষের কাছে।

ঋণ—ইতিহাসের কাছে।

ঋণ—একুশের কাছে।

ঋণ—জীবনের কাছে।

১৯৭১: জেলখানাই কি তাঁকে বাঁচিয়ে দিয়েছিল?

১৯৭১ সালের মুক্তিযুদ্ধেও তাঁকে ছাড়েনি পাকিস্তানি রাষ্ট্রযন্ত্র।

সেই সময় সরদার ফজলুল করিম বাংলা একাডেমিতে কর্মরত। ১৯৬৯ সাল থেকে তিনি একাডেমির সংস্কৃতি বিভাগের দায়িত্বে ছিলেন। ৭ সেপ্টেম্বর ১৯৭১ পাকিস্তানি সামরিক বাহিনী তাঁকে গ্রেপ্তার করে।

তাঁকে নিয়ে যাওয়া হয় ঢাকা জেলে।

ইতিহাসের কী নির্মম পরিহাস—এই কারাবাসই হয়তো শেষ পর্যন্ত তাঁর জীবন বাঁচিয়ে দিয়েছিল।

ডিসেম্বরের মাঝামাঝি যখন মুনীর চৌধুরীসহ দেশের শ্রেষ্ঠ বুদ্ধিজীবীদের বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে হত্যা করা হচ্ছে, সরদার তখন কারাগারের ভেতরে। তাই নিশ্চিত করে বলা না গেলেও, এক অর্থে বন্দিত্বই তাঁকে সেই হত্যাযজ্ঞের নাগালের বাইরে রেখেছিল।

১৭ ডিসেম্বর ১৯৭১। মুক্তিযোদ্ধারা বন্দিদের মুক্ত করলে অন্য অনেকের সঙ্গে তিনিও ঢাকা জেল থেকে বেরিয়ে আসেন।

ভাবা যায়?

যে মানুষটিকে এতবার জেলে ঢোকানো হয়েছে, যে মানুষটির জীবন থেকে এগারো বছর কেড়ে নিয়েছে কারাগার—শেষ পর্যন্ত সেই কারাগারই হয়তো একবার তাঁকে মৃত্যুর হাত থেকে রক্ষা করেছিল।

শেষ পর্যন্ত জীবনই জয়ী

সরদার ফজলুল করিমের জীবনকে শুধু ‘রাজনৈতিক কর্মীর জীবন’, ‘দার্শনিকের জীবন’ কিংবা ‘শিক্ষকের জীবন’ বললে যেন পুরোটা বলা হয় না।

তিনি এমন এক প্রজন্মের প্রতিনিধি, যাঁদের কাছে ব্যক্তিগত সাফল্যের চেয়ে বড় ছিল সমাজ; ক্যারিয়ারের চেয়ে বড় ছিল আদর্শ; আর নিজের জীবনের চেয়েও বড় ছিল মানুষের মুক্তির স্বপ্ন।

কারাগার তাঁকে ভাঙতে পারেনি।

দারিদ্র্য তাঁকে ছোট করতে পারেনি।

রাজনৈতিক নিপীড়ন তাঁকে তিক্ত করতে পারেনি।

বৃদ্ধ বয়সেও তাঁর সেই অদ্ভুত হিসাব—

জীবনে ক্ষতি নেই।

সবই লাভ।

কারণ দুঃখও অভিজ্ঞতা, কারাগারও শিক্ষা, সংগ্রামও জীবন—আর বেঁচে থাকার মধ্যেই রয়েছে এক গভীর আনন্দ।

হয়তো এই কারণেই সরদার ফজলুল করিমকে শুধু ইতিহাসের একজন মানুষ হিসেবে মনে রাখা যথেষ্ট নয়।

তিনি যেন আমাদের মনে করিয়ে দিয়ে যান—

জীবনকে কতটা পাওয়া গেল, তার হিসাব নয়; জীবনকে কতটা মানুষের জন্য দেওয়া গেল—শেষ পর্যন্ত সেটাই আসল হিসাব।

HIDDEN GEMS
THE HILBERT MUSEUM AND OLD TOWNE ORANGE

MANAS MONDAL



বহু দিন ধরে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়েছি পর্বতমালা,
দেখিতে গিয়েছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শিষের উপরে
একটি শিশিরবিন্দু।

As Bengalis, we sometimes struggle to look beyond Rabindranath, yet his words capture the joy of discovering what lies close to home even after seeing the world. Before planning a faraway trip to Yosemite, the Redwoods, or San Diego, consider a ten-mile drive to experience the old-world charm of Orange County—a home away from home.

The Hilbert Museum of California Art, located at Chapman University in Orange, California, houses a growing collection of more than 5,000 works. Its holdings include oils, watercolors, and drawings depicting urban and industrial scenes, coastal views, and everyday California landscapes, along with one of the largest private collections of Disney art and works by Norman Rockwell and other twentieth-century illustrators acquired by the Hilberts since 1992. Highlights include pieces by Millard Sheets, Emil Kosa Jr., Mary Blair, Phil Dike, Milford Zornes, and Rex Brandt.

The museum is divided into the Sodaro South Gallery and the North Wing Gallery. The South Gallery features paintings and sculptures, while the North Wing focuses mainly on Disney and permanent collections. A standout display traces the development of The Lion King through its illustrations, offering a fascinating behind-the-scenes look at the film's creative history.

North Wing Gallery







Your visit would not be complete without stopping by Plaza Park in Old Towne Orange. The eight-minute walk from the Hilbert Museum to the plaza is memorable, with historic buildings, a cinema, restaurants, vintage shops, and lively street life along the way. Plaza Park offers a fountain, live performances, and a peaceful place to pause.



Sodaro South Gallery









Sodaro South Gallery






Useful Information about Hilbert Museum:


Location: Old Towne Orange
Entry fee: Free. Reservations are recommended but not required; walk-ins are welcome.
Hours of operation: Wednesday through Sunday, 10 AM to 5 PM.
Official Website: https://hilbertmuseum.org
Parking: Free parking is available, though spaces on-site are very limited. Additional public parking is available at the Old Towne West Public Parking Structure, and two-hour street parking may be available on North Cypress Street.
Accessibility: The museum is wheelchair accessible, and staff are available to offer assistance and information.
Caution: If visiting in summer, bring water, sunscreen, a hat, sunglasses, and a hand towel.
Must do: Join the Scavenger Hunt with your child; children who complete it successfully can receive a prize.
Bonus: The Orange Metrolink station is directly across from the museum, making a train trip could be a memorable option. Readers of Satyajit Ray's "Ratan Babu r sei Lokta" know just how reminiscent a train whistle can be.

PHOTOGRAPHY

Swarnali Mukherjee

Wild Lily Flower





Redwood



Sunset Point at Bryce Canyon

DRAWING *Taisha Ganguly*



Dandelions



Nature

শুভ শারদীয়া | **Proud Sponsor**
DURGA PUJA 2026 · COSTA MESA, CALIFORNIA

Club SciKidz

Where Science & Technology Connect!

SOUTH BAY & ORANGE COUNTY

Hands-On STEM, All Year Long

Real science, real engineering, real fun — for ages 4 to 14

Summer STEM Camps
A brand-new theme every week — build it, launch it, dissect it, code it.
GRADES PRE-K THROUGH 8

After-School Programs
Multi-week STEM clubs hosted at your school or our sites.
ELEMENTARY & MIDDLE SCHOOL

Birthday Parties
A science party your child hosts — messy, loud, unforgettable.
AT YOUR PLACE OR OURS

School Assemblies
Big-format science shows that get a whole gym on its feet.
SCHOOLS & ORGANIZATIONS

JUST A FEW OF OUR THEMES

Drone Piloting · **VEX BattleBots** · **Mini Med School** · **3D Printing & Minecraft** · **LEGO Robotics** · **Junior Veterinary** · **Jurassic Dinosaurs** · **Stop-Motion Movies** · **Esports Academy** · **Rocketry** · **Chemistry Lab** — and 70+ more.

Join Our Family List

SCAN ME

One scan puts you on the list. Here is what you get:

- **$25 off** your child's first camp week — your code arrives in the welcome email
- **First access** to registration before it opens publicly
- **Local news** for Costa Mesa, Torrance and Laguna Beach

oc-south-bay.clubscikidz.com

Heard about us at the Puja? Tell us when you sign up.

Costa Mesa
183 E Bay Street
Costa Mesa, CA 92627

Torrance
2201 Amapola Court
Torrance, CA 90501

Laguna Beach
340 St Ann's Drive
Laguna Beach, CA 92651

Club SciKidz South Bay & Orange County — Where Science & Technology Connect!
Questions? Call or text **(818) 216-4042**

আগামী দিনের পূর্বাভাস নিয়ে

সুস্মিতা মুখার্জি



প্রতিবারের মতো এবারেও ফোর্থ অফ জুলাইয়ের দুপুরটা নির্দিষ্ট করা ছিল রামকৃষ্ণ মিশনের পথে। সেদিনটা আমেরিকাবাসীদের জন্য ২৫০ বছরের স্বাধীনতা উদযাপনের নানান উৎসবের মেজাজ দিয়ে বিশেষ ভাবে ঘেরা ব্যস্ততার দিন। তাই ভারতীয় জনতা শুধু নয়, রামকৃষ্ণ মিশনের সংখ্যাগুরু অভারতীয় জনসমাগম এই দিনটার জন্য একটু অপ্রত্যাশিত ছিল। সুদীর্ঘ দূরত্ব উপেক্ষা করে আর অন্যান্য উৎসব পিছনে রেখে এই সুদূর কোণে ট্রাবুকা ও ক্যানিয়নের নীরব, শান্ত পরিবেশে এত ভক্তের উপস্থিতি বলা যায় অভাবনীয়।

মিশনের রান্নাঘরে কিছুক্ষণ কাটানোর সময় বুঝতে অসুবিধে হয়নি, দুপুরের খাওয়া দাওয়ার আয়োজনটা অন্যান্য বছরের তুলনায় বেশ বড় রকমের হয়েছিল। বুঝলাম, যেভাবেই হোক মিশনের এই জনসমাগমের আয়তনের আন্দাজ ছিল। তাই দুপুরের খাবার পরিবেশনের চত্বর ছিল সুবিস্তৃত এবং সুপরিকল্পিত। ভোজনের আয়োজন পিছনে রেখে পৌঁছে গেলাম প্রধান মন্দিরে (চিত্র ১)।

সেখানে পুজো শুরু হলো শঙ্খধ্বনি দিয়ে। সুন্দর ভাবে ছড়ানো অর্ধ গোলাকার সারিতে নানান বয়স আর নানান জাতির সমাবেশ। ছোট ঘরে বিশেষ কারও আর বসে যোগদানের সুযোগ নেই। তবুও ভক্ত স্বেচ্ছাসেবক একজন খুবই নিষ্ঠার সঙ্গে দেরিতে আসা লোকজনদের নিরলস ভাবে স্থান নির্বাচনের সুযোগ করে দিয়ে চলেছেন অক্লান্ত চেষ্টায়।

যথা সময় স্বামী সর্বদেবানন্দজি মহারাজ মৃদু ঘণ্টাধ্বনি সহযোগে গুরুবন্দনা শুরু করলেন, আর সেই মন্ত্রপাঠের মাঝে মাঝেই সুগম্ভীর গুরুকীর্তনের রেশ দিয়ে তৈরি সে এক অপূর্ব আধ্যাত্মিক পরিবেশ। প্রত্যেক উপস্থিতির মধ্যে এসেছিল কোনও উপলব্ধি, অবর্ণনীয় এক অনুভূতির শান্তিময় মুহূর্ত। প্রতিটি সংগীতে ছিল গুরুভক্তির অনুরণন। দেড়ঘণ্টার এই সময়টায়, কোনও অজানা জগতেই যেন আমাদের হারিয়ে যাওয়ার মুহূর্ত এসেছিল, তার পরিচয়, এই প্রবীণ ভক্ত (চিত্র ২) হুইল চেয়ারের অসুবিধা উপেক্ষা করে সেখানে উপস্থিত হতে দ্বিধা করেননি।

পুষ্পাঞ্জলির সময়টাও ছিল অস্বাভাবিক শান্তিপূর্ণ



চিত্র ২ : প্রবীণ ভক্ত

একটা অনুভবের পালা। আনুষ্ঠানিক আরতি আর পূজা পর্বের শেষে একক এবং সমবেত ভক্তি সংকীর্তনের সময়টা বিশেষভাবে হৃদয়ে স্পর্শী হয়েছিল।

দুপুর একটায় আগ্রহী ভক্তদের পুষ্পাঞ্জলির আগে, আনুষ্ঠানিকভাবেই প্রসাদের সাজানোর ডালা স্বেচ্ছাসেবীরা একে একে নীরব গতিবিধির মধ্যে দিয়ে মন্দিরের বাইরে খাবার পরিবেশনের চত্বরে নিয়ে গেলেন। জনপ্রিয় এই দুপুরের প্রসাদ উপস্থিত প্রতিটি অতিথির জন্য এক নির্বিশেষ আয়োজন। প্রতিটি অনুষ্ঠানের মধ্যেই ছিল অপূর্ব এক অন্তরঙ্গতা আর শৃঙ্খলার পরিচয়। হালকা হাওয়া আর আবছা রোদের এই উৎসবের দিনটা যেন অন্যান্য বছরের মতোই মন ভরানো আনন্দ আর স্বর্গীয় অনুভূতির এক বিশেষ অভিজ্ঞান। ১৮৯৩ সালের ১১ই সেপ্টেম্বরের বিশ্বধর্ম সম্মেলনে স্বামীজি তাঁর ঐতিহাসিক বক্তৃতায় আমেরিকাবাসীদের কাছে যে সত্যের সন্ধান উপহার দিয়েছিলেন, তার প্রভাব ২০২৬ এর ৪ঠা জুলাই এর দিনটায় এনেছে বিশ্বায়নের নতুন দিগন্ত।

বেদান্তপ্রীতির ঘটনাস্থলের এই স্মরণীয় দিনটা কি সত্যিই কোনও আগামী বৃহত্তর সম্ভাবনার প্রতিফলন? এই চিন্তার সূক্ষ্ম অনুভূতি আর প্রকাশ আজকের পৃথিবীর সর্বত্র ছড়ানো রামকৃষ্ণ মিশনের কর্মক্ষমতা আর আধ্যাত্মিক অনুপ্রেরণার উৎস।

Your Real Estate Professional



Sanjeev Kataria

949.647.9650

BRE Lic# 02044107

sanjeevocrealtor@gmail.com



Making Dreams Come To Reality



পথ ভোলা পথিক

দেবাশিস প্রামানিক

"আমি পথ ভোলা এক পথিক এসেছি...."

অনেক কথা মনের মধ্যে ভিড় করে আসছে। লেখার অভ্যাস না থাকলে যা হয় আর কি। প্রত্যেক বার বেড়িয়ে এসেই ভাবি কিছু লিখি, কিন্তু হয়ে ওঠে না। গত তিন দিন যাবত তেমনই ভেবে চলেছি। আজ মনে হলো, 'আর বিলম্ব না, না আর বিলম্ব না....'। যদি এবারেও না লিখি, এতো আনন্দ, এতো বিস্ময়, এতো আবেগ রাখবো কোথায়? পরিচিতদের সকলকে মুখে বলতে বলতে, ভাষা হারিয়ে ফেলছি, ঘটনার গতিবিধি পরিবর্তিত হয়ে যাচ্ছে। আর তাই অনেকেই হয়তো ধৈর্য হারাচ্ছেন বা তাঁদের বুঝতে অসুবিধা হচ্ছে। তাঁদের মধ্যে কিছু ভ্রমন পিপাসু মানুষ বললেন পুরো অভিজ্ঞতাটি লিপিবদ্ধ করতে। বুঝলাম, এবার লেখাটা দরকার কারন আমি ঘটনা গুলো জনে জনে না বলে থাকতে পারছিনা, আর মুখে বলতে গিয়ে উপরিউক্ত সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

'পথ ভোলা'

আজকাল অধিকাংশ ক্ষেত্রেই পেশা জীবনের পথ ঠিক করে দেয়। জীবিকা নির্বাহ ও সংসার চালানোর অভ্যাসে অভ্যস্ত আমরা বছরে দু-এক বার 'বেড়াতে' যাই। আমরা অধিকাংশরাই এই চেনা পথের পথিক। এইবার গুটিকতক মানুষের মত আমিও পথ ভুলে ছিলাম।

'পথিক'

ভেবেছিলাম ট্রেকিং তো আজকাল অনেকেই করেন। প্রথম-বার হলেই বা, মাসখানেক আগে থেকে হাঁটাহাঁটি, সিঁড়ি ভাঙ্গা, জগিং করলে আমরাও (আমি আর সহধর্মিণী) পারবো। তখন পর্যন্ত, চেনা পথের পথিক হবো ভেবেই আশায় বুক বাঁধছিলাম। ঘটনা যতো এগোতে থাকলো, বুঝলাম পথিক হয়তো হব, তবে অন্য পথের।

শুরুটা বড্ড সাদামাটা। ভাবলাম, ডুয়ার্সটা আমার ঘোরা হলেও বৌয়ের যাওয়া হয়নি। ইন্টারনেট ঘাঁটা শুরু হলো। হঠাৎ কোনো ভাবে বরফে ঢাকা কিছু যায়গার ভিডিও চোখে পড়ে গেলো। ভাবলাম, বেড়ানোটা একটু 'ওন দ্যা রক্স' হলে কেমন হয় (এই বরফই পরে অনেক কিছু ভেস্তে দ্যায়, সে কথায় পরে আসব)। ডিসেম্বরে কাছে পিঠে বরফ বলতে সান্দাকফু। সান্দাকফুর কথা ছোটোবেলায় ভূগোল বইতে পড়েছিলাম, পশ্চিমবঙ্গের উচ্চতম স্থান হিসেবে। সান্দাকফু গাড়িতেও যাওয়া যায়, কিন্তু সেটা নাকি শরীরের প্রতি এক প্রকার নির্যাতন। ঠিক করলাম ট্রেকিং করেই সান্দাকফু 'সামিট' করবো। মানুষ তো - তাও আবার বাঙালী, বুঝতেই পারছেন তত দিনে আমার মনে পর্বত আরোহণ, শৃঙ্গ জয়, সামিট, বেস ক্যাম্প.... আরো কতো কি। ইউটিউবের দৌলতে, অনেক ভিডিও দেখে ফেললাম। কিছু সংস্থার ওয়েবসাইটও ঘেঁটে ফেললাম যারা কিনা গ্রুপ বানিয়ে সান্দাকফুর মতো যায়গায় লোকজনকে নিয়ে যায়। হঠাৎ করে আমার এক বন্ধুর কথা মনে পড়লো। বন্ধুটি যুক্ত রয়েছে একটি অত্যন্ত নামকরা অনলাইন ওপেন অ্যাক্সেস সাময়িকীর সাথে। সাময়িকীটি গল্প, সাক্ষাৎকার, সংলাপ, ফটোগ্রাফ, অ্যাডভেঞ্চার, অভিযান এবং পরিবেশের ক্ষেত্র সম্পর্কিত নিবন্ধ প্রকাশ করে। বন্ধুর কাছে আবদার করলাম, আমাদের সান্দাকফু নিয়ে

চলো এই ডিসেম্বরেই। ও বললো, জানুয়ারির আগে ওর সময় হবেনা কারন ওই সময় ওরা নাকি ওই সাময়িকীর পক্ষ থেকে জঙ্গু নামক একটি জায়গায় যাবে। 'জঙ্গু' সে কেমন জায়গা রে বাবা! স্বভাব দোষে আবার ইউটিউবের শরণাপন্ন হলাম। যদিও খুব বেশি ভিডিও পেলাম না। কিন্তু যা পেলাম তা ছক ভাঙ্গা, অদ্ভুত সুন্দর এক জায়গার। গাঁদা ফুলের গন্ধ যেমন ছেলেবেলার সরস্বতী পূজোয় মনকে টেনে নিয়ে যায়, পাখির ডাক শুনলেই মনটা যেমন পাখিটাকে দেখতে চায়, ওই অল্প কিছু ভিডিও আমার ওপর ওরকমই প্রভাব ফেলল। বন্ধুর মুখে শুনলাম, ওটা নাকি রূপকথার দেশ, খাবারের স্বাদ নাকি অবর্ণনীয়, কাঞ্চন-জঙ্ঘা মূর্তিমান ভগবানের ন্যায় সদা দৃশ্যমান আর মানুষ জনের নাকি কোনো তুলনা হয়না। লেপচা মানুষদের জন্য সংরক্ষিত সিকিমের এই অংশটিই হলো জঙ্গু। তিস্তা নদীর এক উপনদীর দুই তীরে পাহাড়ের ঢালে সেজে ওঠা বেশ কিছু সুন্দর প্রাণবন্ত গ্রামের ঠিকানা জঙ্গু। বন্ধু আমায় জিজ্ঞেস করল ওদের সাথে যাব কিনা। কই ডুয়ার্স বা সান্দাকফুর কথা ভেবে মনটা এরকম করেনি তো! মনের হাবভাব বোঝা কঠিন! না হলে কি আর একদম এক কথায় আর কিছু না ভেবে, নতুন একটা দলের সাথে একেবারে একটা অচেনা জায়গায় যাবার জন্য হ্যাঁ বলে দিই!

বাবা একটা কথা বলেন, 'ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না'। দুষ্ট ছেলের মতো, বাক্যের প্রথম অংশটি বাদ দিয়ে হ্যাঁ তো বলে দিয়েছি। এবারে বাধ্য ছেলের মতো পরবর্তী অংশটির পালন করতেই হবে, অতএব 'হ্যাঁ' বলার পর আর কোনো ভাবনা চিন্তা দিয়েই সেটাকে 'না' তে রূপান্তরিত করা যাবে না। আসল কথা হলো, জঙ্গুকে দেখার এমন অদ্ভুত অদম্য ইচ্ছেই সব বাধা কাটিয়ে আমায় শেষ অবধি 'বাধ্য ছেলে' করে রেখেছিল। আপনাদের অনেকেই হয়তো এরকম কিছু কিছু বাধা বা জটি-লতার সম্মুখীন হয়েছেন বা হতে পারেন। হয়তো অনেকেই এই সমস্ত জটিলতার কথা শুনতে চান না। কিন্তু মৌয়াল যখন হাজার হাজার হুলের বাধা কাটিয়ে মধু সংগ্রহ করে ফেরে, তার মুখের বেদনা মিশ্রিত হাসি অন্য জয়কে ব্যক্ত করে।

আমার সহধর্মিণী টাইপ ওয়ান ডায়াবেটিক। যখন শরীরে শর্করা প্রথমবার ধরা পড়ে, তার মাত্রা ছিলো ৫০৯ (খালি পেটে)। এখন দিনে পাঁচ বার ইনসুলিন, নিয়মিত শরীরচর্চা ও কড়া খাদ্যাভ্যাসের দৌলতে রক্তে শর্করা মোটামুটি নিয়ন্ত্রণে।

যে বন্ধুটির সাথে যাবার কথা হচ্ছে, তার ডাক নাম নবাব। নবাব জানাল, এটা একটা এক্সপিডিশন টাইপের জিনিস হতে চলেছে। পাকিচু (Paakichu) নামের একটা পর্বত শৃঙ্গ আছে, যেটা সাকিয়ং নামের একটা গ্রাম থেকে আরোহণ করার একটা রাস্তা বের করাই এই এক্সপিডিশনের মূল লক্ষ্য। একটা ভার্চুয়াল মিটিং হলো, সম্ভাব্য যারা যারা যাব তাদের নিয়ে। জানতে পারলাম, সাকিয়ং হল জঙ্গুর সবচেয়ে শেষ গ্রাম। সম্ভবত, এটাই, সিকিম তথা ভারতবর্ষের দিক থেকে কাঞ্চনজঙ্ঘার সবচেয়ে কাছের লোক বসতি। ও, আর একটা কথা, এই গ্রামের ঠিক আগের গ্রামের নাম পেন্টং। সাকিয়ং পৌঁছাতে হলে, গাড়ি থেকে নেমে ঘন্টা তিনেক হেঁটে পেন্টং, সেখান থেকে আরো



ঘন্টা চারেক হেঁটে সাকিয়ং। তারপর গভীর জঙ্গল চিরে আমরা যাব পাকিচুর বেস ক্যাম্প বানাতে। এই সমস্ত কাহিনী তো বইতে পড়ি বা চলচ্চিত্রে দেখি! এইবারে কেন জানিনা আমার মনে হতে শুরু করেছিল, বৌ বুঝি আমার দিনে পাঁচ বার নয়, পঞ্চাশ বার ইনসুলিন নেয়, ঠিক সকাল সাড়ে আটটার সময় দুটো রুটি, ১১২ গ্রামের সবজি, ৩৪ গ্রাম ডাল, ২৫০ গ্রাম দুধের ছানা খায়। দুপুরেও বুঝি ওরকমই কিছু একটা করে ২৫৪৬ টা চালের ভাত ও দুর্লভ কিছু সব্জি না খেলে ওর কি করে চলবে! যাক, দলের বাকিদের সাথে আলাপ হলো। দলে সম্ভবত তিনজন মহিলা ও চারজন পুরুষ। মনের মধ্যে ৫১% হ্যাঁ কে টিকিয়ে রাখলাম। ভাগ্যিস সাকিয়ং-এর জনসংখ্যা আমাদের কাছে তখনো অজানা।

২০২১ সালে অক্টোবর - নভেম্বর নাগাদ হিমালয়ে প্রাকৃতিক দূর্যোগের কারনে বেশ কিছু অ্যাডভেঞ্চার প্রিয় মানুষের মৃত্যু সংবাদ আসে। প্রচুর মানুষ আটকা পড়েন। আর এই সমস্ত খবর নিখুঁত ভাবে ওনাদের পরিবারের কাছে পৌঁছে দিতে ব্যস্ত হয়ে পড়ে নবাব এবং তার সংস্থা। ওরা, নাওয়া খাওয়া ভুলে খবর সংগ্রহে এবং বিলিতে ব্যস্ত। প্রচুর মিডিয়া সঠিক খবরের জন্য তাকিয়ে রয়েছে ওদেরই দিকে। এদিকে আমাদের বাড়ি এবং বন্ধু মহল থেকে, হিমালয়ে ট্রেকিং এর কথা শুনে 'কিন্তু কিন্তু' করা শুরু করে দিয়েছে।

এবার যেটা বলব সেটা দুর্গোৎসবের মতই সার্বজনীন। তা হলো কর্মক্ষেত্রে 'বোকা বোকা' কিছু জটিলতা। ট্রেনে ওঠার ৬ দিন আগে ওসব জটিলতা কাটিয়ে উঠতে পেরে আমি ধন্য এবং মাস মাইনের সাথে সাথে একটু বেড়ু বেড়ু করতে যাবার ছুটি পেয়ে আমি ১০০% তৈরী হতে লাগলাম।

আরো বার দুয়েক ভার্চুয়াল মিট হলো এবং একসাথে কেনাকাটা করার লক্ষ্যে বার দুয়েক নবাব সহ দলের বাকি কিছু সদস্যের সঙ্গে সামনাসামনি কথাও হলো। ওদের পূর্ব অভি-জ্ঞতার গল্প ও জীবন দর্শন আমাদের বেশ ভালো লাগলো। কিভাবে পাহাড়কে ভালোবাসতে বাসতে কিছু কলেজ পড়ুয়া স্বপ্নের ডানায় ভর করে আজ ভারত তথা বিশ্বের কাছে অন্যতম হিমালয়ান মাউন্টেনিয়ারিং অ্যাডভেঞ্চার সংক্রান্ত খবরের প্রধান মাধ্যম হয়ে উঠল তার গল্প শুনলাম একটা গোটা রাত ধরে। এবার মনে হতে লাগলো, এদের সাথে এই এক্সপিডিশনে যেতেই হবে।

ট্রেকিং এর জন্য বিশেষ রকমের জামাকাপড় এবং সরঞ্জাম কিনে রুকস্যাক গোছানো হলো। আমরা যেহেতু প্রথমবার ট্রেকিং এ যাচ্ছি, প্রায় সব কিছুই নতুন কিনতে হয়েছে যেমন ধরুন ডাউন ফেদার জ্যাকেট, ট্রেক প্যান্ট, স্লিপিং ব্যাগ, স্লিপিং ম্যাট, হেড টর্চ, রুকস্যাক, বিশেষ ধরনের ট্রেকিং সু, গেইটারস ইত্যাদি। পকেটের কথা ভাবলে, এটাও একটা চ্যালেঞ্জিং ব্যাপার ছিলো। এর পর ছিলো, পুরো দলের জন্য রেশন কেনা, কারন তিন রাত আমরা টেন্ট খাটিয়ে ক্যাম্প করে থাকব। প্ল্যানিংটা হলো এরকম-

আমরা যে সাতজন যাত্রা শুরু করব, তারা হলো,

সুপ্রতীম (নবাব), নীলাঞ্জন, স্বাগতা, প্রীতম, ঋতুপর্ণা, প্রিয়াঙ্কা ও আমি দেবাশিস -

এ ছাড়াও পোর্টার, গাইড, কুক এনাদের নিয়ে মোটামুটি ১৪-১৫ জনের দল হবে।

আমাদের একটা রেকী টিম সাকিয়ং থেকে পাকিচুর দিকে সম্ভাব্য রাস্তা খুঁজতে জঙ্গলে ঢুকে পড়েছে। ওরা সহজলভ্য জলের উৎসের কাছাকাছি মোট দুটো ক্যাম্প বানানোর জায়গা দেখে আসবে। ক্যাম্প ওয়ানের কাছাকাছি হয়তো ঝর্না পাওয়া যাবে। আরো উপরের ক্যাম্প তথা পাকিচু বেস ক্যাম্প যেটাকে বলবো, সেখানে হয়তো বরফ ফুটিয়ে জলের চাহিদা পূরণ করতে হবে। রেকী টিমে আছে দুজন স্থানীয় হান্টার, যাদের পূর্বপুরুষরা হয়তো ওই গভীর জঙ্গলে শিকার করতে যেত। বেশ একটা ভয় মেশানো অন্যরকম মজা হতে লাগলো। এই জঙ্গলে কি ভাল্লুক আছে! আমাদের প্রধান গাইড মিন্দুপ লেপচা ফোনে জানালো, রেকী টিম ফিরে এলেই অনেক তথ্য পাওয়া যাবে। ওরা ক্যাম্পিং রুটের খবরের অপেক্ষায় আর আমি ভাল্লুকের উপস্থিতির খবরের অপেক্ষায় রইলাম।

আমরা পাঁচ জন শিয়ালদহ স্টেশন থেকে রাত ১১:৫৫ এর নিউ জলপাইগুড়ি যাবার ট্রেন ধরবো। ওই একই ট্রেনে ঋতুপর্ণা উঠবে বর্ধমান থেকে এবং প্রীতম উঠবে মালদহ থেকে। সকা-বেলায় নিউ জলপাইগড়িতে নেমে আমরা চলে যাবো গ্যাংটক। রাতটা গ্যাংটকে কাটিয়ে পরের দিন চলে যাবো বে নামক একটা জায়গায়। গ্যাংটকে থাকার কারন হলো, যেহেতু পেন্টং ও গ্যাংটকের উচ্চতা কাছাকাছি, তাই অ্যাক্লাইমাটাইজেশনে সুবিধে হবে। বে পর্যন্তই গাড়ি যেতে পারবে। ওখানে মিন্দুপজী ও বাকি গাইড - পোর্টারা থাকবেন। আমরা একসাথে ট্রেক করে পৌঁছাবো পেন্টং।

পেন্টংএ দুই রাত একটি হোমস্টেতে কাটাবো। এখানে বলে রাখা ভালো যে জঙ্গুর কিছু কিছু গ্রামে হোমস্টে প্রথা চালু হলেও পেন্টং বা সাকিয়ংকে ওই গ্রামগুলোর তালিকায় ধরা যাবে না। আমরাই হয়তো প্রথম বাইরের কেউ, যারা ওদের বাড়ি গিয়ে থাকবো। তারপর ট্রেক করে রঙগিয়ং নদী পার হয়ে পৌঁছে যাব সাকিয়ং। ওখানে একটা বাড়িতে ওই রাতটা কাটিয়ে পরের দিন ভোর ভোর পাহাড় বেয়ে, জঙ্গল চিরে উঠে যাব ক্যাম্প ওয়ানের দিকে। সারা দিন ধরে হাঁটা!

ক্যাম্প ওয়ান থেকে পরের দিন আরো উপরের দিকে উঠে আমরা পৌঁছাবো পাকিচু বেস ক্যাম্পে। সেখানে হয়তো আমাদের জন্য অপেক্ষা করে আছে লেপচাদের ঠাকুর দার (কাঞ্চনজঙ্ঘার) এক অন্য রকম ছবি। অনেক ম্যাপ স্টাডি করে আমাদের সেরকমই ধারনা হয়েছে। আমিও একটু একটু ম্যাপ পড়তে শিখছি মনে হয়! যাই হোক, পরের দিনটাও আমরা বেস ক্যাম্পের আশপাশের অংশ ঘুরে দেখবো। আমার আশা আছে বেস ক্যাম্পের ওই জায়গাটা জঙ্গল ঘেরা না হয়ে তুষারাবৃত হবে। রাত কাটিয়ে পরের দিন নেমে আসা সাকিয়ং এ। নামার পর সময়টা সম্ভবত হবে ৩১/১২/২০২১ সন্ধ্যা। বর্ষ বরণের রাতে আমরা লিখব একটা নতুন ইতিহাস।

তার পরের দুই রাত, সাকিয়ং বা পেন্টং এ কাটিয়ে গুটি গুটি পায়ে আমরা ঘর মুখো হব।

২৪ এ ডিসেম্বর ট্রেন ধরার জন্য শিয়ালদহ স্টেশন পৌছালাম। আমাদের সিঅফ্ করতে এসেছে দলের পুরনো সাথী মনোজিৎ। ও ব্যক্তিগত কারনে এবার আমাদের সাথে আসতে পারছেনা, কিন্তু গোটা ট্যুরে ও পদে পদে ওর উপস্থিতির কথা জানান দিয়েছে। ও একটা কফির ভর্তি বক্স আমাদের জন্য দিল। মরু-ভূমিতে মরুদ্যানের মত সেই কফি ছিল আমাদের পথের সঙ্গী। স্বাগতা ওদের ফ্রেন্চ প্রেসটা ও ঋতু (ঋতুপর্ণা) ওর ফ্লাস্কটা সঙ্গে নেওয়ায় যখন তখন আমরা কফি ব্রেক নিয়েছি। প্রচুর ব্যাগ রেশন ইত্যাদি নিয়ে আমরা ট্রেনে উঠলাম। যথা সময়ে ট্রেন ছাড়ার পর স্বাগতা খুলল তার বানানো মেথি চিকেনের কৌটো। গোটা কামরা সুগন্ধে ম্ ম্ করে উঠল। ট্রেনের অন্যান্য সহযাত্রীদের মনে মনে দেওয়া গালাগাল ফিল্টার করে কেবল মেথি চিকেন টুকু খেয়ে নিয়ে অল্প আড্ডা মেরে শুয়ে পড়লাম। রাতের ট্রেনে কিছু লোকের ভালো ঘুম হয় আর কিছু লোকের একদমই ঘুম হয়না। নাকডাকার প্রাবল্যতা অনুযায়ী প্রথম শ্রেণীকে আবার অনেক ভাবেই ভাগ করা যায়। আমি চিরকাল এই ব্যাপারে দ্বিতীয় শ্রেণীতে পড়ি। রাতে বর্ধমান থেকে ঋতু ও


বে ব্রিজ



সকালে মালদহ থেকে প্রীতম দলে যোগ দিয়ে দলের গতিবেগ বাড়িয়ে ও ট্রেনের গতিবেগ কমিয়ে দিলো। ট্রেনে আর বিশেষ ঘটনা বলতে, মিন্দুপজীর নীলাঞ্জনকে যোগাযোগ করা ও ফিরে আসা রেকী টিমের তোলা কিছু তথ্য শেয়ার করা। ভাল্লুকের খবরটা বাদ দিলে পুরোটাই আমার কাছে আশাপ্রদ লাগলো। নীলাঞ্জন বলল মিন্দুপজী, ওই রেকী করে আসা টিমের মধ্যে থেকে অভিজ্ঞ দু'জনকে আমাদের সঙ্গে আবার বেস ক্যাম্প পর্যন্ত নিয়ে যাবে। মনকে আশ্বস্ত করলাম এই বলে যে, ওই দুজনের পূর্ব পুরুষদের শিকার করার অভিজ্ঞতা নিশ্চয়ই জীন মারফত ওরা অর্জন করেছে। প্রীতমের আনা মালদহের বিখ্যাত কানসার্ড মিষ্টি ও নবাবের আনা 'মিষ্টি অথচ মিষ্টি নয়' ক্রিম রোলে মনোনিবেশ করলাম।

২৫ এ ডিসেম্বর, নিউ জলপাইগুড়ি স্টেশনে নামলাম। ট্রেকিং সু এর জুতো ঠিক মতো না বাঁধার কারনে প্রথমেই বিপত্তি! তিনখানা মালপত্র নিয়ে স্বাগতা গেল পড়ে। হাঁটুতে ভীষন চোট, ওষুধ ও গরম জলের কৃপায় ওর অবস্থার উন্নতি হতে লাগলো। আমরা কিছুটা আশ্বস্ত হলাম এবং গ্যাংটকের গাড়ি খোঁজার চেষ্টা শুরু করলাম। গোটা দক্ষিণবঙ্গ যেন ওই দিন নিউ জলপাইগুড়ি স্টেশনে ভীড় জমিয়েছে। স্বাভাবিক ভাড়ার প্রায় দ্বিগুণ ভাড়ায় অনেক কষ্টে গ্যাংটকের গাড়ি পাওয়া গেল। সন্ধ্যায় গ্যাংটক পৌঁছে হোটেলে মাল পত্র রেখে, আমরা এম.জি. মার্গে ঘুরতে বেরোলাম। বড়দিনের রাতে চারিদিক আলোয় সেজে উঠেছে। আমরা একটা রেষ্টুরেন্টে ঢুকলাম। নবাব, দলের আর এক পুরানো সাথী রাহুল দাকে এতোটাই মিস্ করছিল যে খাবার আসতে দেরি হওয়ায় মজার ছলে রেষ্টুরেন্টের ম্যানেজার বাবুকে ও 'রাহুল দা' বলেই ডেকে বসল। ভদ্রলোক সাড়াও দিলেন! আমরা আবিষ্কার করলাম, বাকি টেবিল থেকে ওনাকে ডাকলে উনি যতটা না সাড়া দিচ্ছেন তার চেয়েও বেশি সাড়া দিচ্ছেন আমাদের টেবিল থেকে 'রাহুল দা' ডাকে। শেষে ভদ্রলোক আমাদের সাথে পরিচয় করে এতোটাই আনন্দিত হন, যে ডিসকাউন্টের পরিমাণটা অনেকটাই বাড়িয়ে দেন। বেশ কাটলো রাতটা।

পরের দিন সকাল সকাল তৈরী হয়ে, গরম গরম হাত রুটি ও আলুর তরকারি সহযোগে ব্রেকফাস্ট সেরে একটা গাড়ি ধরে পৌছালাম মঙ্গন। সময় লাগল ঘন্টা চারেক। মিন্দুপজীর পাঠানো অন্য একটা গাড়িতে মালপত্র ওঠানো হলো। বিভিন্ন জায়গায় মালপত্র ওঠানো ও নামানোর সময় গুনে নেবার কাজটি স্বাগতা খুব দক্ষতার সঙ্গে করছিল। মিন্দুপজী বলেছিল আমাদের জন্য বসন্তী গাড়ি পাঠাবে। বসন্তী গাড়ি হলো খানিকটা পূজোর ভাসানের গাড়ির মতো। কিন্তু এলো সেই নর্মাল বোলেরো গাড়ি। লেপচা ড্রাইভার দাদা বললো, বসন্তী নাকি খারাপ হয়ে গেছে। মঙ্গণ থেকে আমরা বাকি মুদী বাজার, কাচা সব্জি ও দুটো জ্যান্ত মুরগী কিনে নিয়ে গাড়িতে উঠলাম। মিন্দুপজী বলেছে ওই মুরগী দিয়েই সাকিয়ং এ কাবাব বানিয়ে আমরা বর্ষবরন করব।



পাতিম, কাঞ্চনজঙ্ঘা ও সিঙ্ক

লাভেন ব্রিজের কাছে মিন্দুপজী বাকি দুই গাইড নিমা ও নিমকিত লেপচার সাথে অপেক্ষা করছিল। এখানে মিন্দুপজীর একটু পরিচয় দিই। অ্যালপাইন জার্নালে ভদ্রলোকের নাম আছে গাইড হিসেবে। প্রজাপতি নিয়ে বিশেষ রিসার্চ এর কারনে উনি বেশ বিখ্যাত। আপার ও লোয়ার জঙ্গুর পঞ্চায়েত থেকে ওনাকে বিশেষ সংবর্ধনা দেওয়া হয়েছে। উনি ভারত সরকারের পক্ষ থেকে জঙ্গু অঞ্চলের নদীর গতিবেগ মনিটরিং এর দায়িত্ব পালন করেন। এগুলো যখন শুনেছিলাম তখন মনে মনে অবাক হয়েছিলাম বৈকি। বারংবার বিস্মিত হয়েছিলাম এই ভেবে যে আমি কে আর কাদের সাথে কোথায় কি করতে চলেছি! প্রথমবার মিন্দুপজীর সাথে দেখা হলো। মনে মনে টম ক্রুজ এর মত কাউকে কল্পনা করেছিলাম। দেখলাম সদা হাস্যোজ্জ্বল লেপচা লোকটি অন্য রকম। তার হাঁটা চলা, কথা বলা, মানুষকে আপন করে নেবার মানসিকতা আমার কাছে একেবারেই অচেনা। পরের দিকে লোকটাকে যত দেখেছি তত অবাক হয়েছি। আমার দেখা সেরা মানুষ গুলোর মধ্যে অন্যতম মিন্দুপজী। নিমা একটি মিষ্টি গোলগাল মেয়ে, আর নিমকিতকে প্রথম দেখায় মনে হয়েছিল ওই হান্টার, সব বাধা ও একা সামলে নেবে টিমের পক্ষ থেকে। আমরা ড্রাইভার সহ মোট ১১ জন প্রচুর মাল পত্র আর দুটো জ্যান্ত মুরগি নিয়ে পৌছালাম বে তে বিকেল ৩:৩০ নাগাদ।

খাদ্যরসিক প্রীতম যেন অপেক্ষাই করছিলো মিন্দুপজীর ম্যাগি খাবার প্রস্তাবের জন্য। ওখানে ওই একটিই বাড়ি কাম দোকান। সবাই মিলে পেটপূজো করে পিঠে রুকস্যাক নিয়ে আমরা পেন্টং এর উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম। হেড টর্চটা পকেটে রাখলাম কারন হাঁটতে হাঁটতে হয়তো সন্ধ্যা নেমে আসবে।

একটা লোহার তারের ঝুলন্ত ব্রিজ, প্রায় ১০০ - ১৫০ ফুট লম্বা আর চওড়ায় মেরে কেটে ২ ফুট। এই ব্রিজ পেরিয়েই আমরা বে এর দিকের পাহাড় থেকে পেন্টং এর দিকের পাহাড়ে গেলাম। মাঝে খরস্রোতা পাহাড়ি নদী যেটা ঠলুঙয়ের দিক থেকে আসছে। নদী পেরিয়ে ডানদিকে চলে গেলে ঠলুঙ, আমাদের যেতে হবে বামদিকে। ঢাল বেয়ে বেশ কিছুটা ওঠার পর অপেক্ষাকৃত ভালো রাস্তা পেলাম। ডানদিকে পাহাড় আরো উপরে উঠে গেছে, আর বামদিকে খাদ নেমে গিয়ে মিশেছে সেই নদীটিতে। অন্ধকার নেমে আসছে পাহাড়ের কোলে। আমরা নানান পাখির ডাক শুনতে শুনতে ও পাহাড়ি সন্ধ্যা নামাকে চাক্ষুষ করতে করতে হেটে চলেছি। মিন্দুপজী মাঝে মধ্যেই চেঁচিয়ে বলছে, 'নীলাঞ্জনজী জালদি চালিয়ে, নেহিত ভালু আ জায়েগা'। নীলাঞ্জন বললো, 'হামারে সাথ জো মুরগি হ্যায় ও দেদিজিয়েগা ভালুকো'। হঠাৎ দেখলাম নিমা দাঁড়িয়ে পড়েছে, আমরাও ওর পিছনে গিয়ে দাঁড়ালাম। ও দূরে আঙ্গুল তাক করে দেখাল পেন্টং গ্রাম। আধো আলোতে সেই প্রথম দেখলাম তাকে, মনের মধ্যে রংতুলি দিয়ে যার ছবি এঁকেছিলাম। কিছুক্ষন দাঁড়িয়ে মেলালাম। নিমা, নিমকিত বলল এখান থেকে কাছে মনে হলেও, আমাদের এখনও পাহাড়ের বেশ কিছু বাঁক ঘুরে অনেকটা হেঁটে তবে ওখানে পোঁছাতে হবে। ক্লান্ত পরিশ্রান্ত হয়ে সন্ধ্যে ৮ টার সময় এক অনন্য জগতে পৌঁছালাম। স্যাকটা পিঠ থেকে নামিয়ে আকাশের দিকে তাকিয়ে দেখলাম যেনো লক্ষ্য লক্ষ্য হীরে আকাশের গায়ে কেউ খোদাই করে দিয়েছে। একটা জায়গা বেছে নিয়ে সবাই মিলে বসে অপলক দৃষ্টিতে আকাশ দেখলাম। আমি অন্তত এরকম আকাশ আগে দেখিনি।

বাকি মালপত্র যেমন রেশন, টেন্ট, বাসন ইত্যাদি নিয়ে চার পোর্টার দাদা আমাদের আগেই পৌঁছে গেছে। যখন মাঝপথে ওরা আমাদের অতিক্রম করেছিল, তখনই দেখেছিলাম ওদের অসম্ভব ক্ষমতা ও দক্ষতা। আমরা যেখানে মাত্র একটা রুকস্যাক নিয়ে হাঁটতে হাঁটতে ক্লান্ত হয়ে পড়ছিলাম, ওরা প্রায় চার - পাঁচ গুণ জিনিস নিয়ে মুখে হাসি নিয়ে হেঁটে চলেছে।

বাড়ির মালিক দর্জি লেপচা ছিপ ছিপে চেহারার সদাহাস্যময় যুবক। দর্জি বাড়ির উঠানে বনফায়ার এর ব্যবস্থা করলো। আমরা আগুনের চারপাশে বসে আড্ডায় মাতলাম। উল্টোদিকের পাহাড়ে বিন্দু বিন্দু আলো জ্বলছে, বুঝলাম ওটাই সাকিয়ং। মিন্দুপজী সকলের জন্য একটা করে বাঁশের বানানো পাত্র (কিছুটা বড়ো জল খাবার জগের মতো) নিয়ে এলো। সব কটা পাত্রে একটা করে সরু বাঁশের বানানো পাইপ দেওয়া আছে। জানতে পারলাম ওই পাত্রে মিলেট আর গরম জল আছে, আর এটাকেই ছাং বলে। লেপচা মানুষদের যেকোনো রকম আসরে ছাং অবধারিত। সবাই মিলে উল্লাস করে, পাইপটায় মুখ লাগিয়ে টেনে দেখলাম, অসাধারণ স্বাদ। যাঁরা বিয়ার খেয়েছেন এবং যাঁদের বিয়ার ভালো লাগে তাঁরা যদি একবার ছাং এর স্বাদ

নেন, প্রতিবার বিয়ার জাতীয় পানীয় পান করার সময় তাঁদের ছাং এর কথা মনে পড়বেই। যখনই বাঁশের পাত্রে গরম জল শেষ হয়ে যাচ্ছে, প্রথম প্রথম নিমা - নিমকিত, পরের দিকে আমরা নিজেরাই আগুনের ওপরে রাখা কেটলি থেকে গরম জল ঢেলে নিচ্ছি। অনেক আড্ডা চললো। নিমা ও নিমকিত লেপচা লোকেদের ইতিহাস, সংস্কৃতি ও পরম্পরা নিয়ে অনেক অমূল্য তথ্য দিল। ওদের সবার একটাই পদবী - 'লেপচা'। ওদের বিশ্বাস, যে লেপচা রা প্রকৃতি থেকে জন্ম নিয়েছে, কারো বংশ কোনো এক পাহাড় থেকে, কারো বংশ হয়তো গাছ থেকে, আবার কেউ কোনো নদী থেকে সৃষ্টি হয়েছে। কিন্তু সবার সৃষ্টি হয়েছে ওদের দাদাজী বা ঠাকুরদা তথা কাঞ্চনজঙ্ঘা থেকে। কি সুন্দর সরল বিশ্বাস! হঠাৎ মনে হতে লাগলো, আমাদের বিশ্বাস ও তো একসময় এরকমই সরল নিষ্পাপ ছিল। যত বিপত্তি ঘটেছে বা ঘটছে একে অন্যের ওপর নিজের বিশ্বাস মতামত চাপিয়ে দেওয়াতে বা অন্যের বিশ্বাসকে দমিয়ে দিয়ে নিজের মতামতকে প্রাধান্য দিতে চাওয়ার চেষ্টাতে। একবার আকাশের দিকে তাকালাম আর ভাবলাম কত ক্ষুদ্র আমরা। ভালো লাগলো এই ভেবে যে পৃথিবী জুড়ে এত ক্ষুদ্রতা এত অন্ধকারের মাঝেও লেপচা জাতির মতো আরো কিছু জাতি হয়তো মানবজাতিকে আশার আলো দেখাবে বা দেখাচ্ছে।

ইতিমধ্যে রান্নাঘর থেকে খেতে বসার ডাক এলো। ভাত, ডাল,রাই শাক (সর্ষে শাক) দিয়ে শুয়োরের মাংস আর লঙ্কা ও টম্যাটো থেঁতো করে বানানো তীব্র ঝাল একটা চাটনি। কি অপূর্ব স্বাদ সেই খাবারের। ওই রকম শাক দিয়ে মাংসের সাদামাটা ঝোলের যে ওরকম একটা মোহময়ী আকর্ষণ হতে পারে তা আজ কলকাতায় বসে বসে টের পাই। কোনো মশলা দিয়ে স্বাদ বাড়াতে হয়নি, এত খাঁটি ওখানকার মাটি, জল, বাতাস ও পরিবেশ যে খাবার দাবার এমনি এমনি সুস্বাদু হয়ে ওঠে। ছেলেরা একটা ঘরে আর মহিলার আর একটা ঘরে শুয়ে ঘুমিয়ে পড়লাম। খুব ভালো ঘুম হলো।

পরের দিন ঘুম ভাঙতে দেখি আকাশের মুখ ভার। আমি আর বৌ আশপাশটা ঘুরে দেখলাম। দেখলাম সাকিয়ং গ্রামটা দেখা যাচ্ছে। বাড়ি ঘর গুলো ছড়িয়ে ছিটিয়ে রয়েছে যত্র তত্র, পেন্টিং এর মত গোছানো নয়। ফিরে এসে সবাইকে ঘুম থেকে ওঠালাম। মিন্দুপাজী লাভেনের উদ্দেশ্যে রওনা দিয়েছে অফিসের কাজে, সন্ধ্যের মধ্যে ফিরে আসবে। সবাই রান্নাঘরে গিয়ে বসলাম। গর-মজল ও চা খেয়ে, সবাই দর্জির পরিবারের সাথে গল্পে মাতলাম। হোমস্টের আসল নিয়ম হলো, বাড়ির মালিকের সাথে একসাথে মিলে মিশে থাকা। এরকমটা যেনো কখনোই না হয়, যে গেস্ট বিছানায় শুয়ে শুয়ে অর্ডার করবে চা, ব্রেকফাস্ট বা অন্যকিছুর জন্য। হোমস্টের মজা তো এখানেই, একসাথে গল্পে ও কাজে মেতে উঠে সংস্কৃতি ও পরম্পরার আদান প্রদান করা - এর ফলে যা শেখা যায় তা কোনো বই পড়ে হয়তো শেখা যায়না। দর্জির মিষ্টি মেয়েকে নিয়ে কখনো স্বাগতা কখনও প্রিয়াঙ্কা মেতে উঠল। ওদের একটা ট্র্যাডিশনাল খাবার, টিং মোমো আর সুপ দিয়ে ব্রেকফাস্ট করে সবাই মিলে গেলাম গ্রামের রিনপোচে দেবতার মূর্তির কাছে। বেশ খানিকটা উঠতে হয়। ওখানে গিয়ে আমরা সাকিয়ং গ্রামটা আরো ভালো দেখতে পেলাম। দর্জি আগুন জ্বালালো, স্বাগতা ছবি আঁকলো, সবাই মনজিতের দেওয়া কফি খেতে খেতে আড্ডা মারলাম। ঋতু একা একমনে প্রকৃতি উপভোগ করলো।

বাড়ি ফিরে দেখি, পোর্টার দাদারা বে তে আগের দিনের কিছু রেখে আসা মাল 'লোড ফেরি' করে ফিরে এসেছে। দুপুরে দেশী মুরগীর রাই শাক দিয়ে ঝোল, ডাল আর সেই ঝাল চাটনী সহযোগে ভাত খেয়ে কম্বলের মধ্যে সাতজন একসাথে ঢুকে বসলাম ছেলেদের ঘরে। যত সময় গড়াতে থাকছে আমরা আরো বেশি বন্ধু হয়ে পড়ছি। কদিন আগে আমরা একে অপরকে হয়তো চিনতামও না, কিংবা চিনলেও হয়তো এইভাবে চিনতাম না। বুঝলাম, খারাপ লাগার শেষ থাকলেও ভালোলাগার কোনো শেষ নেই। এই সুন্দর দেশে সুন্দর মানুষগুলোর মধ্যে না এলে এসব হয়তো কোনদিন মনেও হোতো না।

বৃষ্টি দুপুর থেকেই শুরু হয়েছিল। এখনও ঝিরিঝিরি চলছে। কাজেই সন্ধ্যার আসর বসলো রান্নাঘরেই। এদের রান্নাঘরগুলো সবচেয়ে সুন্দর। এককোণে রান্না হয় কাঠের উনানে আর বাকি দিক গুলো অনেক কম উচ্চতার টেবিল ও বসার বেঞ্চ দিয়ে ঘেরা। সেখানে বসে আমরা ছাং এর আর একটা ভার্সন ছিচক্ পান করতে লাগলাম। এটা ওই ছাং এর রসকে ছেঁকে মিলেটের থেকে আলাদা করে নিয়ে আগুনে ফুটিয়ে বানানো। ফুটতে থাকা তরলে ডিমের ভুজিয়া মিশিয়ে দেয়। এই পানিওটাও মন্দ নয়, তবে ছাং এর তুলনা হয়না। পোর্টার দাদারা অতিরিক্ত ছাং খেয়ে গান ধরেছে। নীলাঞ্জন ও প্রীতম এর কাছে শুনলাম পোর্টারদের মধ্যে দুজন পূর্ব পরিচিত। ওদের সবার বাড়ি লাভেন গ্রামে। সরল মানুষগুলো, আমরা যাতে উপভোগ করতে পারি, হিন্দি গান ধরলো। আমরা অনেকবার আবদার করায় লেপচা ও নেপালি গান শুরু করল। তারপর প্রিয়াঙ্কা কথক নৃত্য পরিবেশন করল এবং বাংলা লোকগীতিতে আমরা সবাই নাচলাম। এরপর কাটা হলো কেক। আমরা অনেকগুলো কেক নিয়ে গিয়েছিলাম, কিছু প্রিয়াঙ্কার বানানো কিছু বানানো রাজার বাবার বেকারিতে। রাজা হলো দলের আরেক পুরোনো সদস্য। মনোজিৎ ও রাহুল দার মতো রাজাও এবারে আসতে পারেনি। কিন্তু ওর কাঁধে বিশাল দায়িত্ব। আমরা আসার আগেই বাবা মাদের ফোন নম্বর ওকে দিয়ে এসেছি সবাই। সাকিং থেকে হয়তো মোবাইলে নেটওয়ার্ক থাকবেনা, ও দায়িত্ব নিয়েছে বাড়ির লোকজনদের খবর দেওয়ার। যাক্, রাতে আবার ভালো খাওয়া দাওয়া এবং স্বাভাবিক ভাবেই ভালো ঘুম।

পেন্টিং

আমার ঘুম ভাঙ্গলো ভোর ভোর। জানালার পর্দা সরিয়ে দেখতে পেলাম চাঁদ। চটপট গরম জামাকাপড় চাপিয়ে বাইরে বেরতেই অবাক হয়ে গেলাম। উল্টো দিকের পাহাড়ের গায়ে লেগে রয়েছে সাকিয়ং গ্রাম আর তার ওপরের দিকে তুষারাবৃত পা-কি-চু। রাত ভোরের চাঁদের আলোয় চকচক করছে সে। সবাইকে ডাকলাম, শুধুমাত্র নীলাঞ্জন জানালার পর্দাটা সরিয়ে দিয়ে পাকিচু দেখতে লাগলো। আগের দিন আকাশে মেঘ থাকায় এই দৃশ্য দেখা যায়নি। আমি বউকে সঙ্গে নিয়ে ছবি তুলতে বেরোলাম। কিছুক্ষন পরেই ঝলমল করে উঠলো পুবাকাশ, ধীরে ধীরে পাকিচুর পিকটা লাল হতে শুরু করলো। ততক্ষনে সবাই

বিছানা ছেড়ে বেরিয়ে এসে প্রকৃতির মাঝে রঙের খেলা দেখতে শুরু করেছে। পেন্টিং যখন পুরোপুরি আলোকিত হয়ে উঠলো, আমরা গোছগাছ করে তৈরি হতে লাগলাম। বেশ ভারী রকম লেপচা খাবার দিয়ে ব্রেকফাস্ট সেরে নিয়ে দর্জির পরিবারকে ও পেন্টিং কে বিদায় জানিয়ে হাঁটা শুরু করলাম। আমাদের সমস্ত মালপত্র ও রুকস্যাক রোপওয়ে মারফত চলে যাবে ওপারে। এবারে আমাদের গন্তব্য সাকিয়ং।

বেশখানিকটা চড়াই পেরিয়ে সেই জায়গায় পৌঁছালাম যেখান থেকে ডানদিকে গেলে বে এর দিকে ফিরে যাওয়া যায়। আমরা বামদিকের রাস্তা ধরে মিনিট পনেরো পরে রোপওয়ে পেলাম। কোপিকলের মতো অনেকটা। একটা লোহার ঝুলন্ত বড় পাত্রে আমাদের মালপত্র চাপিয়ে দেওয়া হলো। তারপর লোহার তারে জোরে টোকা মেরে সাকিয়ং এর দিকে নির্দেশ পাঠানো হলো। প্রথম খেপের মালগুলো যাওয়া শুরু হলে আমরা আবার হাঁটা শুরু করলাম। এবারেও ডান দিকে পাহাড়ের দেওয়াল আর বাম দিকে খাদ্ নেমে গিয়ে মিশেছে রঙ্গিয়ং নদীতে। যদি গুগুল ম্যাপ বা গুগুল আর্থ দেখি, এই নদীকেই তিস্তা বলছে। পাহাড়ের গা বেয়ে ক্রমশ নিচের দিকে নামা শুরু করলাম। মাঝে মধ্যেই কেউনা কেউ ধুপধাপ করে পড়ছি সবাই হাসাহাসি করছি আবার উঠে দাঁড়াচ্ছি। আমাদের আছাড় খাবার বহর দেখে আমার ক্যামেরাটা মিন্দুপজী নিয়েছে। ও ফুল, গাছ আর নানান পাখি চেনাতে চেনাতে আমাদের নিয়ে চলল। ঋতু আর নিমকি-তের পড়াটা মনে রাখার মতো, ওটা ক্যামেরা বন্দিও আছে। যে যায়গায় ওরা পড়েছিল তার পরেই একটা পাথুরে ঢাল। মিন্দুপজী ভালো করে গাইড করায় আমরা হামাগুড়ি দেবার মতো করে পাথুরে ঢালটা পার হলাম। শুধুমাত্র মিন্দুপজী, নিমা, নিমকিত, নীলাঞ্জন আর প্রীতমের কোনো অসুবিধাই হলো না ওই জায়গাটা পার হতে। প্রায় ঘন্টা দেড়েক ধরে নেমে চলেছি। প্রীতম থেকে থেকেই সুর করে গেয়ে উঠছে 'নামতে নামতে নামতে থামবে কোথায়....'। একটা ছোট্ট ঝর্না, আমরা কেউ কেউ হাতমুখ ধুয়ে নিলাম। এরপরই পেলাম একটা লোহার পাত বিছানো ব্রিজ যেটা পার হলেই সাকিয়ং এর দিকের পাহাড়। ছোট বেলায় ভূগোল বইতে পড়েছিলাম 'আই' আকৃতির উপত্য-কা, এবার সচক্ষে দেখলাম। নিলচে সবুজ রঙের নদীটা হয়তো হাজার হাজার বছরের চেষ্টায় এরকম উপত্যকা নির্মাণ করেছে। সাকিয়ং এর দিকের পাহাড়টা বেশি খাড়াই, ওদিক থেকেতো আবার একটা বড় ঝর্না ওনেক ওপর থেকে পড়ছে। মিষ্টি ঠান্ডা হাওয়ায় সেই জল ধোঁয়ার মতো হয়ে উড়ে আসছে। আমরা মুখ পেতে তা গ্রহন করছিলাম। আমাদের অন্নপূর্ণা ঋতু মাঝে মাঝেই ওর ব্যাগ থেকে ঠিক সময়ে ঠিক খাবার বের করে আমাদের ভাগ করে দেয়। এবারেও তার ব্যাতিক্রম হলোনা। ডালমুট, মশলা চিড়ে, ঝাল বাদাম এবং লজেন্স চকোলেট সহযোগে জলের ছিটে, নদীর গর্জন, পাহাড়ের বিশালতা আর একটা ছোট্ট পাখির নদীবক্ষে জেগে থাকা পাথরে খেলে বেড়ানো উপভোগ করতে লাগলাম। খাবারের খালি প্যাকেট গুলো নিজের নিজের পকেটে ঢুকিয়ে প্রস্তুত হলাম ওঠার জন্য।

সাকিয়ং এর উচ্চতা পেন্টিং এর চেয়ে বেশি আর এদিকের খাড়াইটাও বেশি। ঘন্টা খানেক চলার পর কষ্ট লাঘব করার জন্য কফি ব্রেক নেওয়া হলো। মিন্দুপজী এবার বুস্টার হিসেবে একটা মন্ত্র শিখিয়ে দিল, 'যানা হ্যায় তো যানাহি হ্যায়'। এটা ও এমন একটা সুরে বলতো যে আমরাও বলা শুরু করলাম। এছাড়াও সবাই মিলে নানান গান গাইতে গাইতে আমরা এপারের রোপওয়ের কাছে পৌছালাম। নিজেদের স্যাক পিঠে নিয়ে আরো কিছুটা উঠে আমরা পৌছালাম যে বাড়িটায় আমাদের থাকার ব্যাবস্থা হয়েছে সেটায়। মোট ঘন্টা চারেক লাগলো আমাদের। যখন রোপওয়ে ছিঁড়ে গিয়েছিল, পেন্টিং থেকে দর্জি লেপচা নাকি এক দিনে এই পথেই মোট চার বার ৫০ কিলোগ্রাম সিমেন্টের বস্তা সাকিয়ং এ পৌঁছে দিয়েছিল।

এদিকের ঠান্ডাটা বেশি। এটা পাহাড়ের উত্তর দিকের ঢাল হওয়ায় সূর্যের আলো কম পড়ে, কাজেই বেশি স্যাঁত স্যাঁতে। আমাদের দুটো ঘর দেওয়া হলো। গতকাল রাত থেকেই নাকি এদিকে বিদ্যুৎ নেই। এই বাড়ির মালিক সোনম পিন্তসো লেপচা ভেবেছিল আমরা হয়তো দুপুরের খাবার পেন্টিং থেকে প্যাক করে নিয়ে বেরিয়ে রাস্তায় করে নেব। তাই উনি আমাদের জন্য রান্না করেননি। শুনলাম এই গ্রামে চাষ আবাদ খুব কমই হয়। অধিকাংশ জিনিসপত্রই পেন্টিং থেকে বা মঙ্গন থেকে পেন্টিং হয়ে রোপওয়ে মারফত এখানে পৌছায়। সোনমই এপার থেকে এই রোপওয়ে চালনা করে। আমার অনুমানে পেন্টিং এর জনসংখ্যা ৭০-৮০ হবে। কিন্তু সাকিয়ং এর জনসংখ্যা মাত্র ২০, তাও সবাইকে একই সময় একসাথে পাওয়া যায়না। কারন, কেউ হয়তো শহরে যায় প্রয়োজনিয় জিনিসপত্র কিনতে, কেউ যায় জঙ্গলে কাঠ কাটতে। শহরে গিয়ে ফেরাটা দিনের দিনে সম্ভব নয়। যাই হোক নিমা ও নিমকিতের উদ্দোগে স্কোয়াস দিয়ে ডালে চালে রান্না হলো। গরম গরম ভাতে ঘি মিশিয়ে আমরা প্রান ভরে খেলাম। সন্ধ্যায় ছাং এর আসর বসল। সকলের পায়েই কম বেশি ব্যাথা হচ্ছিল। বাইরের রান্নাঘরে জল গরম করা চলছিল, আমরা একে একে গিয়ে গরম নুন জলে পা ডুবিয়ে আরাম নিয়ে আসছিলাম। ঠান্ডা জাঁকিয়ে পড়ছে তার সাথে সাথে আকাশের তারা মেঘে ঢেকে যেতে লাগলো। রাতে দেশি মুরগির স্যুপ আর ভাত খেয়ে যখন রান্নাঘরের বাইরে বেরোলাম, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হয়ে গেছে। ভিজে আবহাওয়া ও স্যাঁত স্যাঁতে মন নিয়ে কম্বলের তলায় ঢুকলাম। জানিনা পরের দিন আমাদের ক্যাম্প ওয়ান যাওয়া হবে কিনা। আবহাওয়া খারাপ হলে ওপরের দিকের জঙ্গল বরফে ঢেকে যাবে। সুনির্দিষ্ট উপকরণ ছাড়া বরফে ঢাকা জঙ্গলে খাড়াই ঢাল বেয়ে ওঠা নামা খুবই রিস্কি। মিন্দুপজী রাতে শোবার আগে বলে গেলো, এরকম বৃষ্টি হতে থাকলে পরের দিন অপেক্ষা করা ছাড়া উপায় থাকবে না। আমরা বৃষ্টির শব্দ কানে নিয়ে ঘুমিয়ে পড়লাম।

পরের দিন সকালে ঘুম ভাঙতে বাইরে বেরিয়ে দেখি ঘন মেঘে চারিদিক ভরে আছে। আশার কিরণ সেই মেঘ ভেদ করে আমাদের কাছে আজ আর পৌঁছাবে বলে মনে হয় না। যেন হাত বাড়ালেই মেঘ ছুঁতে পারব। ওপরের দিকের গাছ বরফে ঢেকে



ওপরের দিকের গাছ বরফে ঢাকা

সাদা হয়ে গেছে। ছাতা মাথায় দিয়ে আমরা একে একে সকালের কাজকর্ম সারলাম। এখানে জঙ্গুতে সবার বাথরুম বাড়ির বাইরে একটু দূরে বানানো হয়। সকালে ম্যাগি খেলাম, এই মন খারাপ নিয়ে খাবারের প্রতি মনোনিবেশ করা কঠিন হচ্ছিল। ঠিক করলাম এবার আমরা নিজেদের রেশন ওপেন করবো, নয়তো আমাদের হিসেবের রেশন বেঁচে যাবে। সবাই মিলে রান্না করা হল আলু আর স্কোয়াস দিয়ে ডিমের ঝোল ভাত। গোটা দিনে সবাই মিলে রান্নার ব্যাপারটা সবচেয়ে বেশি ইন্টারেস্টিং ছিল। পরিবারের কর্তা-গিন্নির মতো নীলাঞ্জন ও স্বাগতা কাঠের উনান জ্বালিয়ে রান্নার কাজ শুরু করলো, আমরা সহকারী হিসেবে আলু ছোলা, পেঁয়াজ কাটা ইত্যাদি করলাম। খাওয়া দাওয়া করে আবার কম্বলের ভেতর সবাই মিলে আড্ডা। মিন্দুপজী এলো আড্ডায় যোগ দিতে। ঠিক হলো পরের দিন, মিন্দুপজী, নিমা, নিমকিত, প্রীতম আমাদের হোমস্টের মালিককে সঙ্গে নিয়ে ক্যাম্প ওয়ানের দিকে যাবে ও ছবি ভিডিও তুলে আনবে আর দেখে আসবে আমরা কতদূর যেতে পারবো। আর আমরা, পাসাং লেপচা নামের একজনকে সঙ্গে নিয়ে জঙ্গলে ঢুকে একটু ঘুরে আসবো। কিন্তু পুরোটাই নির্ভর করবে আগামী কালের কিরকম আবহাওয়া থাকে তার ওপর। এখানে বলে রাখি, পাসাং আর সোনম হলো সেই দুজন যারা প্রথমবার রেকী করতে গিয়েছিল এবং আমাদের সঙ্গেও বেস ক্যাম্প পর্যন্ত যাবার কথা ছিল। আড্ডা মারতে মারতে সন্ধ্যে ৭ টা বেজে গিয়েছিল। সাকিয়ং এ সবাই তাড়াতাড়ি খাওয়া দাওয়া করে শুয়ে পড়ে। আমরা রান্না বান্না করছিনা দেখে, সোনমের স্ত্রী সবার জন্য ভাত, ডাল আর আলুর তরকারি বানিয়ে খেতে ডাকলো। বৃষ্টি কিছুটা কমেছে, আমরা রাত না করে ঘুমাতে গেলাম।

সকালে দেখলাম, মেঘের কোলে রোদ হেসেছে কিন্তু বাদল টুটে যায়নি। পূর্বপরিকল্পনা মতো ওরা বেরিয়ে গেলো ক্যাম্প ওয়ানের উদ্দেশ্যে। আমরা ধীরে সুস্থে মুড়ি মাখা খেয়ে পাসাং কে সঙ্গে নিয়ে জঙ্গলে উঠলাম। ততক্ষনে আকাশ বেশ পরিষ্কার, রোদ ঝলমল করছে। পাসাং এর চেহারা একদম হান্টারদের মতো, হলদেটে দাঁত, হাতে গুলতি আর কোমরে গোঁজা কুকরি, কাঁধে ঝোলানো ব্যাগে কি আছে জিজ্ঞেস করার সাহস হয়নি। আমরা গ্রামের মধ্যে দিয়ে উঠে চলেছি। বাড়ি ঘর ইতস্তত ছড়ানো, লোকজন নেই। শুনলাম সাকিয়ং নাকি আগে এতটাও এরকম ছিলোনা। এখানের স্কুলে ছাত্র ছাত্রীরা পড়ত, বাড়ি-গুলোতে লোকজন থাকত। কিছুটা হলেও চাষ আবাদ হতো। ২০১১ তে ভূমিকম্পে একটা দিক ধসে যোগাযোগ বিচ্ছন্ন হয়ে পড়ে। তারপর থেকেই লোকজন ধীরে ধীরে এখান থেকে উঠে গিয়ে অন্য জায়গায় থাকতে শুরু করে। বাড়ি ঘর পেরিয়ে আরো ওপরে উঠতে লাগলাম, জঙ্গল ঘন হতে শুরু করেছে। বেশ খাড়াই পথ। যা বুঝলাম, পাসাং এর মতো দুএকজন ছাড়া এদিকে কেউ আসেনা। পাসাং দেখলাম বট ফলের মতো কি একটা ফল বার দুয়েক কুড়িয়ে মুখে পুরে নিলো। আমরা চকলেট দিলাম ওকে, খুব বিনয়ের সাথে দুহাত পেতে নিলো। ছোট্ট চকলেট ওর মোটা মোটা হাতের তালুতে যেনো হারিয়ে গেলো। লেপচাদের সকলকেই দেখছি ওরা এভাবেই সব জিনিস ভক্তি ভরে নেয়। গ্রামের সীমানা শেষ হলো একটা বাঁশের বেড়া দিয়ে। ওটা বুনো ষাঁড়ের জন্য দেওয়া। পেন্টং এ ঢোকার মুখেও এই রকম বেড়া দেখেছিলাম। জঙ্গলে কত শত বছরের শ্যাওলা ধরা সব গাছ। এরকম গভীর জঙ্গল আমি আগে দেখিনি। অনেকক্ষন ধরে জঙ্গল চিরে ওঠার পর একটা হলদে নাচান পাখি দেখলাম, প্রায় মিনিট পাঁচেক ধরে ওর নাচ দেখলাম। ওঠার সময় একটা লাল রঙের গুমফা দেখেছিলাম গ্রামের মধ্যেই। সবাই ঠিক



করলাম, আর ওপরে উঠে কাজ নেই, বরং ওই গুমফায় গিয়ে আমরা কফি ব্রেক নিই, তাছাড়া ফিরে রান্নাও করতে হবে। আমাদের অন্য দল প্রচুর খিদে নিয়ে ফিরবে, না জানি ওরা এখন কি করছে। গুম্ফায় এলাম পাসাং এর বানিয়ে দেওয়া সরু বাঁশের লাঠিকে ট্রেকিং পোল হিসেবে ব্যাবহার করে। এগুলো অন্য জাতের বাঁশ, শুকিয়ে গেলে পাটকাঠির মতো পট পট করে ভেঙে যায়, হাঁটতে হাঁটতে এরকম অনেক ভেঙেছি আমরা পা দিয়ে।

গুম্ফায় দেখলাম আমাদের এক পোর্টার দাদা, গে ছিরিং দাঁড়িয়ে আছে। সবাই মিলে বিভিন্ন পোজে ছবি তুললাম। আমার ক্যামেরা মিন্দুপজী নিয়ে গেছে, মোবাইল ক্যামেরাই ভরসা। নবাব মোবাইল ফটোগ্রাফিটাকে অন্য মাত্রায় নিয়ে গেছে। মোবাইলের কথায় মনে পড়লো, সাকিয়ং এ একমাত্র প্রীতম আর ঋতুর ফোনে মাঝে মধ্যে নেটওয়ার্ক আসছে। ওরাই রাজাকে কোনো ভাবে আমাদের খবরাখবর দিতে পারছে। এবারে ধীরে ধীরে আমরা নিচে নামলাম। ঠিক হলো ভাত ডাল আর আলুচোখা বানানো হবে, সঙ্গে থাকবে বাটার। শুকনো লঙ্কা ভাজা, পেঁয়াজ ভাজা আর জিরে গুঁড়ো দিয়ে মাখানো হবে আলু, নীলাঞ্জন নাকি এটায় দক্ষ। স্বাগতা প্রিয়াঙ্কা আর ঋতু মিলে কোমর বেধে নেমে পড়লো রান্নার কাজে। ইতি মধ্যে প্রীতমরা ফিরে পড়েছে। ওদের প্যান্ট জামা ভিজে গেছে, মুখ দেখেই বোঝা যাচ্ছে ওরা কতটা ক্ষুধার্ত। সবাই মিলে খাওয়া দাওয়া শুরু হলো বিকেল চারটে নাগাদ। আলুচোখা আর ডাল টা অমৃতের মতো লাগলো। তারপর প্রীতমের থেকে সবকিছু সবিস্তারে শুনবো বলে আবার আমরা কম্বলের গরমে আসর জমালাম। মিন্দুপজীও আড্ডায় যোগ দিলো। ওরা বললো এত বরফ পড়েছে যে আগের বানানো জঙ্গলের রাস্তা সব ঘেঁটে গেছে। বানানো রাস্তায় গাছ পালা এসে পড়েছে, তার ওপর বরফের চাদর পড়ে বিভিন্ন জায়গায় ফাঁদের মতো তৈরি হয়েছে, পা দিলেই হয়তো এক কোমর ঢুকে যাবে। অনেক সময় নিয়ে সাবধানে ওই পথে চলতে হবে, যেহেতু ওরা ক্যাম্প ওয়ান পর্যন্ত পোঁছাতেই পারেনি, আমাদের কেউ জানেনা আরও ওপরে কি অবস্থা হয়ে আছে। কাজেই এবারে পাকিচু আমাদের কাছে অধরা এটা একপ্রকার নিশ্চিত।

গুম্ফা

আমরা আলোচনা করতে লাগলাম তাহলে সাকিয়ং এ বসে থেকে কি লাভ, পরের দিন আমরা বরং লাভেনে চলে যাই। ওখানে গিয়েই বর্ষবরণ করবো, মাঝখান থেকে মুরগী দুটোকে ফ্রী তে সাকিয়ং – পেন্টং ঘোরানো হলো, এই সমস্ত আলোচনা চলছে আর আমরা দুঃখের মধ্যেও হাসির রোল তুলছি। এটা দেখে মিন্দুপজী দেখলাম ভেঙে পড়েছে, আমাদের এত কষ্ট, এত পরিশ্রম জলে যাবে দেখে ওর মন আমাদের চেয়েও খারাপ হয়ে গেলো। আমরা হাসি ঠাট্টা চালিয়ে যেতে লাগলাম, মুরগী গুলো হাসির কেন্দ্রবিন্দু হয়ে উঠল। আমরা জানিও না ওগুলো কোথায় আছে, আদৌ বেচে আছে কিনা। মিন্দুপজীকে আমরা জিজ্ঞেস করলাম ‘ ও মুরগী জিন্দা তো হ্যায় না?’। ও বললো ‘ হাম দেখকে আয়তা হ্যায়’, বলে বেরিয়ে গেলো। অনেক পরে নিমা আর নিমকিত ঘরে ঢুকল, দেখলাম ওদের মুখ শুকিয়ে গেছে, মন খারাপ। ভাবলাম হয় মুরগী উড়ে গেছে নয়তো হারিয়ে গেছে খুব বেশি হলে মরে গেছে। না, মন খারাপের

কারণ অন্য, আমরা লাভেন চলে যাবো বলেছি বলে ওদের মন খারাপ। ওরা আমাদের কিছুই ঘোরাতে পারলনা সেটা ওরা কিছুতেই মেনে নিতে পারছে না। তারপর ওরা প্রস্তাব দিলো যে কাল ভোর ভোর উঠে একটা পয়েন্টে যাবার চেষ্টা করা যেতে পারে যেখান থেকে কাঞ্চনজঙ্ঘার একটা নৈসর্গিক রূপ দেখা যেতে পারে। বে থেকে পেন্টং আসার পথে আমরা সাকিয়ং এর পাহাড়ে একটা শুয়ে থাকা বুদ্ধের মত আকৃতির বিশাল ঢিবি দেখেছিলাম। সেটাই এখানকার লোক স্লিপিং বুদ্ধা বলে। পাকিচু বেস ক্যাম্প যেতে হলে ওই বুদ্ধাকেই ডান দিকে রেখে উঠে যেতে হতো। এই স্লিপিং বুদ্ধা পেন্টং বা সাকিয়ং দু জায়গা থেকেই সদা দৃশ্যমান। নিমা নিমকিতের কথা মতো আমরা যদি যেতে আগ্রহী হইতো আমাদের উঠতে হবে ওই বুদ্ধার পায়ের কাছে। ওরা সোনমকে ডেকে আনলো আমাদের রাজী করানোর জন্য, কারন ও নাকি ওই জায়গায় আগে গিয়েছে। ও আশ্বস্ত করলো যে যদি ভোর ভোর বেরোনো যায় তো একটা অসাধারণ ভিউ দেখা যাবে। আমরা ঠিক করলাম, চলো দেখাই যাক। লাভেন না হয় পরের দিন যাওয়া যাবে। নিমা নিমকিত এর মুখে হাসি ফুটল। তবুও জিজ্ঞেস করে নিলাম মুরগী বেচে আছে কিনা। হো হো করে হেসে উঠলো গোটা ঘর। ঠিক হলো আজ রাতে সবাই ম্যাগী খাবো, নিমা ও স্বাগতা আমাদের জন্য ম্যাগী বানিয়ে নিয়ে এলো। আজ আর কিচেনে গিয়ে খেতে মন চাইলো না কারোর। বিদ্যুতের তখনও কোনো দেখা নেই। ঘড়িতে ভোর ৩:১৫ অ্যা-লার্ম সেট করে রাত ৯ টার মধ্যে শুয়ে পড়লাম।

অ্যালার্ম বাজার ঠিক তিন মিনিট আগে আমার ঘুম ভাঙ্গলো, বাকিদের ডেকে নিজে তৈরি হলাম। সকলের তৈরি হয়ে বেরোতে বেরোতে ৪:১০ হয়ে গেলো। আমাদের নেতৃত্ব দিচ্ছে কুকরি হাতে সোনম, তার ঠিক পেছনেই মিন্দুপজী ও আমরা সাত জন। একদম পেছনে রয়েছে নিমা, নিমকীত ও গে ছিরীং। আগের দিন যে পথে আমরা জঙ্গলের কিছুটা ভেতর পর্য-ন্ত গিয়েছিলাম সেই পথেই চলেছি। পূর্ব আকাশে শান দেওয়া কাস্তের মতো চাঁদটা চক চক করছে। চারিদিক ঘুটঘুটে অন্ধ-কার। আমাদের হেডটর্চের আলোয় শুধুমাত্র নিজেদের সামনের দুই তিন ফুট জায়গা কোনরকমে দেখা যাচ্ছে। মিন্দুপজী ওর মোবাইলে বৌদ্ধ মন্ত্র চালিয়েছে। সেই মন্ত্রের বাঁশির সুর গোটা ব্যাপারটাকে একটা অন্য মাত্রা দিচ্ছে, পরিবেশটাকে আরো মোহময়ী করে তুলছে। পেছন ঘুরে নীচের দিকে তাকালে দেখতে পাচ্ছি কয়েকটা হেডটর্চের আলো হাঁটার তালে তালে ওপরের দিকে উঠে আসছে, কারো মুখ দেখা যাচ্ছে না। মিন্দুপজীর পেছনেই নবাব তার পেছনে আমি। অনুমান করে বুঝলাম আমার ঠিক পেছনেই রয়েছে প্রিয়াঙ্কা, তার পেছনে হয়তো স্বাগতা আর নীলাঞ্জন। গতো কাল যে জায়গা থেকে ফিরে গিয়েছিলাম, সেই জায়গাটা এই মাত্র অতিক্রম করলাম। আমরা ট্রেকিং পোল কিংবা আগের দিনের পাসাং এর বানিয়ে দেওয়া লাঠি ব্যবহার করছি চড়াই এর কষ্ট লাঘব করার জন্য। মাঝে মাঝে মিন্দুপজীর সাথে আমাদের দাঁড়িয়ে পড়তে হচ্ছে কারণ সোনম কিছুটা করে এগিয়ে গিয়ে সহজে ওঠা যায় এমন রাস্তা দেখে হাঁক দিচ্ছে, তারপরেই আমরা উঠছি। এই ছুতোয় কিছুটা বিশ্রামও নিয়ে নিচ্ছি। দেবী অন্নপূর্ণা আগের দিন ঘুমাতে যাবার আগেই লজেন্স, চকোলেট, মিন্ট মিলিয়ে পাঁচ ছয় রকমের হাঁটার কষ্ট লাঘবকারি খাবার সবার জন্য ভাগ করে দিয়েছিল। প্রায় ঘন্টা দেড়েক চলার পর আমার মনে হচ্ছিল আমি আর পারবো না। কোথাও গাছের ডাল বা শিকড় ধরে উঠছি, কোথাও বা গর্ত থেকে ওঠার মতো করে উঠছি। সামনে থেকে নবাব উৎসাহ দিতে থাকছে। যতো উঠছি রাস্তা আরও কঠিন হয়ে আসছে। এবারে কোথাও কোথাও সামনের জনকে দেখা যাচ্ছে না, শুধু ওর নির্দেশ মতো, কোন জায়গায় পা দেবো কোন শিকড় বা পাথর ধরবো বুঝে নিয়ে উঠতে হচ্ছে। শুধু তাই নয়, একই রকম নির্দেশ পিছনের জনকেও দিতে হচ্ছে। এই ভাবে বেশ খানিক্ষণ চলতে থাকলো।

এবারে আমি বলতেই যাচ্ছিলাম একটু লম্বা বিশ্রাম নেবার কথা। কিন্তু ডান দিকে তাকিয়ে যা দেখলাম, তাতে আমার কথা আটকে গেলো। পাতার ফাঁক দিয়ে যা চক চক করে উঠলো তা ভোরের আকাশ নয়, তুষারাবৃত কোনো পর্বতের অংশ। এবারে আর কষ্টে নয়, উত্তেজনায় হাত পা কাঁপতে শুরু করলো। পেন্টং থেকে পাকিচু আর গণেশজীর ডান পাশ দিয়ে একটা শৃঙ্গ ছাড়া এবারের ট্রিপে এখন পর্যন্ত আর কোনো তুষারাবৃত শৃঙ্গ আমরা দেখতে পাইনি। এখানে বলে রাখি, গণেশজী হলো একটা বিশা-লাকার পাহাড়, যার আকৃতি হাতির মাথার মতো এবং এটি প্রায় জঙ্গুর সব গ্রাম থেকেই দেখা যায়। যাইহোক, গাছপালার অন্ধ-কারের মধ্যে থেকে ওই চকচকে পর্বতটা দেখে মনে হচ্ছিল ওটা খুবই কাছে আর ওর লাল রঙ বলে দিচ্ছে যে ওর গায়ে সূর্যোদয় হয়ে গেছে। নিমা নিমকীত আমাদের পাশ কাটিয়ে উঠে গেলো কারণ সামনের রাস্তায় নাকি আরও কষ্টকর, তাই ওরা গাইড করবে একে একে। আমাদের আরও তাড়াতাড়ি উঠতে হবে।

কয়েক ঘন্টায় আমরা যেনো বাচ্চা বেলার শারীরিক ক্ষমতা ফিরে পেলাম। তখন যেমন পাঁচিল টপকাতাম, গাছে চড়তাম, একতলার সানসেড ধরে ঝুলতাম বা সিঁড়ির শেষ ধাপ গুলো লাফিয়ে নিচে নামতাম সেরকম সব কাজ কর্ম করছি। চড়াই উতরাই করতে করতে কে কতটা সামনে বা কে কতটা পিছনে বুঝতে পারছিনা। তবে গলার আওয়াজ শুনে মনে হচ্ছে সবাই কাছাকাছিই আছি। একটা জায়গায় মিন্দুপজী আর সোনম উঠে গিয়ে দড়ি ফেলেছে। ৭০° এর কাছাকাছি আনত পাহাড়ের ঢাল। অন্য এক অভিজ্ঞতা হলো, দড়ি ধরে পা দিয়ে পাহাড়ের গায়ে গ্রিপ করে শরীরটাকে টেনে তোলা, তারপর অন্য পা দিয়ে এটার পুনরাবৃত্তি। ওপর থেকে মিন্দুপজী নির্দেশ দিচ্ছে আর, সোনম, নিমা, নিমকিত, ছিরিং সবাইকে সাহায্য করছে। সবাই ওঠার পর আমাদের সামনে একটা ১৫-২০ ফুটের খাড়াই দেওয়ালের মতো অংশ। মিন্দুপজির দেখিয়ে দেওয়া শিকড়, ডাল, পাতা ধরে একে একে ওপরে উঠলাম। বাতাস ছাড়া যা পেয়েছি তাই ধরেই উঠতে হয়েছে। এবার একটা খাদ, দেখলাম প্রীতম লতা পাতা বেয়ে নেমে গেলো ওকে আর দেখাই গেলোনা। মিনিট পাঁচেক পর, অন্য দিকের উচুঁ জায়গা থেকে ও হাত নাড়ছে আর আনন্দে

আত্মহারা হয়ে লাফালাফি করছে। এরপর ওখানে পৌঁছালো নীলাঞ্জন স্বাগতা। আমিও পাতকুয়ায় নামার মতো করে লতা পাতা ঝোপ ঝড়ের মধ্যে প্রবেশ করলাম। হাত, পা, মাথা আটকে যাচ্ছে, পা এর নিচে মাটি নেই। মিন্দুপজী মাঝে মধ্যে নিজের পা বাড়িয়ে গ্রিপ করার একটা জায়গা করে দিচ্ছে। প্রকাণ্ড এক কাণ্ড করে পৌঁছালাম সেই জায়গায়। আনন্দ উচ্ছাস আবেগ প্রকাশ করার আগেই, পেছনের দিকে এক ঝলক তাকানোর আগেই প্রীতম জড়িয়ে ধরে সামিট সামিট করে উঠলো। তারপর বামদিক ঘুরে যা দেখলাম তাকে ভুলবার নয়।

তুমি কি সে! ভগবান তুমিই! কাঞ্চনজঙ্ঘা!

বসে পড়লাম! ছবি তুলতে মন চাইলো না, আর কোনো দিকে চোখ নড়লো না। পিরামিডের মতো, ধবধবে সাদা, চূড়া থেকে হাল্কা ধোঁয়ার মতো একটু মেঘ উঠে মুকুটের মতো দেখাচ্ছে। রাজা যেনো তার গোটা সাম্রাজ্য চারিদিকে ছড়িয়ে দিয়েছে।

এবার নবাব এলো, ওকে জড়িয়ে আমরা আরেক প্রস্থ লাফালাফি করলাম। ওপার থেকে নিমা বলে উঠলো, আমি নাকি প্রিয়াঙ্কার কথা ভুলেই গেছি। সত্যিই গিয়েছিলাম বোধহয়। যাইহোক এসব না লেখাই ভালো। একে একে ঋতু ও প্রিয়াঙ্কা এপারে এলো। ওদেরও জড়িয়ে ধরে সবাই উচ্ছাস প্রকাশ করলাম। নীলাঞ্জন আমাদের একে একে বাকি শৃঙ্গ গুলো চেনাল। মিন্দুপজী ও বাকিরা এলো। এই জায়গাটার নাম ইংবুনবু।

ইংবুনবুর সামনে যে খাড়াই অংশটা উঠে গেছে সেটাই সেই বুদ্ধার পা। তার ডান পাশ দিয়ে তাকালেই পান্ডিম, তারপর কাঞ্চনজঙ্ঘা, গণেশজীর মাথার সামান্য অংশ, সিন্ত আরও ডানদিকে সিনিওলচু নিডিলস্। সিনিওলচু নিডিলস্ এর ওপরে হয়তো সিনিওলচুর একটুখানি দেখা যাচ্ছে।

বুদ্ধার পায়ের বাম দিকে তাকালে পাকিচুর কিছুটা দেখা যায় কারন বাকিটা বুদ্ধার পা দিয়ে আড়াল করা। বুদ্ধার পায়ের পাশ দিয়ে আমরা যদি মাথার দিকে উঠতে পারতাম তাহলে পাকিচু আমাদের সামনে হতো। আরো বামদিকে যদি তাকাই তো গোটা জঙ্গু উপত্যকাটা দেখা যাচ্ছে। আর তার পরেই লাচেনের দিকের তুষারাবৃত পর্বতমালা।

'ওম তারে তুত তারে সাহা'---. আগুন জ্বালিয়ে খাবারের বিভিন্ন প্যাকেট কেটে, প্রতিটা থেকে একটু একটু করে নিবেদন করে আমরা পূজো করলাম, সোনম ছিল এইপুজোর পুরোহিত। কিছু লজেন্স ও চকলেটও আগুনে দেওয়া হলো। কেক, কফি সহযোগে কাঞ্চনজঙ্ঘা দেখেতে লাগলাম। অনেক ফটো তোলা হলো। বরফ দিয়ে আগুন নিবিয়ে আমরা শুরু করলাম নিচের দিকে নামা। মনের গভীরে কাঞ্চনজঙ্ঘা তার তীক্ষ্ণতা দিয়ে তুষার শুভ্র দাগ কেটে দিলো। ভগবানের এই প্রসাদ পেয়ে আমরা ধন্য।

দড়ি ধরে যেই জায়গায় উঠেছিলাম সেই জায়গায় পৌঁছালাম। আবার দড়ি ফেলা হলো। নীলাঞ্জন ও প্রীতম প্রথমে নেমে গেলো। মিন্দুপজী আমাদের হার্নেস গুলো বের করলো। পা গলিয়ে হার্নস পরতে হয়, এটা দুই থাই আর কোমরে বেল্টের মত আটকে যায়। বেল্টের সামনের দিকে ক্যারাবিনার বা লোহার আংটা লাগিয়ে দড়ির এক প্রান্তের সাথে আটকে দেওয়া হয়। মিন্দুপজী নিজের কোমরে দড়িটা পেঁচিয়ে নিচ্ছে, ও একটু একটু করে দড়ি ছাড়বে আর হার্নেস পরা ব্যাক্তি একটুএকটু করে নিচে নামবে। মিন্দুপজী হলো বিলে ম্যান। প্রথমে প্রিয়াঙ্কা, তারপরে ঋতু ও স্বাগতা একে একে হার্নেস পরে নামলো। এবারে আমার পালা, আমার ওজনটা একটু বাড়িয়ে বললাম যাতে মিন্দুপজী নিজেকে ভালো করে আটকে নেয়, কারন দেখছিলাম, ও এমনি বসে বসেই দড়ি ছাড়ছে। তাও দেখলাম ও ওই ভাবেই বসে রইলো। যাইহোক, দড়ি ধরে ঝুলে পড়লাম। বিলে ম্যান একটু একটু করে দড়ি ছেড়ে নামাচ্ছে, আমার কাজ হলো পাহাড়ের ঢালের দিকে মুখ করে শরীরটা পেছনের দিকে হেলিয়ে দেওয়া আর হাঁটু না ভেঙ্গে পা দুটো হালকা ফাঁকা করে ডানে বা বামে নিজেকে সরিয়ে সঠিক রাস্তা নির্ণয় করা। অন্য রকম অভজ্ঞতা অর্জন করলাম। আমরা এবারে একটু অন্য দিক দিয়ে সর্টকাট নিয়ে নামছি। পরের ঢাল গুলো আমরা হার্ণেস ছাড়াই দড়ি ধরে ধরে নামলাম। এরপর অপেক্ষাকৃত কম ঢাল এলো, কিন্তু জঙ্গল অস্বাভাবিক রকমের ঘন। সোনম আগে আগে কুকরি দিয়ে গাছে চিন্হ দিতে দিতে নিচে নামছে। একটা জায়গায় বসে আমরা মিনিট দশেকের ব্রেক নিলাম। প্রায় তিন ঘণ্টা লাগলো আমাদের নামতে। মাঝে মধ্যেই জল খাবার জন্য আমরা দাঁড়িয়েছি। আমরা ভাবতেই পারছিলাম না এটা আমরা কি করে ফেললাম।

সবাই একই সাথে উত্তেজিত ও ক্লান্ত। নিমা ও নিমকিত দেখলাম ঘাসের ওপর শুয়ে পড়েছে। নীলাঞ্জন উনুন জ্বললো, স্বাগতা ম্যাগী বানানোর তোড়জোড় শুরু করেছে। স্বাগতা আমাদের সবার চেয়ে বয়সে ছোট, কিন্তু কি মনের জোর ওর, ফিরেই সবার জন্য খাবারের আয়োজন শুরু করেছে। মিন্দুপজী, নিমা, নিমকিত আর ছিরিং সাকিয়ং এর স্কুল মাঠে টেন্ট খাটানো শুরু করেছে, আজই তো ৩১ তারিখ! আজ আমরা ক্যাম্পিং করে বর্ষ বরন করব। বাকি দুই পোর্টারকে নিয়ে নবাব মুরগি গুলোর কাবাব পিস বানানোয় লেগে পড়েছে। এদিকে ছাং সহজলভ্য না হওয়ায় আমরা আগেই সোনমকে ছাং আনিয়ে রাখার অনুরোধ করে রেখেছিলাম। সেটাও এসে যাবে। আমি নীলাঞ্জনের বানিয়ে দেওয়া গরম জলে স্নান সেরে বেরিয়ে গরম গরম ম্যাগি খেয়ে শরীরে শক্তি ফিরে পেলাম। স্কুল মাঠ বেশি দুরে নয়। স্যাক গুলো পিঠে নিয়ে সোনমের বাড়ি থেকে স্কুল মাঠের দিকে এগোলাম। ডান দিকে ফাঁকা স্কুল বাড়ি, দরজা জানালাও ভেঙ্গে গেছে। আজও সাকিয়ং এ বিদ্যুৎ আসেনি।

সবাই একে একে টেন্ট গ্রাউন্ডে জড়ো হলাম। মোট চারটে টেন্ট খাটানো হয়েছে, দুটো আমাদের সাত জনের জন্য, একটা নিমা নিমকিত আর অন্য একটা মিন্দুপজী ও পোর্টারদের জন্য। দু জায়গায় আগুন করা হয়েছে, একটায় ভাত আর ফুলকপি আলুর তরকারি হবে আর অন্যটার চারিদিকে আমরা বসে কাবাব বানাবো আর আনন্দ করব। মঞ্চ মোটামুটি তৈরী, এবার সবাই একসাথে বাঁধ ভাঙ্গা হুল্লোড়ে মেতে ওঠার পালা।

আ আ আ আ আ আ আ চুলে! অর্থাৎ লেপচা ভাষায়

মিষ্টি দুটি বাচ্চা



উল্লাস! ছাং সহযোগে পোড়ানো মুরগি বেশ লাগছিলো। প্রিয়াঙ্কা আলু ফুলকপির তরকারি বানাচ্ছে আর স্বাগতা আগুনের ওপরে রাখা চিকেনের টুকরো গুলোতে বাটার বুলিয়ে দিচ্ছে। নীলাঞ্জন আগুন টা ঠিকমতো জ্বালিয়ে রাখছে, প্রীতম শিক গুলো একটু একটু করে ঘোরাচ্ছে আর ঋতু খালি শিকগুলোতে চিকেন ঢুকিয়ে পোড়ানোর জন্য তৈরি রাখছে। মিন্দুপজী কাবাব বানানোর জন্য লোহার শিক আর বাটার লাগানোর জন্য বাঁশের ব্রাশ বানিয়ে রেখেছিল। সবাই মিলে বিভিন্ন ধরনের গান গেয়ে চলেছি। আমি বেশ কিছুক্ষন ঘাস জমির ওপর চিৎ হয়ে শুয়ে আকাশ দেখলাম। মিল্কি ওয়েটা কতো পরিষ্কার। কতো কোটি কোটি গ্রহে হয়ত নতুন বছর শুরু হচ্ছে এখন। সবাইকে আ আ আ আ আ আ চুলে!

সারাদিন ভারী খাবার না খাওয়ার ফলে আর এতটা ধকলের জন্যেই হয়তো স্বাগতা আর প্রিয়াঙ্কা একটু খাবার মুখে তোলার পর আর খেতে পারলো না। নীলাঞ্জন আর ঋতু ও খাবে না বলছিল, কিন্তু আমি একটু জোর করেই ওদের খাওয়ালাম। নবাব, প্রীতম, নিমা, নিমকিত ও মিন্দুপজী আসর জমিয়ে রাখলো। আমরা বাকি পাঁচজন একটা টেন্টে ঢুকে ঘুমিয়ে পড়লাম। ঘুমের ঘোরে শুনতে পেলাম 'হ্যাপি নিউ ইয়ার' !

বছরের প্রথম দিনের সকাল অত্যন্ত রোদ ঝলমলে। আজ আমরা বেশ দেরি করে ঘুম থেকে উঠলাম। পরিষ্কার জামাকাপড় পরে, সকালের কাজ কর্ম সেরে বেশ চনমনে লাগছে। আজ আমরা যাচ্ছি লাভেন, 'লাভলি হেভেন'। আমরা স্যাক গুছিয়ে নিলাম, পোর্টাররা আমাদের রেশন আর টেন্টে গুছিয়ে নিলো ধীরে ধীরে। নিমা গত কালের বেচে যাওয়া চিকেন গুলোর কারি বানিয়ে ফেলেছে। পাসাং আর সোনম সবার জন্য ভুট্টা ভেজে নিয়ে এসেছে। আমরা আগের দিনের ভাত, ফুলকপির তরকারি আর সদ্য বানানো চিকেন দিয়ে ব্রেকফাস্ট সারলাম। রোপওয়েতে আমাদের স্যাক চাপিয়ে সাকিয়ং কে বিদায় জানিয়ে চেনা পথ ধরে হাঁটতে হাঁটতে পেন্টং এর দিকে এগোতে থাকলাম। ইংবুণবু আরোহণ করে আমাদের পা এর অবস্থা খারাপ হলেও মনের জোর অনেকে বেড়ে গেছে। এই চড়াই উতরাই আমাদের কাছে এখন নস্যি। ১২ টায় শুরু করে ১ টার মধ্যেই নিচে নেমে সেই লোহার ব্রীজের কাছে এলাম। দুপুর ২:৩০ নাগাদ পেন্টং এর দিকের রোপওয়ের কাছে পৌঁছালাম। স্যাক পিঠে নিয়ে বে এর উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম। রাস্তায় প্রিয়াংকার খুব কষ্ট হতে লাগলো, সুগার মাপার যন্ত্রে সুগার মাপতে ধরা পড়লো ৪৬৪। আমরা একটু হাঁটার গতি কমিয়ে দিলাম, বিকেল ৪:৩০ টের দিকে বে পৌঁছালাম। বে তে এসে প্রিয়াঙ্কা ইনসুলিন নিয়ে ও হাল্কা কিছু খেয়ে একটু ধাতস্থ হলো। আগে থেকে আমাদের জন্য গাড়ি দাঁড়িয়ে ছিলো। মালপত্র গাড়ির ছাদে ওঠার পর আমরাও গাড়িতে বসলাম। এবারেও বসন্তী না আসায় পোর্টাররা হেঁটে যাত্রা শুরু করলো। আমাদের সবার গন্তব্য লাভেন।

প্রায় ২-৩ ঘণ্টা লেগে গেলো লাভেন পৌঁছাতে। নিমা আর নিমকিত কিছুটা আগেই নেমে গেল, ওদের বাড়ি পাশাপাশি। মিন্দুপজীর অফিসের পাশে একটা বাড়িতে আমাদের রাতে থাকার ব্যবস্থা হয়েছে। শোবার ঘরে বৃদ্ধ বৃদ্ধা থাকেন, আমরা সাতজন থাকবো রান্নাঘরে। আগেই বলেছিলাম এদের সবার



ছিরিং এর রান্নাঘর

বাড়ির রান্না ঘরটাই সবচেয়ে বড়ো আর সুন্দর। এই ঠান্ডায় রান্না ঘরের জ্বলন্ত উনুন আমাদের উষ্ণ করে আবার চাঙ্গা করে দিলো। ঠিক হলো আজ খিচুড়ি রান্না হবে। সবাই মিলে হাতে হাত লাগিয়ে রান্না হলো খিচুড়ি। খেতে বসেছি, সেই সময়ে একে একে আমাদের পোর্টাররা এসে পৌঁছালো। ওরা এতটাই ক্লান্ত যে দাঁড়িয়ে থাকতে পারছে না, মেঝেতে বসে পড়লো। ওদের এই আশ্চর্য ক্ষমতা দেখার পর আমাদের অবাক হওয়া ছাড়া কিছু করার নেই। সেই সকিয়ং থেকে লাভেন ওরা হেঁটে এসেছে! তার পরও ওরা নিজেদের বাড়ি না গিয়ে আমাদের সাথে দেখা করতে এসেছে। এরা যেন আমাদের মনুষ্যত্বের পাঠ পড়ালো। আমরা ওদের সঙ্গে নিয়ে খিচুড়ি খেলাম। ওরা চলে যেতে, নিজের নিজের স্লিপিং ব্যাগ বের করে সবাই শুয়ে ঘুমিয়ে পড়লাম।

কোনো তাড়া না থাকায় আমরা অনেকটা দেরি করেই উঠবো ভেবে-ছিলাম। কিন্তু, বৃদ্ধা দাদিমা রান্না ঘরে গরম জল বসাতে আসায় উঠে পড়লাম। ধীরে ধীরে সবাই উঠলাম আর বাইরে বেরিয়ে দেখলাম এখানে বাড়ি ঘরের পরিমাণ আগের দুটো গ্রামের চেয়ে অনেকটাই বেশি। লাভেনে রাস্তা তৈরির কাজ চলছে। এই গ্রামেও আগে কেউ কোনোদিন ঘুরতে আসেনি। পাড়া প্রতিবেশীরা আমাদের সাথে দেখা করতে আসছে। এখনো কিছু চকলেট অবশিষ্ট থাকায় ঘুরতে আসা বাচ্চা দের দেওয়া যাচ্ছে। বাইরের রোদে বসে আমরা কলকাতা থেকে আনা সসেজ্ দিয়ে আগের রাতের বেঁচে যাওয়া খিচুড়ি খেলাম। কিছুক্ষণ আড্ডা মেরে ফটো তুলে সময় কাটল। এবার মিন্দুপ-জী বললো আমরা একটু গ্রাম দেখতে বেরোব। সকাল হতে না হতেই ছিরিং চলে এসেছিল। ছিরিং বেশ উচ্ছসিত আমাদের ওর নিজের গ্রাম ঘুরিয়ে দেখাবে বলে।

মিনিট পাঁচেক হাঁটার পরেই বাঁদিকে রাস্তাটা বেঁকেছে। মোড়ের মাথায় গিয়ে আমরা হাঁ হয়ে দাঁড়িয়ে পড়লাম। গনেশজীর মাথায় তাজ হয়ে বসে আছে শ্বেত শুভ্র কাঞ্চনজঙ্ঘা। ডানদিকের ঢালটা পাহাড়ের ওপর থেকে নেমে এসেছে, তার গায়ে সাজানো রয়েছে সুন্দর সুন্দর সব বাড়ি। সব মিলিয়ে পুরো দৃশ্যটাই ছিল নৈসর্গিক। বাড়ি গুলোর মধ্যে সবচেয়ে আকর্ষণীয় ছিলো একটা হলুদ লাল বাড়ি। আমরা সবাই ওই বাড়িটা নিয়েই আলোচনা করছিলাম। ছবি তুলতে তুলতে আমরা এগোতে থাকলাম। বাড়িটার কাছাকাছি পৌঁছাতেই ছিরিং বলল ওটা ওরই বাড়ি আর আমাদের ওর বাড়িতে যেতেই হবে। আমরা আর কতবার অবাক হব বুঝতে পারছিলাম না। ওর বাড়ির সামনে বিশাল ব্যালকনি, সেটায় বসে চা সহযোগে কাঞ্চনজঙ্ঘা উপভোগ করলাম। কতই ভালো ভাগ্য হলে এই জায়গার মানুষ হয়ে জন্মানো যায়। এর পর আমরা হাঁটতে হাঁটতে লাভেন গ্রামের শেষ প্রান্তে পৌঁছে একটা উঁচু জাগায় উঠে কফি খেলাম। ছিরিং কোথা থেকে এক থালা টাটকা কমলা লেবু নিয়ে এলো। আজ সব কিছুই আমাদের অবাক করছে, কমলা লেবুর স্বাদটাই বা কি দোষ করলো। ফেরার সময় আবার ছিরিং জোর করে তার বাড়িতে নিয়ে গেল, যদিও বেশি জোর করতে হয়নি। বারান্দাটা সত্যিই আকর্ষণীয়। গিয়ে দেখলাম ও ছাং এর ব্যবস্থা করেছে। ছাং এর আসরে নানান বিষয় নিয়ে আলোচনা চলল। এই ছাং এর স্বাদ আরো ভালো। ছাং এর স্বাদ হয়তো পারিপার্শ্বিক আব-হাওয়া ও মনের খুশি হওয়ার পরিমাণের ওপর নির্ভর করে! কি জানি, কিছু একটা হবে। বেশ ভালো লাগছে!



নামসুং

বিকেল চারটে নাগাদ মিন্দুপজী এক ড্রাম ভর্তি ছাং নিয়ে ছিরিং এর বাড়ি থেকে দাদিমার বাড়ির দিকে রওনা দিল। আমরা বললাম কাঞ্চনজঙ্ঘার বুকে সূর্যাস্ত দেখে তবেই আমরা যাব। নানান আলোচনা, গান ও তর্কের মধ্যে দিয়ে আমরা সময় কাটাতে লাগলাম। স্বাগতা খুব সুন্দর কিছু ছবি আঁকলো। সূর্যের পড়ন্ত বেলার ছটায় কাঞ্চনজঙ্ঘার চূড়া লাল হয়ে উঠছে। সেই আলৌকি দৃশ্যের সাক্ষী হয়ে আমরা দাদিজীর ঘরে ফিরলাম।

আমাদের সাথে ছিরিং ও এলো। ও আজ আমাদের জন্য শুয়োরের মাংস রান্না করবে। আজ থেকে লেপচাদের উৎসব নামসুং। লোসুং (নামসুং) বার্ষিক তিব্বতি চন্দ্র ক্যালেন্ডারের ১০ তম মাসের ১৮ তম দিনে সিকিম রাজ্য জুড়ে উদযাপিত হয়, যা ফসল কাটার মরসুমের শুরুকেও চিহ্নিত করে। লোসুং উৎসবটি সোনম লোসুং হিসাবে, সিকিমের ভুটিয়া দ্বারা এবং লেপচাদের দ্বারা নামসুং হিসাবে পালিত হয়। আমরা বাঁধাকপির তরকারি বানিয়ে ফেললাম। কলকাতা থেকে আনা কিছু সালামি তখনও বেচেঁ আছে। সেগুলো ভাজা শুরু হলো। বাইরের উঠোনে কাঠ দিয়ে আগুনের ব্যবস্থা করা হয়েছে। মিন্দু-পজী একটা বড়ো ডেজকিতে ছাং বানিয়ে আমাদের ডাকাডাকি শুরু করল। সালামি গুলো ভেজে সবাই বাইরে এলাম। ছাং



এর পাত্রে আটটা বাঁশের পাইপ গোঁজা। ডেচকির বাড়ে পাঁচ জায়গায় ঘিয়ের ড্যালা লাগানো এবং ছাং এর ওপরে পাহাড়ি ফুলের পাপড়ি ছড়ানো। সবাই গোল করে দাঁড়াতে মিন্দুপজী এর তাৎপর্য ব্যাখ্যা করল। ঘিয়ের তিনটে ড্যালা হলো দেবতা, আর নিচের দিকের বাকি দুটি ঘিয়ের ড্যালা হল মানবজাতি, একটি মহিলা আর অন্যটি পুরুষ। এই ছাড়া পৃথিবীতে আর কিছু নেই, লেপচা, হিন্দু, মুসলমান, খৃষ্টান, বাঙালী, বিহারী, ভারতীয়, বিদেশি কিছু নেই। ভগবানের সৃষ্টি করা একটাই জাতি, মানব-জাতি। এই মানবজাতির ধারক ও বাহক হল স্ত্রী ও পুরুষ। ছাং এর ওপরে ভেসে থাকা ফুল দেবতার আশীর্বাদের ন্যায় সর্বদা আমাদের মাথার ওপর থাকবে। কত সহজ অথচ সুন্দর। আ আ আ আ আ আ আ চুলে! আমরা সবাই ওই পাইপ গুলোতে মুখ লাগিয়ে এক সাথে ছাং খেলাম। এরপর ওনেকটা দোলের ন্যাড়া পোড়ানোর মত করে আগুন জ্বালিয়ে আমরা দল বেঁধে নাচ শুরু করলাম। মাঝে মধ্যেই একসাথে সবাই এসে যে যার পাইপ বেছে নিয়ে ছাং এ টান মেরে যাচ্ছি। যত সময় গড়াতে থাকল মিন্দুপজীর নাচের ধরন আমাদের বোধগম্যতার বাইরে চলে যেতে থাকল। আমরা একে একে বসে পড়লাম, শুধু প্রি-য়াঙ্কা ওর তালে তাল মিলিয়ে নাচ চালিয়ে গেলো।

'কুসুমে রুমাল, কুসুমে রুমাল....
মায়া কো বারি মা প্রিতি কো ফুলা....'

প্রতিটা দিন আমাদের ভিন্ন ভিন্ন আনন্দ ও অভিজ্ঞতায় পুষ্ট করেছে। আজকের দিনটা যেন

সবকিছুকে ছাপিয়ে গেল। সকাল থেকে রাত পর্যন্ত সবকিছুই নিখুঁত রকমের ভালো। হয়তো আগের দিনগুলো অ্যাডভেঞ্চারে ঠাসা ছিলো বলেই আজকের দিনটা আমাদের কাছে এতো প্রিয় হয়ে রইলো। রাতে সুস্বাদু খাবার খেয়ে মনে মনে 'চিসো চিসো হাওয়ামা....' গুণ গুণ করতে করতে ঘুমিয়ে পড়লাম।

পরের দিনই আমাদের ফেরার দিন। গাড়ি এলো, দাদিজী ও দাদাজী দের বিদায় জানিয়ে আমরা একমন স্মৃতি নিয়ে বাড়ি মুখো হলাম। পথে নিমা ও নিমকিতের বাড়ি, ওরা আমাদের জন্য কমলা লেবু নিয়ে দাঁড়িয়ে ছিলো। জঙ্গু ঢোকার পর সবচেয়ে শুরুর গ্রাম পাসিন্দাম, সেখানেই মিন্দুপজীর বাড়ি। ও ও নেমে গেলো। আমরা যেনো হঠাৎ করে একা হয়ে গেলাম। মিন্দুপজীর ও মন খারাপ!

গোটা জঙ্গুকে জড়িয়ে ধরতে ইচ্ছে করছে, ইচ্ছে করছে নিজের ঠিকানায় জঙ্গু লিখে দিই জোর করে। কিন্তু কিছু ইচ্ছে পূর্ণ না হওয়াই ভালো, 'সব পেলে নষ্ট জীবন'। আমরা বারে বারে ফিরে আসব তোমার কাছে, ভগবানের আশীর্বাদ নিতে, একটু শান্তি জল ছিটিয়ে দিও তুমি।

জঙ্গু তুমি খাঁটি থেকো, সুন্দর থেকো, সবুজ থেকো!
জঙ্গু তুমি ভালো থেকো!



The White Headphones

Aador Chakraborty

My name is Mia and I am ten years old.

Last summer, my family moved into an old house at the end of Maple Street.

The house was kind of creepy. It had three floors, wooden stairs that squeaked, and an attic that smelled like dust and old books. My mom said the house was more than forty years old, but my dad said that was “part of its charm.”

I did not think it was charming.

One Saturday afternoon, Mom told me to help clean the attic.

“Why me?” I asked.

“Because half the boxes up there are going to become your storage,” she said.

So I went upstairs with a flashlight. There were spiderwebs everywhere. I saw an old rocking horse, broken toys, picture frames, and about a million boxes.

Then I found a small blue box behind an old chair. Inside was a pair of white headphones. They looked old, but not broken.

“Cool!” I said. There was also a name written inside the box.

Sally

I took the headphones downstairs.

My dad cleaned them and somehow got them working with my iPad. That night, I used them to watch videos before bed.They worked perfectly.

Until 12:03 AM.

I woke up because I heard music.

At first, I thought it was coming from outside. Then I looked at my desk. The headphones were playing music by themselves. And I did know how I could hear them, because they were not on my ears. Maybe they were on very high volume?

A little kid's voice was singing a toddler's song,

"Snowflake, snowflake, little snowflake…"

I froze.

My iPad was OFF.

The headphones were not even connected to anything. I jumped out of bed and pulled them off the desk. The music stopped.

I threw them inside my drawer and ran to my parents' room.

Of course, they did not believe me.

"You probably left something playing," Dad said.

"But the iPad was off!"

"You were half asleep," Mom said.

I knew what I heard.

The next morning, I asked our neighbor, Mrs. Parker, if she knew who used to live in our house.

Her face suddenly looked serious.

"A family lived there before you," she said. "They had a daughter named Sally."

My stomach felt weird.

"How old was she?"

"About five years."

I swallowed.

"What happened to her?"

Mrs. Parker looked at our house.

"She got very sick during COVID. She never came home from the hospital."

I did not say anything.

Then Mrs. Parker added, "She loved that Snowflake song. She used to sing it all winter."

My whole body got cold.

That night, I put the headphones back in the attic. I buried them under three boxes.

"There," I whispered. "Stay here."

At exactly 12:03 AM, I woke up.

"Snowflake, snowflake…"

My eyes opened. The headphones were sitting on my desk. I screamed.

My parents came running.

This time, they heard the music too. Dad grabbed the headphones. But the song kept playing. There were no batteries. No wires. Nothing. Dad threw them on the floor and stomped on them. CRACK!

The music stopped.

The next morning, he put the broken headphones inside a garbage bag and threw them away.

A few days later, the garbage truck came. I watched it crush the bag. I finally felt safe.

For my 10th birthday, Mom and Dad bought me brand-new purple headphones.

They were shiny and soft and definitely NOT from the attic. I loved them.

That night, I put them beside my bed before going to sleep.

At 12:03 AM, I heard a tiny click.

My eyes opened.

The purple headphones were glowing. Then a little girl's voice whispered,

"Hi, Mia."

I could not move.

And then the music started.

"Snowflake, snowflake, little snowflake…"

This time, another voice was singing with it.


My voice.

The Beauty of the Night

Aarya Laha

In a warm night of June
A gentle breeze sweeps near
Right by the peaceful lagoon
The moon and stars shine clear
Darkness soon sweeps by
The thing most people despise
But can't they see the beauty of the night?
The warm glow of the moon
In the beginning of summer
The owls and crickets wake up soon
The beauty of a summer night is simply divine
So no need to decline
The beauty of the night

PAINTING




Ayushi Haldar Painting



Traditional Hand-Painted Straw Mat by **Nibedita Dutta**

The Lion, the Tiger, and the Monkey

Adrita Pal



Once upon a time, there was a lion. Every morning, the first thing he did was to look for chicken to eat. One morning, a monkey woke up early. He decided to climb a tree and eat some bananas. While eating, the monkey realized that he was near the tiger's cave.

The tiger saw the monkey. He decided to go outside and eat the monkey. The tiger tried to climb the tree, but he could not climb it. The monkey laughed at the tiger.

The tiger became very angry and roared loudly. The lion heard the roar and immediately ran from his den toward the tiger. The lion arrived, attacked and ate the tiger.

While the lion was eating the tiger, the monkey quickly ran away and saved it's life!

Moral: *Do not try to attack others, because if you attack someone, you may soon become a target yourself*




pencil sketch

PAINTING ***Adrita Pal***



Whispers in the Blue

PAINTING *Akshiv Gupta*





PHOTOGRAPHY

by Saurav Nag







Self Portrait by
Anishka Guha


রহস্য রোমাঞ্চ সিরিজ
তাকের ছায়া
দ্বিতীয় অভিযান: মরুর নিঃশব্দ তাল
অরিন্দম চক্রবর্ত্তী



দ্বিতীয় অভিযান: মরুর নিঃশব্দ তাল

১. জল থেকে বালি

গুহার দেয়ালে নীলচে আলোটা একবার জ্বলে উঠল, তারপর নিভে গেল।

অন্ধকারে দাঁড়িয়ে দেবব্রত কেবল নিজের শ্বাস শুনতে পাচ্ছিল। পাশে অনন্যা। একটু দূরে তীর্থঙ্কর দেওয়াল হাতড়াচ্ছে। সুন্দরবনের নদীর তলার সেই অদ্ভুত কক্ষটায় জল ক্রমশ বাড়ছে। একটু আগেই তারা পড়েছে সেই অবিশ্বাস্য বাক্য—

“অরুণশিকার এক নয়, তিন।”

প্রথমে কথাটার মানে নিয়ে ভাবার সময়ই পাওয়া গেল না। গোড়ালি ছোঁয়া জল মিনিট পাঁচেকের মধ্যে হাঁটুর কাছে উঠে এসেছে।

“ইতিহাস পরে পড়িস,” দেবব্রত বলল। “আগে ইতিহাস হয়ে যাওয়া থেকে বাঁচি।”

এই অবস্থাতেও তীর্থঙ্কর হেসে ফেলল। “তোর রসবোধটা বেশ বিরক্তিকর।”

“ধন্যবাদ। এবার বেরোনোর রাস্তা খুঁজুন।”

দেবব্রত হাতের তাম্রফলকটা জামার ভেতর গুঁজে নিল। প্রথম অভিযানে এই জিনিসটার জন্যই এত কাণ্ড। লাল মুখোশের দল, জলের নিচের পুরোনো শহর—সব যেন গত কয়েক ঘণ্টায় নয়, কয়েক বছরের মধ্যে ঘটেছে।

হঠাৎ তীর্থঙ্কর বলল, “এদিকে।”

দেওয়ালের নীচে একটা সরু ফাঁক। বাইরে থেকে জল ঢুকছে বলেই বোঝা গেছে। তিনজনে মিলে পাথরটা সরাতে মিনিট দুয়েক লাগল। ওপারে অন্ধকার সুড়ঙ্গ। কাদা, শ্যাওলা, কাঁকড়ার গর্ত—অ্যাডভেঞ্চার বইয়ে এসব পড়তে ভালো লাগে, নিজের হাঁটুর কাছে কাঁকড়া ছুটলে মোটেই ভালো লাগে না।

দেবব্রত বলল, “পরের বার কেউ আমাকে রহস্যের খোঁজে ডাকলে আমি ফোন ব্লক করে দেব।”

তীর্থঙ্কর পিছন থেকে বলল, “এই কথাটা গতকালও বলেছিলি।”

“গতকাল আমার জুতোর ভিতর কাদা ঢোকেনি।”

সুড়ঙ্গটা ক্রমশ ওপরের দিকে উঠেছে। কিছুদূর হামাগুড়ি দিয়ে এগোতেই দূরে হালকা আলো দেখা গেল। তারপর বাতাস। নোনা, ভিজে, জীবন্ত বাতাস।

আর মিনিট দশেক পরে তারা বেরিয়ে এল একটা গরানগাছের শিকড়ের পাশে।

আকাশ তখন ভোরের দিকে। সুন্দরবনের নদী ধূসর আলোয় নিস্তরঙ্গ। দূরে তাদের মাঝির নৌকোটা নেই। কিন্তু আরেকটি মাছধরা নৌকা থেকে দুজন লোক বিস্ময়ে তাদের দিকে তাকিয়ে আছে।

একজন বলল, “আপনারা মাটি ফুঁড়ে বেরোলেন নাকি?”

দেবব্রত উত্তর দিল, “বিষয়টা একটু লম্বা।”

লোকটা মাথা নেড়ে বলল, “তা বুঝতে পারছি।”

কলকাতায় ফিরতে ফিরতে সপ্তমীর সকাল গড়িয়ে বিকেল। শহর যেন তাদের জন্য সম্পূর্ণ অন্য একটা পৃথিবী সাজিয়ে রেখেছিল।

দক্ষিণেশ্বর থেকে শ্যামবাজার—যেদিকে তাকাও আলো। প্যান্ডেলের সামনে লাইন। নতুন জামার গন্ধ। ফুচকার জল। বাসের হর্নের মধ্যে দূরের ঢাক। গাড়ির জানলা দিয়ে একবার একটা ছোট মেয়ে লালপাড় সাদা শাড়ি পরে বাবার হাত ধরে রাস্তা পার হচ্ছিল। দেবব্রতের হঠাৎ মনে হলো—গত রাতের অন্ধকার গুহাটা হয়তো স্বপ্ন ছিল। এই শহরটাই সত্যি।

তারপর জামার ভেতরে রাখা তাম্রফলকের ঠান্ডা ধাতু গায়ে ঠেকল।

না, স্বপ্ন নয়।
তীর্থঙ্করের উত্তর কলকাতার পুরোনো বাড়িতে তারা দরজা বন্ধ করে ফলকটা টেবিলে রাখল। ভালো করে ধোয়া হলে দেখা গেল মূল লেখার নীচে আরও কিছু দাগ আছে। অনন্যা ডেস্ক ল্যাম্পটা একদিকে সরিয়ে আলো ফেলতেই ক্ষীণ রেখাগুলো স্পষ্ট হলো।
একটা উট।
তার ওপর অর্ধেক সূর্য।
নীচে তিনটি অক্ষর—পুরোনো বাংলা ও নাগরী লিপির মাঝামাঝি দেখতে।
তীর্থঙ্কর চশমা নাকের ডগায় নামিয়ে প্রায় আধঘণ্টা চুপ করে রইল।
দেবব্রত বলল, "তুই যদি এখন বলিস এটা আরেকটা মাত্রার দরজা, আমি বাড়ি যাচ্ছি।"
"না," তীর্থঙ্কর বলল। "এবার ব্যাপারটা অনেক বেশি বাস্তব।"
"কোথায়?"
"রাজস্থান।"
অনন্যা অবাক হলো। "রাজস্থান?"
তীর্থঙ্কর একটা পুরোনো অ্যাটলাস টেনে নিল।
"দেখ। উটের চিহ্নটা সাধারণ। কিন্তু সূর্যের নীচে এই রেখাটা লক্ষ করেছ? দুর্গের মতো। আর পাশে যে তিন অক্ষর—আমার ধারণা 'জৈ-স-ল'। জয়সলমের।"
দেবব্রত ভুরু তুলল। "সুন্দরবনের জলতলা থেকে জয়সলমের? অরুণশিকারের পূর্বপুরুষের ট্রাভেল এজেন্সি ছিল নাকি?"
অনন্যা হাসল। কিন্তু তীর্থঙ্কর হাসল না।
"এটাই মজার ব্যাপার। আমরা ধরে নিয়েছিলাম অরুণশিকার বাংলার গোপন ঐতিহ্য। হতে পারে ধারণাটাই ভুল।"
সে তাম্রফলকের পিছনের অংশে আঙুল রাখল।
"এখানে আরও একটা শব্দ আছে—'পথতাল'।"
"মানে?"
"তাল যে পথের সঙ্গে ভ্রমণ করেছে।"
ঘরটা কয়েক সেকেন্ড চুপ হয়ে রইল।
বাইরে পুজোর ঢাক বেজে উঠেছে। অঞ্জলির মাইক থেকে কারও গলা ভেসে আসছে। সেই পরিচিত শহুরে বিশৃঙ্খলার মধ্যে দেবব্রতের মনে হলো, রহস্যটা হঠাৎ আরও বড় হয়ে গেছে।
তাল যদি ভ্রমণ করে থাকে, তবে কে নিয়ে গিয়েছিল?
কখন?
কেন?
অনন্যা বলল, "তোমার বাবার কোনো রাজস্থান-যোগ ছিল?"
"যতদূর জানি না।"
তীর্থঙ্কর বলল, "তোর বাবার নয়। তোদের বংশের হতে পারে।"
এরপর সে আলমারি থেকে একটি পুরোনো নোটবুক বার করল।
তীর্থঙ্করের ইতিহাসবিদ হওয়ার সবচেয়ে বিরক্তিকর দিক হলো, তার বাড়িতে প্রশ্ন করলে উত্তর না দিয়ে সে আরেকটা বই বের করে।
"সতেরো থেকে উনিশ শতকের মধ্যে বাংলার ব্যবসায়ী, কারিগর, সৈনিক, সন্ন্যাসী—অনেকেই উত্তর ও পশ্চিম ভারতে যাতায়াত করত। মুঘল আমলের সড়কব্যবস্থা, পরে বাণিজ্য-পথ—আগ্রা, দিল্লি, রাজস্থান, সিন্ধ—সবই সংযুক্ত ছিল।
জয়সলমের ছিল বড় কাফেলা-শহর। ভারত, সিন্ধ, পারস্য, মধ্য এশিয়ার মধ্যে পণ্য যেত।"
"ঢাকও যেত?" দেবব্রত জিজ্ঞেস করল।
"যদি ঢাকি যায়, ঢাক কেন যাবে না?"
অনন্যা ফলকের ওপর আবার আলো ফেলল।
এইবার অন্য একটা চিহ্ন দেখা গেল।
একটা ছোট বৃত্ত। তার ভিতরে আটটি বিন্দু।
তীর্থঙ্করের মুখ বদলে গেল।
"এটা আমি আগে দেখেছি।"
"কোথায়?"
"কলকাতায় নয়। জয়সলমেরের একটা উনিশ শতকের ব্যবসায়ী পরিবারের হিসাবখাতার ছবিতে। বছর চারেক আগে একটা কনফারেন্সে।"
দেবব্রত চেয়ারে হেলান দিল।
"তাহলে আমরা যাচ্ছি?"
তীর্থঙ্কর জানলার বাইরে তাকাল। আলোয় ভাসা প্যান্ডেল। ঢাক বাজছে। বাতাসে ধুনোর গন্ধ।
"আজ সপ্তমী। কাল অষ্টমী। পরশু রওনা হলে—"
অনন্যা বাধা দিল। "পরশু দেরি হয়ে যেতে পারে।"
"কেন?"
অনন্যা তার ফোন এগিয়ে দিল।
স্ক্রিনে একটা ছবি।
তীর্থঙ্করের বাড়ির সামনের রাস্তা। মিনিট দশেক আগের।
দূরে একটা লোক দাঁড়িয়ে।
মুখে লাল মুখোশ।
ছবির নীচে লেখা—
"দ্বিতীয় তাল মরুতে ঘুমিয়ে আছে। দশমীর আগে জাগবে।"
দেবব্রত দীর্ঘশ্বাস ফেলল।
"আমি কি অন্তত অষ্টমীর ভোগটা খেয়ে যেতে পারি?"

অষ্টমীর অঞ্জলি দিয়ে তারা বেরোল।
এ নিয়ে দেবব্রত কোনো আপস করতে রাজি হয়নি।
সকালবেলা পাড়ার পুজোয় দাঁড়িয়ে যখন পুরোহিত মন্ত্র পড়ছিলেন, তখন রাতের গুহা, লাল মুখোশ, তাম্রফলক—সব কয়েক মিনিটের জন্য দূরে সরে গিয়েছিল। দেবব্রত চোখ বুজে ছিল। চারদিকে ফুলের গন্ধ, ঢাকের মৃদু তাল, শঙ্খধ্বনি ।
তার মনে হলো, এতদিন সে দুর্গাপুজোকে শুধু স্মৃতি হিসেবে দেখেছে। নিউ জার্সিতে বসে হারানো শহরের জন্য মনখারাপ করেছে। এবার বুঝছে—উৎসবটা আসলে জায়গা নয়। একটা ছন্দ। মানুষকে এক জায়গায় টেনে আনার ছন্দ।
অঞ্জলির পরে খিচুড়ি খেতে খেতে তীর্থঙ্কর বলল, "তুই তৃতীয়বার লাবড়া নিলি।"
"রাজস্থানে গিয়ে কী খাব জানি না। রিস্ক নেওয়া যাবে না।"
অনন্যা বলল, "রাজস্থানে খাবার নেই, এই ধারণাটা আরেকটা ঐতিহাসিক ভুল।"
দেবব্রত উত্তর দিল, "আমি ইতিহাস সংশোধন করতে রাজি,

খালি পেটে নয়।”
সেদিন বিকেলের ফ্লাইটে তারা কলকাতা থেকে দিল্লি, সেখান থেকে যোধপুর। রাতটা যোধপুরে কাটিয়ে পরদিন সকালে গাড়িতে জয়সলমের।
সুন্দরবনের জল থেকে মরুভূমির বালি—কোনও জাদুর দরজা নয়, কয়েকটা বিমানবন্দর, এক রাতের কম ঘুম, আর চার ঘণ্টার হাইওয়ে।
তবু বদলটা কম আশ্চর্য লাগল না।
যোধপুর ছাড়িয়ে যত পশ্চিমে গাড়ি গেল, সবুজ পাতলা হতে লাগল। রাস্তার দুপাশে মাটি ফিকে সোনালি। আকাশ বিশাল। দূরে দূরে কাঁটাঝোপ। মাঝে উট, মোটরবাইক, ট্রাক।
দেবব্রত জানলা দিয়ে তাকিয়ে বলল, “এখানে আকাশের পরিমাণ একটু বেশি নয়? নিউ জার্সিতে আকাশও পার্কিং লটের মধ্যে মাপা।”
দুপুরের পরে দিগন্তে প্রথম দেখা গেল জয়সলমের দুর্গ।
সোনালি পাথরের বিশাল কাঠামো রোদে এমনভাবে দাঁড়িয়ে আছে যেন মরুভূমি নিজেই একখণ্ড পাথর তুলে শহর বানিয়েছে।
অনন্যা নিঃশব্দে বলল, “সোনার কেল্লা...”
তীর্থঙ্কর মাথা নাড়ল।
“দ্বাদশ শতকে রাওয়াল জয়সলের প্রতিষ্ঠিত শহর। পরে শতাব্দীর পর শতাব্দী কাফেলার বাণিজ্যে সমৃদ্ধ। সিন্ধ, গুজরাট, উত্তর ভারতের পথ—সব এখান দিয়ে চলত।”
দেবব্রত তাম্রফলকটা ব্যাগের ভিতর ছুঁয়ে দেখল।
কোনও এক সময় বাংলার একটা তালও কি এই পথ দিয়ে এসেছিল?
গাড়ি শহরের ভিতরে ঢোকার ঠিক আগে রাস্তার পাশে একটা ছেলেকে দেখা গেল।
সে হাতে ছোট্ট লাল কাগজের মুখোশ বিক্রি করছে।
দেবব্রতের বুক কেঁপে উঠল।
ছেলেটা হাসতে হাসতে একটা মুখোশ গাড়ির দিকে তুলে ধরল।
তারপর হাত ঘুরিয়ে মুখোশের পিছনটা দেখাল।
কালো কালিতে আঁকা—
আটটি বিন্দু।

২. সোনার শহরের পুরোনো সুর

জয়সলমেরের পুরোনো শহরে সময় একটু অন্য গতিতে চলে। সকালে দুর্গের গলিতে হাঁটলে মনে হয় পাথরের দেওয়ালগুলো রাতে নিজেদের মধ্যে গল্প করেছে, এখন পর্যটক আসায় চুপ করে গেছে। হলুদ বেলেপাথরের বাড়িগুলোতে সূর্য পড়লে রঙ বদলে যায়—সোনালি থেকে মধু, মধু থেকে তামাটে।
দেবব্রতদের থাকার ব্যবস্থা হয়েছিল দুর্গের বাইরে এক ছোট হাভেলি-হোটেলে। মালিকের নাম মহেন্দ্র ব্যাস। তীর্থঙ্করের এক সহকর্মী আগেই যোগাযোগ করে দিয়েছিল।
মহেন্দ্র তাদের ঘরের চাবি দিয়ে বলল, “দশেরার সময় ভিড় থাকবে। সন্ধেয় শহরে অনুষ্ঠানও আছে। কিন্তু আপনারা যদি পুরনো নথি দেখতে এসে থাকেন, রুক্মিণীজির সঙ্গে কথা বলুন।”
“রুক্মিণীজি?”
“রুক্মিণী ব্যাস। আমার পিসি। আর্কাইভে কাজ করেছেন। কাউকে তেমন পাত্তা দেন না।”
“আমাদের দেবেন?”
মহেন্দ্র দেবব্রতের দিকে তাকাল।
“আপনারা কলকাতা থেকে এসেছেন?”
“হ্যাঁ।”
“তাহলে হয়তো দেবেন।”
এই উত্তরটা মোটেই আশ্বস্ত করার মতো নয়।
বিকেলে রুক্মিণী ব্যাসের সঙ্গে দেখা হলো একটি পুরোনো বাড়ির দোতলায়। বয়স সত্তরের কাছাকাছি। রুপোলি চুল শক্ত করে বাঁধা। চোখ তীক্ষ্ণ। ঘরে বই, হিসাবখাতা, মানচিত্র, পুরোনো ফটোগ্রাফ।
তীর্থঙ্কর নিজের পরিচয় দিতেই তিনি বললেন, “ইতিহাসবিদ?”
“জি।”
“তাহলে প্রথমে একটা কথা মনে রাখবেন—যে গল্প খুব সুন্দর শোনায়, সেটাই প্রথমে সন্দেহ করবেন।”
দেবব্রত মৃদুস্বরে বলল, “আমাদের গত তিনদিনে যে গল্প হয়েছে, তার অর্ধেকও সুন্দর শোনায় না।”
রুক্মিণীর ঠোঁটের কোণে হাসি ফুটল।
তাম্রফলকটা দেখার পরে অবশ্য তার মুখ থেকে হাসি উধাও।
তিনি গ্লাভস পরে ফলকটা হাতে নিলেন। অনেকক্ষণ কোনও কথা বললেন না।
তারপর বললেন, “আট বিন্দুর চিহ্নটা কোথায় পেলেন?”
“সুন্দরবনে।”
“কীভাবে?”
তীর্থঙ্কর বলল, “সে গল্পটা একটু দীর্ঘ।”
“আমার বয়স হয়েছে। সময় কম। সংক্ষেপে বলুন।”
সংক্ষেপে বলা গেল না।
শুনে রুক্মিণী কয়েক মিনিট নীরব রইলেন।
তারপর একটা লোহার আলমারি খুলে চামড়ায় বাঁধানো মোটা খাতা বের করলেন।
“এটা একটা বণিক পরিবারের বহিখাতা। মূল খাতা সতেরো শতকের গোড়ার। তবে এর মধ্যে কিছু কপি আরও পুরনো দলিল থেকে নেওয়া।”
পাতাগুলো মারোয়ারি হিসাবলিপি, কোথাও নাগরী, কোথাও ফারসি শব্দে ভরা।
এক জায়গায় রুক্মিণী আঙুল রাখলেন।
আটটি বিন্দু।
ঠিক সেই চিহ্ন।
তার পাশে লেখা একটি নাম—
“যদুনাথ ঢাকি, গৌড়দেশ।”
দেবব্রতের মুখ শুকিয়ে গেল।
“ঢাকি?”
রুক্মিণী বললেন, “এই কারণেই আপনাদের কলকাতা থেকে

আসার কথা শুনে দেখতে চেয়েছিলাম।”
তীর্থঙ্কর চশমা পরিষ্কার করল। উত্তেজিত হলে সে সবসময় চশমা পরিষ্কার করে।
“তারিখ?”
“সতেরো শতকের শেষ দিক বলে অনুমান। এটা মূল দলিল নয়, পরে কপি করা। লেখায় বলা হয়েছে, এক কাফেলার সঙ্গে পূর্বদেশ থেকে একজন বাদ্যকার এসেছিলেন। তিনি কোনও সাধারণ দরবারি শিল্পী ছিলেন না। সঙ্গে ছিল অদ্ভুত কাঠের এক বাদ্যযন্ত্র এবং তিনটি ব্রোঞ্জের পাত।”
“অরুণশিকার?” অনন্যা জিজ্ঞেস করল।
রুক্মিণী তাকালেন।
“শব্দটা এখানেও আছে। তবে একটু অন্যভাবে—‘অরুণ শিকার’ নয়, ‘অরুণের শিকার’। হয়ত অনুবাদ করা কঠিন।”
দেবব্রত বলল, “আমরা তো ভাবছিলাম এটা কোনও সংঘ।”
“হতে পারে। আবার কোনও ছন্দের নামও হতে পারে। একটা বস্তু, একটা সংগঠন আর একটা ধারণা—একই নাম বহন করতে পারে। ইতিহাস এমন জিনিসে ভর্তি।”
তিনি পরের পাতা খুললেন।
সেখানে একটা আঁকা মানচিত্র। জয়সলমের শহর, দুর্গ, পশ্চিমে বালিয়াড়ি। একটা বিন্দুর পাশে লেখা—
“যেখানে বালি গান করে।”
অনন্যা ফিসফিস করে বলল, “singing dunes”
রুক্মিণী মাথা নাড়লেন।
“কিছু শুকনো বালিয়াড়িতে নির্দিষ্ট অবস্থায় বালি নেমে গেলে গভীর গুঞ্জন শোনা যায়। বৈজ্ঞানিক ঘটনা। কিন্তু পুরোনো লোকেরা তাকে নানা নামে ডাকত।”
তীর্থঙ্কর বলল, “তাহলে দ্বিতীয় তাল ওখানেই?”
“অত তাড়াতাড়ি সিদ্ধান্ত নেবেন না।”
রুক্মিণী আরেকটা কাগজ বার করলেন।
এবার একটা চিঠি।
ইংরেজিতে লেখা। ১৯১১ সালের তারিখ।
এক ব্রিটিশ সার্ভেয়ার লিখেছেন—মরুভূমিতে মাপজোক করতে গিয়ে তিনি এমন এক ভূগর্ভস্থ ঘর পেয়েছিলেন যেখানে “bronze plates responded to percussion from a native drum.”
তীর্থঙ্কর পড়ে থমকে গেল।
“তারপর?”
“তারপর দলিল শেষ।”
“সার্ভেয়ারের কী হয়েছিল?”
“তিন সপ্তাহ পর নিখোঁজ।”
ঘরটা হঠাৎ যেন ঠান্ডা হয়ে গেল।
দেবব্রত বলল, “এই ধরনের তথ্য আগে বললে ভালো হয়।”
রুক্মিণী শান্ত গলায় বললেন, “রহস্যের গল্পে সব তথ্য আগে দিলে বই বিক্রি হয় না।”
অনন্যা হেসে ফেলল।
কিন্তু দেবব্রত হাসতে পারল না।
কারণ জানলার বাইরে, বিপরীত ছাদের ওপর, এক মুহূর্তের জন্য সে লাল কিছু নড়তে দেখেছে।

সন্ধ্যায় জয়সলমের যেন অন্য শহর।
দশেরার উৎসব সামনে। বাজারে রঙিন কাপড়, প্রদীপ, মিষ্টির দোকান। ঢোল, নাগারা, শঙ্খ নয়—এখানে খরতাল, ঢোলক, কখনও দূরে কামাইচার দীর্ঘ সুর।
দেবব্রত একটা দোকানের সামনে দাঁড়িয়ে গেল।
দোকানের বাইরে বসে সাদা গোঁফওয়ালা এক বৃদ্ধ খরতাল বাজাচ্ছেন। তাঁর পাশে তরুণ একজন কামাইচা ধরেছে।
সুরটা শুনেই দেবব্রতের শরীরের ভিতর কোথাও চমক লাগল।
এই তাল সে চেনে না।
তবু এর একটা অংশ অদ্ভুতভাবে পরিচিত।
সে অজান্তে আঙুল দিয়ে হাঁটুর ওপর তিনবার টোকা দিল।
বৃদ্ধ বাজনা থামিয়ে তার দিকে তাকালেন।
“আবার করুন।”
দেবব্রত অপ্রস্তুত। “কী?”
“যেটা করলেন।”
সে আবার টোকা দিল।
টক—টক... টকটক।
বৃদ্ধের চোখ সরু হলো।
“এই তাল কোথায় শিখেছেন?”
“বাংলায়।”
“অসম্ভব।”
তীর্থঙ্কর এগিয়ে এল। “কেন?”
বৃদ্ধ নিজের পরিচয় দিলেন—ইকবাল খান, মাঙ্গানিয়ার সংগীতশিল্পী। তাঁর পরিবার বহু প্রজন্ম ধরে মরু অঞ্চলের লোকসঙ্গীত পরিবেশন করে।
ইকবাল বললেন, “আমার দাদার কাছে একটা পুরোনো সুর ছিল। নাম বলতেন ‘পূরবের ডাক’। পুরো সুর কেউ বাজাত না। একটা অংশ খরতালে, একটা অংশ নাকি বড় ঢোলে।”
দেবব্রত ধীরে বলল, “ঢাক?”
“হতে পারে।”
ইকবাল খান দোকানের পিছন থেকে একটা পুরোনো কাঠের বাক্স আনলেন। তাতে কাপড়ে মোড়া ছোট পিতলের চাকতি।
চাকতির কিনারে আটটা ক্ষুদ্র গর্ত।
আট বিন্দু।
এইবার তীর্থঙ্কর চশমা পরিষ্কার করল না। শুধু তাকিয়ে রইল।
ইকবাল বললেন, “এটা আমাদের বাড়িতে অন্তত পাঁচ পুরুষ ধরে আছে। কেউ জানে না কী কাজে লাগে। দাদা বলতেন—পূরবের লোক ফিরলে তাকে দিতে।”
“আপনি আমাদের চেনেন না,” অনন্যা বলল।
“চিনি না।”
“তাহলে দিচ্ছেন কেন?”
ইকবাল হেসে বললেন, “লোক চেনার জন্য সবসময় নাম লাগে না। কখনও তাল লাগে।”
চাকতিটা দেবব্রতের হাতে যেতেই ক্ষীণ একটা ঝংকার হলো।
কেউ ছোঁয়নি।



চারজনই শুনল।
আর দোকানের সামনে দিয়ে ঠিক তখনই একটা মোটরবাইক চলে গেল।
পিছনে বসা লোকটির মুখে—
লাল মুখোশ।

রাতে হোটেলে ফিরে তারা দরজা দুবার পরীক্ষা করে বন্ধ করল।
তীর্থঙ্কর বলল, "কাল ভোরে বালিয়াড়ির দিকে যাব।"
অনন্যা তাম্রফলক, মানচিত্র আর পিতলের চাকতি বিছানায় সাজিয়ে রেখেছে।
দেবব্রত জানলা বন্ধ করতে গিয়ে থেমে গেল।
দূরের দুর্গ আলোয় ঝলমল করছে। শহরের মেলা থেকে গান ভেসে আসছে। এক মুহূর্তের জন্য তার নিউ জার্সির বাড়ির কথা মনে পড়ল।
"কী ভাবছ?" অনন্যা জিজ্ঞেস করল।
"ভাবছি আমার সবচেয়ে বড় সমস্যা একসময় ছিল সোমবারের মিটিং।"
"মানুষের উন্নতি হয়েছে।"
দেবব্রত হাসল।
ঠিক তখনই ঘরের আলো নিভে গেল।
পুরো হোটেল নয়।
শুধু তাদের ঘর।
তারপর অন্ধকারে—
টক।
একটা শব্দ।
আরেকটু পরে—
টক... টক।
পিতলের চাকতি নিজে থেকে কাঁপছে।
তীর্থঙ্কর ফোনের টর্চ জ্বালাল।
বিছানার ওপর তাম্রফলকের আটটি বিন্দুর মধ্যে সাতটি কালো।
একটি লাল।
আর সেই লাল বিন্দু ধীরে ধীরে নড়ে মানচিত্রের পশ্চিম দিকে চলে যাচ্ছে।
যেখানে লেখা—
"বালি গান করে।"

৩. গান গাওয়া বালিয়াড়ি

ভোরবেলা জয়সলমেরের শহর পিছনে ফেলে জিপ যখন পশ্চিমে চলল, তখনও আকাশ ফিকে নীল।
ইকবাল খানও সঙ্গে। তিনি সহজভাবে বলেছিলেন, "চাকতি যদি যাচ্ছেই, আমিও যাব।"

রুক্মিণী যেতে চাননি। তবে যাওয়ার আগে একটি পুরোনো কম্পাস, দুটো রুক্ষ কাগজ আর একটা ছোট শব্দ-রেকর্ডার দিয়েছেন।
"মরুভূমিতে চোখের চেয়ে কানে বেশি বিশ্বাস করবেন," তিনি বলেছিলেন।
দেবব্রত বলেছিল, "আমাদের গত কয়েকদিনের অভিজ্ঞতায় কোনও ইন্দ্রিয়কেই পুরো বিশ্বাস করতে পারছি না।"
বেলা বাড়তে বালি উজ্জ্বল হয়ে উঠল।
পর্যটকের ভিড়ের জায়গা ছেড়ে অনেক দূরে এসে জিপ থামল।
সামনে কেবল ঢেউয়ের মতো বালিয়াড়ি। ইকবাল বললেন, "এর পর গাড়ি যাবে না।"
তাদের গন্তব্য একটা অচিহ্নিত পুরোনো কাফেলা-পথ।
তীর্থঙ্করের মানচিত্রে জায়গাটার পাশে কেবল একটা নাম— সুরখাদ।
ঘণ্টাখানেক হাঁটার পর প্রথম অস্বাভাবিক ঘটনাটা ঘটল।
তারা চারজন হাঁটছে।
বালির ওপর চারজনের পায়ের ছাপ।
কিন্তু সামনের বালিয়াড়িতে উঠে দেবব্রত থেমে গেল।
ওদের সামনে আগেই একটা সারি পায়ের ছাপ রয়েছে।
ঠিক তাদের জুতোর ছাপের মতো।
চারজনের।
তবে ছাপগুলো তাদের দিকেই আসছে।
অনন্যা নিচু হয়ে দেখল।
"নতুন।"
তীর্থঙ্কর বলল, "বাতাস?"
"বাতাস জুতোর সোলের নকশা বানায়?"
দেবব্রত নিজের জুতোর তলা দেখল।
সামনের ছাপটির ডান গোড়ালিতে ছোট্ট ত্রিভুজ।
তার নিজের জুতোর তলাতেও ঠিক সেই ত্রিভুজ।
ইকবাল খান প্রথমবার অস্বস্তিতে পড়লেন।
"ফিরে যাওয়া যায়।"
দেবব্রত বলল, "আমারও মত ছিল। কিন্তু অভিজ্ঞতায় দেখেছি, আমরা ফিরতে চাইলে সাধারণত আরও খারাপ কিছু ঘটে।"
তারা ছাপগুলো অনুসরণ করল।
পাঁচ মিনিট পরে ছাপ শেষ।
কোনও গর্ত নেই। পাথর নেই। মানুষ নেই।
শুধু বালির ওপর একটি গোল জায়গা অস্বাভাবিক মসৃণ।
তার মাঝখানে আটটি ক্ষুদ্র গর্ত।
তীর্থঙ্কর পিতলের চাকতিটা সেখানে রাখল।
হুবহু মিলে গেল।
ইকবাল বললেন, "এবার বাজাতে হবে।"
"কী?"
"পূরবের ডাক।"
তিনি খরতাল বের করলেন।
একটা ধীর ছন্দ তুললেন।
টক-টক... টক... টক-টক।
দেবব্রত শুনে বুঝল, এর ফাঁকে একটা জায়গা খালি।
ঠিক যেখানে ঢাকের ভারী আঘাত দরকার।
তার সঙ্গে তো ঢাক নেই। সে হাঁটু গেড়ে বালির নিচের শক্ত মাটিতে তাল দিল।
ধুপ।
খরতাল।
ধুপ।
খরতাল।
প্রথমে কিছু হলো না।
তারপর পুরো বালিয়াড়ি থেকে একটা গভীর গুঞ্জন উঠল।
যেন মাটির অনেক নীচে বিশাল মৌমাছির চাক।
অনন্যা চোখ বড় করল "singing sands"
বালির নির্দিষ্ট স্তর সরে গেলে যে গভীর শব্দ তৈরি হয়, তার বৈজ্ঞানিক ব্যাখ্যা আছে। কিন্তু এই শব্দে যেন ছন্দ।
গুউউম...
বিরতি।
গুউউম...
তীর্থঙ্করের হাতে কম্পাসের কাঁটা পাগলের মতো ঘুরছে।
তারপর বালির মসৃণ গোল অংশে রেখা ফুটে উঠল।
পিতলের চাকতির চারপাশে বালি নিজে থেকেই নকশা বানাচ্ছে।
অনন্যা হাঁ করে তাকিয়ে বলল, "Chladni pattern-এর মতো।"
দেবব্রত বলল, "বাংলায় বল।"
"কম্পনে বালি নির্দিষ্ট নকশায় বসে যাচ্ছে।"
"এটা অনেক ভালো।"
রেখাগুলো ধীরে ধীরে একটা মানচিত্র বানাল।
তিনটি বৃত্ত।
একটা পথ।
আর মাঝখানে একটি চিহ্ন—
পুরোনো সরাইখানার মতো।
তীর্থঙ্কর বলল, "কারাভানসারাই।"
ঠিক তখনই রেকর্ডারটা নিজে থেকে চালু হয়ে গেল। রুক্মিণীর দেওয়া ছোট যন্ত্রটা ইকবালের ব্যাগে ছিল।
স্পিকারে আওয়াজ—
খরতাল।
দেবব্রতের আঘাত।
বালির গুঞ্জন।
তারপর—
আরেকটা শব্দ।
একটা অতিরিক্ত তাল।
টক... টক... ধুপ।
চারজন চুপ।
ইকবাল বললেন, "আমি বাজাইনি।"
দেবব্রত বলল, "আমিও না।"
আবার প্লে করা হলো।
পঞ্চম একটা তাল আছে।
তাদের সঙ্গে কেউ বাজাচ্ছিল।
কিন্তু আশেপাশে কেউ নেই।

দুপুরের পরে তারা বালির নকশায় দেখানো পথে এগোল।
সূর্য মাথার ওপর। জল কমে আসছে। দূরের দিগন্তে তাপের কাঁপনে কখনও জল মনে হয়, কখনও গাছ।
প্রায় দুই ঘণ্টা পরে পাথরের ভাঙা দেওয়াল চোখে পড়ল।
বালির মধ্যে অর্ধেক ডোবা এক পুরোনো কাফেলা-সরাই।
চারকোনা উঠোন। কয়েকটা ভেঙে পড়া ঘর। একপাশে শুকনো কুয়ো।
তীর্থঙ্কর বলল, "এই ধরনের সরাই বাণিজ্যপথে সাধারণ ছিল। কাফেলা থামত, জল নিত, পশুকে বিশ্রাম দিত।"
দেবব্রত দেওয়ালে হাত বোলাল।
একটা খোদাই।
বাংলা অক্ষর।
"য"
তার পাশে রাজস্থানি লিপিতে আরেকটা শব্দ।
ইকবাল পড়লেন, "যদুনাথ।"
যদুনাথ ঢাকি।
গৌড়দেশ।
দেবব্রতের বুক ধড়াস করে উঠল।
চারশো বছরের কাছাকাছি পুরোনো একটা নাম যেন হঠাৎ মানুষ হয়ে দাঁড়াল।
অনন্যা আরেকটা দাগ দেখল।
দেওয়ালে একটা ঢাক আঁকা। তার পাশে খরতাল।
নীচে লেখা—
"এক সুর একার নয়।"
তীর্থঙ্কর খুব আস্তে বলল, "এইটাই আসল কথা।"
কথাটা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে উঠোনের অন্য পাশ থেকে দরজা বন্ধ হওয়ার শব্দ এল।
ধাম।
তারা চারজন ঘুরে দাঁড়াল।
কেউ নেই।
তারপর আরেকটা।
ধাম।
তৃতীয়।
ধাম।
একটার পর একটা ভাঙা ঘরের দরজা নিজে থেকে বন্ধ হচ্ছে।
দেবব্রত বলল, "বাতাস?"
অনন্যা মাথা নাড়ল।
"বাতাস উল্টো দিক থেকে।"
এরপর কুয়োর ভেতর থেকে কারও গলা ভেসে এল।
"দেবু---"
দেবব্রতের শরীর জমে গেল।
এই গলা সে চেনে।
তার বাবা।
যিনি বহু বছর আগে মারা গেছেন।
"দেবু--- নিচে আয়।"
দেবব্রত কুয়োর দিকে এক পা এগোল।
তীর্থঙ্কর তার হাত চেপে ধরল।
"না।"
"এটা বাবার গলা।"
"তাই তো আরও না।"
আবার গলা।
এইবার পরিষ্কার।
"দেবু, তুই দেরি করে ফেলেছিস।"
দেবব্রতের চোখে জল এসে যাচ্ছিল। যুক্তি বলছে অসম্ভব। শরীর বলছে—বাবা।
অনন্যা হঠাৎ রেকর্ডারটা চালু করল।
কুয়োর গলা রেকর্ড হলো।
তারপর সে স্পিকার কানের কাছে ধরল।
কয়েক সেকেন্ড শুনে বলল, "এটা রেকর্ডিং।"
"কী করে বুঝলে?"
"শ্বাস নেই।"
মানুষ কথা বললে শব্দের মধ্যে নিঃশ্বাস থাকে। এই কণ্ঠে নেই।
তীর্থঙ্কর কুয়োর ভিতরে টর্চ ফেলল।
নীচে একটা ছোট স্পিকার ঝুলছে।
সঙ্গে তার।
"ওরা আগে থেকেই এখানে," সে বলল।
ঠিক সেই মুহূর্তে উঠোনের চারদিকে লাল কাপড় উড়ে উঠল।
দেওয়ালের পিছন থেকে একে একে বেরিয়ে এল ছয়জন।
লাল মুখোশ।
মাঝখানে দাঁড়ানো লম্বা মানুষটি মুখোশ খুলল।
চল্লিশের মাঝামাঝি। ছাঁটা দাড়ি। হালকা ধূসর পোশাক।
"আমি আরমান কাদরি," সে বলল। "স্যার আপনাদের সম্পর্কে অনেক বলেছেন।"
দেবব্রত বলল, "উনি বেঁচে আছেন?"
আরমান হাসল।
"সঠিক প্রশ্ন। উত্তরটা এখন দেব না।"
"তোমরা কী চাও?"
"দ্বিতীয় অরুণশিকার।"
তীর্থঙ্কর বলল, "তোমরা জানোই না সেটা কী।"
আরমানের হাসি আরও মোলায়েম।
"আপনারাও জানেন না।"
তার লোকেরা এগিয়ে এল।
ইকবাল খানের হাতে খরতাল।
দেবব্রতের হাতে কিছু নেই।
আরমান বলল, "কিন্তু একটা জিনিস আমরা জানি। দরজা আপনারা খুলবেন।"
"না খুললে?"
"মরুভূমিতে মানুষ হারিয়ে গেলে খবর হতে সময় লাগে।"
অনন্যা খুব নিচু গলায় বলল, "দেবু, দেওয়ালের লাইনটা মনে আছে?"
এক সুর একার নয়।
দেবব্রত ইকবালের দিকে তাকাল।
ইকবাল সামান্য মাথা নাড়লেন।
তারপর তিনি খরতাল বাজালেন।

একবার।
দুবার।
আরমান চেঁচিয়ে উঠল, "থামাও!"
কিন্তু দেরি হয়ে গেছে।
দেবব্রত মাটিতে হাত দিয়ে ভারী আঘাত করল।
খরতালের ফাঁক পূর্ণ হলো।
একসঙ্গে।
উঠোনের চার দেওয়াল গমগম করে উঠল।
কুয়োর ভিতর থেকে গভীর গর্জন।
তারপর শুকনো কুয়োর তলা ভেঙে নিচে নেমে গেল।
একটা সিঁড়ি দেখা দিল।
অন্ধকারে।
দেবব্রত আর এক মুহূর্ত অপেক্ষা করল না।
"নিচে!"
চারজন সিঁড়ি দিয়ে নেমে গেল।
পিছনে লাল মুখোশের দল।

৪. মরুর নিঃশব্দ তাল

সিঁড়ি শেষ হতে হতে উপরের আলো অদৃশ্য হয়ে গেল।
নীচে বাতাস ঠান্ডা।
মরুভূমির তলায় এমন ঠান্ডা থাকবে, দেবব্রত ভাবেনি। পাথরের সরু করিডর, দেওয়ালের গায়ে ছোট ছোট ছিদ্র। দূরে কোথাও বাতাস ঢুকছে।
কিছুদূর এগিয়ে হঠাৎ করিডর প্রশস্ত হলো।
তারা একটা বিশাল গোল ঘরে এসে দাঁড়াল।
মাঝখানে পাথরের মঞ্চ।
তার ওপর কিছু নেই।
দেবব্রত হতাশ হয়ে বলল, "এই জন্য এত কাণ্ড?"
তীর্থঙ্কর টর্চের আলো দেওয়ালে ফেলল।
"না। এখানে দেখ।"
ঘরের চারদিকে খোদাই করা মানুষ।
কেউ ঢাক বাজাচ্ছে।
কেউ খরতাল।
কেউ নাগারা।
কেউ শিঙা।
পোশাক আলাদা। মুখ আলাদা। কেউ বাংলার, কেউ রাজস্থানের, কেউ পারস্যের পোশাকে।
সবাই একই বৃত্তে।
অনন্যা ধীরে পড়ল নিচের লেখাটা—
"যে সুর নিজের বলে রাখে, সে সুর মরে। যে সুর ভাগ করে, সে পথ পায়।"
দেবব্রতের চোখের সামনে হঠাৎ অষ্টমীর সকাল ভেসে উঠল।
পাড়ার পুজোর ঢাক।
মানুষের ভিড়।
বিদেশে বসে সেই শব্দের জন্য তার মনখারাপ।
সে এতদিন ভেবেছে ঢাক তার নিজের—তার শহরের, তার শৈশবের।
এই ঘর বলছে উল্টো কথা।
সুর কারও ব্যক্তিগত সম্পত্তি নয়।
ভ্রমণ করলেই সে বাঁচে।
তীর্থঙ্কর বলল, "সম্ভবত যদুনাথ এখানে এসে স্থানীয় শিল্পীদের সঙ্গে নিজের তাল মিশিয়েছিল। দ্বিতীয় অরুণশিকার কোনও ঢাক নয়। একটা যৌথ ছন্দ।"
ইকবাল খান হাসলেন।
"আমার দাদা বলতেন, 'পূরবের ডাক' একা বাজানো যায় না।"
ঠিক তখনই আরমান ও তার লোকেরা ঘরে ঢুকল।
"চমৎকার," আরমান বলল। "তাহলে এখন বাজান।"
অনন্যা বলল, "আপনি কী করবেন এই ছন্দ নিয়ে?"
"শব্দ অস্ত্র হতে পারে। ভিড় নিয়ন্ত্রণ, যোগাযোগ বিঘ্ন, ভয় সৃষ্টি—রেজোন্যান্সের ব্যবহার অনেক। কয়েক শতাব্দী আগে যারা রহস্য বলত, আজ বিজ্ঞান তাকে অন্য নামে ডাকে।"
তীর্থঙ্কর ঠান্ডা স্বরে বলল, "আর চোর বিজ্ঞানকে ব্যবসা বলে।"
আরমান কাঁধ ঝাঁকাল।
"ইতিহাসে মালিকানা সবসময় শক্তিশালীর।"
দেবব্রত বলল, "এই ঘরের দেওয়ালটা পড়েননি?"
"নৈতিক শিক্ষা পড়তে আসিনি।"
আরমান ইশারা করতেই একজন লোক অনন্যার হাত থেকে তাম্রফলক কেড়ে নিল।
আরেকজন ইকবালের খরতাল।
"এবার শুরু।"
দেবব্রত মঞ্চের সামনে দাঁড়াল।
"আমার ঢাক কোথায়?"
আরমান হেসে বলল, "আপনার দরকার নেই। আমাদের যন্ত্র আছে।"
দুজন লোক একটা ছোট ইলেকট্রনিক পারকাশন প্যাড খুলল।
দেবব্রত তাকিয়ে হেসে ফেলল।
"চারশো বছরের গোপন ছন্দ খুলবেন ব্লুটুথ ড্রাম প্যাড দিয়ে?"
আরমানের মুখ শক্ত হলো।
"বাজান।"
দেবব্রত বুঝল সময় কিনতে হবে।
তীর্থঙ্কর ইতিমধ্যে দেওয়াল খুঁটিয়ে দেখছে।
অনন্যা চুপচাপ পায়ের কাছে বালি সরাচ্ছে।
ইকবাল চোখ বন্ধ করেছেন।
দেবব্রত প্রথম আঘাত দিল প্যাডে।
ঘরের মধ্যে শুকনো শব্দ।
কিছু হলো না।
দ্বিতীয়।
তারপর ইকবাল খান হঠাৎ হাততালি দিলেন।
একটা।
দুটো।
লোকেরা তাকে থামানোর আগেই অনন্যা পায়ের কাছে পাথরে আঙুল দিয়ে তাল ধরল।
তীর্থঙ্কর দেওয়ালের লিপিতে তিনবার চাপ দিল।

চারজনের চার রকম শব্দ।
এক মুহূর্তের জন্য যেন সম্পূর্ণ বিশৃঙ্খলা।
তারপর—
সব মিলে গেল।
ঘরের ছিদ্র দিয়ে বাতাস ঢুকল।
প্রতিটি ছিদ্র আলাদা স্বর তুলল।
পুরো কক্ষ একটা বিশাল বাদ্যযন্ত্র হয়ে উঠল।
মঞ্চের ওপর বালি নড়তে শুরু করল।
বৃত্ত।
তার মধ্যে রেখা।
আরেক বৃত্ত।
Chladni pattern-এর মতো জটিল নকশা।
দেবব্রত বুঝল—
তালটা বাজাতে হয় না।
তালটা তৈরি হয়।
একজনের পক্ষে অসম্ভব।
আরমান চেঁচাল, "রেকর্ড করো!"
তার লোকেরা ফোন, রেকর্ডার চালু করল।
কিন্তু ইকবাল হেসে বললেন, "রেকর্ডে পাবেন আওয়াজ। তাল পাবেন না।"
"কেন?"
"কারণ আপনার লোকেরা শুনছে। অংশ নিচ্ছে না।"
ঠিক সেই মুহূর্তে মঞ্চের মাঝখান ফেটে গেল।
নীচ থেকে উঠল একটা ব্রোঞ্জের বৃত্তাকার ফ্রেম।
ঢাক নয়।
প্রায় দুই ফুট ব্যাসের ধাতব রিং। কিনারে অসংখ্য ক্ষুদ্র দাগ।
মাঝখানে ফাঁকা।
তাম্রফলকের আট বিন্দু তার চারপাশে মিলে গেল।
অনন্যা ফিসফিস করল—
"দ্বিতীয় অরুণশিকার।"
আরমান ছুটে গেল।
ব্রোঞ্জের রিং ধরতেই তার মুখ বদলে গেল।
প্রথমে বিস্ময়।
তারপর আতঙ্ক।
রিং থেকে কোনও শব্দ নেই।
তবু আরমান দুহাত দিয়ে কান চেপে ধরল।
"বন্ধ করো!"
তার লোকেরা হতভম্ব।
"কী?"
"ওই শব্দ বন্ধ করো!"
কেউ কোনও শব্দ শুনছে না।
শুধু আরমান।
সে হাঁটু গেড়ে বসে পড়ল।
দেবব্রত এগিয়ে গিয়ে রিংয়ে হাত রাখল।
তার কানে কিন্তু অন্য কিছু এল।
ঢাক।
খরতাল।
দূরের শঙ্খ।
পুজোর ভিড়।
বাবার হাসি।
নিউ জার্সির নিঃশব্দ ঘর।
সব একসঙ্গে।
কিন্তু ভয় নয়।
এক অদ্ভুত শান্তি।
তীর্থঙ্কর বলল, "এটা মানুষের ভিতরের ছন্দ বাড়িয়ে দিচ্ছে। যে যা নিয়ে আসে---"
অনন্যা বাকিটা বলল।
"---সে তাই শুনছে।"
আরমান কী নিয়ে এসেছিল, বোঝা গেল।
ভয়।
লোভ।
হয়তো অপরাধবোধ।
সে মাটিতে পড়ে আছে।
লাল মুখোশের লোকেরা পিছিয়ে গেল।
দেবব্রত ব্রোঞ্জের রিং তুলে নিল।
এইবার ঘর কাঁপল।
উপর থেকে বালি ঝরতে শুরু করেছে।
তীর্থঙ্কর চেঁচাল, "বেরোতে হবে!"
"কোন পথে?"
ইকবাল দেওয়ালের একটা খোদাই দেখালেন।
বৃত্তের মধ্যে সরু রেখা।
"পশ্চিম।"
ওই দেওয়ালে চাপ দিতেই পাথর সরে গেল।
সরু সুড়ঙ্গ।
চারজন দৌড়োল।
পিছনে আরমানের লোকদের চিৎকার।
সুড়ঙ্গ ক্রমশ ওপরে উঠছে। বালি পড়ছে। শ্বাস বন্ধ হয়ে আসছে।
হঠাৎ সামনে আলো।
তারপর তারা চারজন একসঙ্গে মরুভূমির রাতের মধ্যে গড়িয়ে পড়ল।

বাইরে দশেরার রাত।
দূরে জয়সলমের শহরে আতসবাজি উঠছে।
আকাশে লাল, সবুজ, সোনালি আলো।
মরুভূমির হাওয়ায় উৎসবের শব্দ ভেসে আসে — নাগারা, গান, মানুষের চিৎকার।
দেবব্রত বালিতে চিত হয়ে শুয়ে হাঁপাচ্ছিল।
তীর্থঙ্কর পাশে বসে বলল, "এই বয়সে এসব শরীরের পক্ষে ভালো নয়।"
দেবব্রত বলল, "আমার বয়স নিয়ে মন্তব্য করলে তোকে এখানেই রেখে যাব।"
অনন্যা হাসছে।
ইকবাল খান আকাশের দিকে তাকিয়ে শান্ত গলায় বললেন, "দশেরা। অশুভ পোড়ানোর দিন।"

দেবব্রত ব্রোঞ্জের রিংটা হাতে নিল।
"অশুভ এত সহজে পোড়ে?"
ইকবাল বললেন, "না। তাই প্রতি বছর পোড়াতে হয়।"
দূরের আতসবাজির আলোয় কথাটা দেবব্রতের মনে গেঁথে গেল।
দুর্গাপুজোতেও তো তাই।
প্রতি বছর মা আসেন।
প্রতি বছর অসুর বধ হয়।
তবু পরের বছর আবার পুজো।
কারণ অশুভ কোনও একদিনের শত্রু নয়।
লোভ, হিংসা, অহংকার—ফিরে আসে।
তাই উৎসবও ফিরে আসে।
তালও।
মানুষও একত্র হয়।
তীর্থঙ্কর বলল, "দ্বিতীয়টা পেলাম। প্রথমটা জল। দ্বিতীয়টা মরু। তৃতীয়টা কোথায়?"
অনন্যা তাম্রফলক বের করল।
ব্রোঞ্জের রিংয়ের মাঝখানে ফলকটা রাখতেই দুটো যেন চুম্বকের মতো আটকে গেল।
আটটা বিন্দু একসঙ্গে জ্বলে উঠল।
তারপর এতদিন অদৃশ্য থাকা একটা রেখা ফুটে উঠল।
একটা সমুদ্র।
তার ওপারে একটা তীরচিহ্ন।
তীর্থঙ্কর বলল, "পশ্চিম?"
রেখার শেষে অক্ষর ফুটল।
বাংলা নয়।
ইংরেজি।
N 40°--- W 74°---
দেবব্রতের বুক ঠান্ডা হয়ে গেল।
"এগুলো কোঅর্ডিনেট।"
অনন্যা ফোন বের করল। অফলাইন ম্যাপ খুলে সংখ্যাগুলো বসাল।
স্ক্রিনে জায়গাটা ফুটে উঠতেই কেউ কোনও কথা বলল না।
New Jersey.
দেবব্রত ফিসফিস করে বলল, "এটা আমার বাড়ির কাছাকাছি।"
ঠিক তখনই তার ফোন কেঁপে উঠল।
এতক্ষণ নেটওয়ার্ক ছিল না।
এবার একসঙ্গে সাতটা নোটিফিকেশন।
তার মধ্যে একটা—বাড়ির সিকিউরিটি ক্যামেরা থেকে।
Motion detected: Basement Door.
দেবব্রত ভিডিও খুলল।
স্ক্রিনে নিউ জার্সির বাড়ির বেসমেন্ট।
টাইমস্ট্যাম্প—দশ মিনিট আগে।
দরজা বন্ধ।
কয়েক সেকেন্ড কিছু নেই।
তারপর দরজাটা নিজে থেকেই খুলল।
একজন মানুষ ঢুকল।
কালো কোট।
মুখে লাল মুখোশ।
লোকটা ক্যামেরার ঠিক সামনে এসে দাঁড়াল।
ধীরে মুখোশ খুলল।
দেবব্রতের হাত থেকে ফোন প্রায় পড়ে যাচ্ছিল।
তীর্থঙ্কর বলল, "কে?"
দেবব্রত উত্তর দিতে পারল না।
স্ক্রিনের মানুষটাকে সে খুব ভালো চেনে।
না চেনার কথা নয়।
কারণ মানুষটা মারা গেছেন বারো বছর আগে।
তার বাবা।
ভিডিওর মানুষটি ক্যামেরার দিকে তাকিয়ে হাসলেন।
তারপর বাংলায় খুব পরিষ্কার করে বললেন—
"দেবু, যদি এটা দেখিস, বুঝবি তৃতীয় তাল জেগেছে।"
চারজন মরুভূমির মধ্যে নিঃশব্দে দাঁড়িয়ে।
ভিডিও চলতে থাকল।
দেবব্রতের বাবা বললেন—
"এবার বাড়ি ফিরে আয়। তৃতীয় অরুণশিকার তোর বাড়ির নীচেই আছে।"
একটু থামলেন।
মুখের হাসি মিলিয়ে গেল।
"কিন্তু সাবধান। তীর্থঙ্কর আর অনন্যার মধ্যে একজনকে আমি বিশ্বাস করিনা।"
ভিডিও কেটে গেল।
মরুভূমির হাওয়া সেই মুহূর্তে যেন থেমে গেল।
দেবব্রত ধীরে মুখ তুলল।
একদিকে তীর্থঙ্কর।
অন্যদিকে অনন্যা।
দুজনেই তার দিকে তাকিয়ে।
দূরে দশেরার শেষ আতসবাজি আকাশে উঠে বিস্ফোরিত হলো।
আলোর ঝলকে কয়েক সেকেন্ডের জন্য মরুভূমির ওপর চারজনের ছায়া পড়ল।
দেবব্রত।
তীর্থঙ্কর।
অনন্যা।
ইকবাল।
তারপর আলো নিভে গেল।
কিন্তু বালির ওপর ছায়া রয়ে গেল পাঁচটি।
পঞ্চম ছায়াটা দাঁড়িয়ে ছিল দেবব্রতের ঠিক পিছনে।
আর তার মুখে—
একটা লাল মুখোশ।।

চলবে...
ঢাকের ছায়া – তৃতীয় অভিযান

Care&Grow

Keeping Seniors Safe and Supported - Falls Prevention & Home Help



In-Home Services at NO COST

(based on eligibility)

- Room/Bathroom cleaning, laundry, meal prep and personal grooming.
- Lawn and backyard cleaning.
- Improve mobility, manage pain, restore function & more.
- Fall Risk Assessment to improve safety, independence and avoidable hospital visits.

/caregrow_us

IRS Qualified Charity
501(c)(3)
Tax exempt nonprofit

Care and support always

Contact us

www.caregrow.org

(562) 752-9399

contact@caregrow.com

Scan to Donate (Zelle)

Check Eligibility

We connect older adults to resources that promote safety, independence, and well-being.

PHOTOGRAPHY



June Lake by ***Arindam Gupta***

PAINTING *Arinjay Chatterjee*





ANGEL AND DEMON


KOUSHIK MITRA

Once, I had to walk miles in a dark dense forest;
Nowhere to go, no one to talk, nothing to lose or conquest;
Alone, broken in middle of entrenching frozen night;
Chained in a cage, surrounded by demons, in search of light;

I was about to fall but a voice whispered in my ears;
I found an angel in disguise wiping my tears;
She stared into my soul generously with all her charms;
She got me a promise of salvation but on her terms;

The devil professed me kingdom of darkness;
For pain, misery and a grief engraved fortress;
The angel on the other side showered her love;
Made me to dream sailing in sky like a white dove;

The condition imposed was as I caressed the light;
I would lose her love, affection and even her sight;
Being confused between the angel and the demon-
I took the battle on and broke the chains on my own;
In this distress, One day I wake up to the reality to see,
All are fictitious and my angel or demon is only me.





RANKED TOP 1.4% WITHIN THE NETWORK

Ravinder "Shashi" Sood

ASSOCIATE BROKER & REALTOR

(818) 554-5050

TOPREALTORSOOD@GMAIL.COM

CA DRE # 01472019

Thinking of Selling or Buying?
Call Shashi Today!

COLDWELL BANKER ENVISION

SCAN FOR SHASHI'S DIGITAL BUSINESS CARD

REVIEWS FROM BUYERS AND SELLERS WHO'VE WORKED WITH RAVINDER SOOD

PLEASE SCAN QR CODE FOR ALL OF SHASHI'S ★★★★★ REVIEWS

★★★★★

Shashi helped us find our dream starter home! We had recently moved into the LA area from out-of-state, and he made us feel comfortable right from the start. As we moved from another state, Shashi was very knowledgeable about the neighborhoods we looked at and ensured we were putting down roots in safe neighborhoods. He understood the areas and the complexities of each neighborhood. He is flexible and willing to work on your timeline. He will spend time looking at as many properties as you need and help you narrow down your options. He was always available to answer even the smallest questions where most agents would provide a canned response. His work doesn't stop once you've closed. He has reached out to us a few times since our closing to check in on our moving process and even provided contacts for some trustworthy contractors. Working with Shashi made moving to the LA area a breeze, and we're looking forward to working with him again in the future.

★★★★★

I had the privilege of working with Mr. Sood, while searching for a home in Los Angeles, and I couldn't be more impressed. From our initial consultation to closing, Mr. Sood demonstrated outstanding professionalism, deep market knowledge, and a genuine commitment to my needs. He took the time to understand exactly what I wanted in a home and expertly guided me through every step of the process, from competitive bidding to navigating complex local regulations. I always felt well-informed and confident in their advice, and they were incredibly responsive, answering my questions promptly—no matter the time of day. What really set Mr. Sood apart was their honesty, patience, and attention to detail. They helped me avoid potential issues and made the home-buying experience stress-free and enjoyable. Thanks to their dedication, I found the perfect home in a great neighborhood. If you're looking for a knowledgeable, trustworthy, and hardworking agent in Los Angeles, I highly recommend Mr. Sood —they are truly top-notch!

★★★★★

Working with Shashi Sood was one of the best decisions I made during my real estate journey. From the very first conversation, it was clear that Shashi is not just incredibly knowledgeable and professional—he genuinely cares about his clients and goes the extra mile to make sure they feel informed, confident, and supported every step of the way. Shashi brought a calm, reassuring presence to a process that can often feel overwhelming. His market expertise, sharp negotiation skills, and attention to detail helped me navigate every decision with clarity and peace of mind. Whether it was finding the right property, scheduling viewings, or handling complex paperwork, Shashi was always one step ahead—proactive, responsive, and fully committed to achieving the best outcome. What truly sets Shashi apart is his integrity. He's honest, transparent, and never pushy. I always felt like he had my best interests at heart, and I trusted his guidance completely. If you're looking for a realtor who combines experience, insight, and a client-first mindset, I couldn't recommend Shashi Sood more highly. He made what could have been a stressful experience smooth, successful, and even enjoyable. Thank you, Shashi!

Churros - Mexican Sweet

Baishali Mondal



As Bengalis, we have a special love for sweets and enjoy trying new dessert recipes at home. Today, I'm sharing a simple recipe for churros, a popular Mexican sweet treat. Although churros are not a Bengali dessert, their crisp exterior, soft center, and cinnamon-sugar coating make them a favorite with both children and adults. Best of all, they are easy to prepare at home.

Ingredients for the Batter

- Water: ½ cup (150 ml)
- Butter: 50 g (3½ tablespoons)
- Vanilla essence: ½ teaspoon
- Sugar: 2 tablespoons
- All-purpose flour: 1 cup (120 g)
- Egg: 1
- Oil for frying: 250 ml

Ingredients for the Cinnamon-Sugar Coating

- Sugar: 3 tablespoons
- Cinnamon powder: 2 teaspoons

Method

1. Pour the water into a saucepan and add the butter. Turn on the heat and stir with a spatula until the butter melts completely.
2. Add the vanilla essence and sugar, then stir well.
3. Add the flour and stir continuously until the mixture comes together as a dough. Turn off the heat and let the dough cool slightly.
4. While the dough cools, grind the sugar for the coating and mix it with the cinnamon powder. Set aside.
5. Transfer the dough to a bowl and add the egg.
6. Use a hand mixer to beat the mixture until it becomes soft, smooth, and fluffy.
7. Spoon the dough into a piping bag fitted with a star-shaped nozzle.
8. Heat the oil in a pan over medium-low heat.
9. Pipe the dough into the hot oil and fry the churros until they turn golden brown.



SoCal Channel

COMMUNITY NEWS

2026 SPECIAL EDITION

COMMUNITY | CULTURE | IMPACT

YOUR STORY AMPLIFIED.

SOCAL CHANNEL

EVENT MEDIA | INTERVIEWS | PHOTO | VIDEO | PROMOTION

YOUR EVENT. OUR COVERAGE.

MED — **EVENT MEDIA COVERAGE**
Complete on-site storytelling

LIVE — **RED CARPET INTERVIEWS**
Professional guest conversations

360 — **PHOTO • VIDEO • SOCIAL MEDIA**
Content designed for every platform

PRE — **PRESS RELEASES & PROMOTION**
Before, during and after your event

18 EVENTS SUPPORTED

COMMUNITY • CULTURE • ENTERTAINMENT • WELLNESS

A YEAR OF STORIES, SERVICE & CELEBRATION

2026 EVENT SUPPORT HIGHLIGHTS

- Rose Parade Coverage - Pasadena
- IIT 2026 - Long Beach
- ALAPIO Medical Education
- Smart Village Gala - $4M raised
- GOPIO America 250 Celebration
- IALA Welcome Reception
- Vidya Bharati LA Gala - 300+ guests
- Odissi Rangapravesh - Irvine
- An Evening with Sunil Gavaskar
- India @79 Mela - La Palma
- ALAPIO & Shah Foundation CME
- TiE LA Investor Summit
- OC Fair Exclusive Meet & Greet Coverage
- MasterChef Event Coverage
- Disney Orlando Diwali Cultural Show
- International Film Festival
- International Food Festivals
- Health & Wellness Event

3 YEARS	$4M	300+	15+
Rose Parade coverage	Smart Village Gala raised	VBFA gala guests	Youth team members

SCAN TO CONNECT WITH SOCAL CHANNEL

GET FEATURED ON SOCAL CHANNEL

End-to-end event coverage that connects your story with the community.

MEDIA CONTACT
SoCal Channel Media Desk | socalchannel@gmail.com

COMMUNITY • CULTURE • LEADERSHIP • INSPIRATION

FOLLOW SOCAL CHANNEL

COVERING COMMUNITY. SUPPORTING IMPACT. INSPIRING CHANGE.

জাটিঙ্গা: কুয়াশার দেশে পাখিদের রহস্য



পরিক্ষিৎ পুরকায়স্থ

‘Bird Suicide Zone’ নয়—আলো, বাতাস, পাহাড় আর পাখির অদ্ভুত আচরণের এক অসমাপ্ত গল্প

অসমের ডিমা হাসাও জেলার পাহাড়ের কোলে ছোট্ট এক জনপদ—**জাটিঙ্গা**। হাফলং থেকে কয়েক কিলোমিটার দূরে এই পাহাড়ি গ্রাম দিনের আলোয় শান্ত, সবুজ ও অপূর্ব সুন্দর। পাহাড়ের ঢাল, দূরের উপত্যকা, মেঘ আর কুয়াশায় ঘেরা জাটিঙ্গাকে দেখলে মনে হয়, প্রকৃতি যেন নিজের হাতে এঁকেছে এক নীরব জলরঙের ছবি।

কিন্তু বর্ষার শেষভাগে সন্ধ্যা নামলেই সেই ছবির চরিত্র বদলে যায়। পাহাড় ঢেকে যায় কুয়াশায়, বাতাসে মিশে থাকে ভেজা মাটির গন্ধ, আর অন্ধকারে গ্রামের কয়েকটি আলো হয়ে ওঠে এক-একটি ক্ষীণ আলোকবিন্দু। কখনও কখনও সেই আলোর দিকে অস্বাভাবিকভাবে নেমে আসে কিছু পাখি।

এই দৃশ্যই বহু বছর ধরে জাটিঙ্গাকে দিয়েছে এক রহস্যময় পরিচয়—**‘Bird Suicide Zone’**, অর্থাৎ ‘পাখিদের আত্মহত্যার স্থান’।

কিন্তু নামটি যতটা রোমাঞ্চকর, তার অন্তর্নিহিত ধারণাটি ততটাই বিভ্রান্তিকর।

পাখিরা ইচ্ছা করে নিজেদের জীবন শেষ করতে জাটিঙ্গায় আসে—এমন কোনো বৈজ্ঞানিক প্রমাণ নেই। বরং বিশেষ আবহাওয়া, পাহাড়ের ভূপ্রকৃতি, কুয়াশা, বাতাস এবং কৃত্রিম আলোর সম্মিলিত প্রভাবে কিছু পাখি রাতে দিশেহারা হয়ে নিচুতে নেমে আসে। ফলে গাছ, বাঁশঝাড়, বাড়ি কিংবা অন্য কোনো বাধার সঙ্গে ধাক্কা লেগে তারা আহত হতে পারে।

জাটিঙ্গার আসল গল্প তাই মৃত্যু নয়;**প্রকৃতির এক অদ্ভুত আচরণকে বোঝার দীর্ঘ অনুসন্ধানের গল্প।**

কুয়াশায় মোড়া একটি রাত

ভাবুন, বর্ষার শেষ সময়। সন্ধ্যা ঘনিয়ে এসেছে। পাহাড়ের গায়ে ধীরে ধীরে নেমে এসেছে কুয়াশা। দূরের পাহাড়ের রেখা অস্পষ্ট। বাতাসে আর্দ্রতার ছোঁয়া। গ্রামের আলো কুয়াশার মধ্যে জ্বলছে ক্ষীণ, হলুদ আলোর মতো।

হঠাৎ অন্ধকার আকাশ থেকে ভেসে আসে পাখির ডাক।

প্রথমে একটি। তারপর আরও কয়েকটি।

পাখিগুলি কখনও আলোর চারপাশে ঘুরতে থাকে, কখনও অস্বাভাবিকভাবে নিচে নেমে আসে। তাদের আচরণে যেন পথ হারানোর ছাপ। কোনো কোনো পাখি মাটিতে পড়ে যায়, কেউ বা বাধার সঙ্গে ধাক্কা খেয়ে আহত হয়। আবার অনেক পাখি কিছুক্ষণ পর সুস্থ হয়ে উড়ে যায়।

এই অস্বাভাবিক দৃশ্যই মানুষের কল্পনায় তৈরি করেছে জাটিঙ্গার রহস্যময় কিংবদন্তি।

লোকবিশ্বাস থেকে বিজ্ঞানের পথে

স্থানীয় মানুষের কাছে এই ঘটনা নতুন নয়। বহু বছর ধরে সেপ্টেম্বর থেকে নভেম্বরের মধ্যে বিভিন্ন পাখিকে জাটিঙ্গার আশপাশে এমন আচরণ করতে দেখা গেছে। স্থানীয় স্মৃতিতে বকজাতীয় পাখি, মাছরাঙা, ডাহুক, কোকিল, ড্রোঙ্গো এবং নানা পাহাড়ি পাখির উপস্থিতির কথা রয়েছে।

একসময় এই অদ্ভুত ঘটনাকে ঘিরে তৈরি হয়েছিল নানা লোক-বিশ্বাস। অন্ধকার পাহাড়, ঘন কুয়াশা এবং হঠাৎ আকাশ থেকে পাখির নেমে আসা—সব মিলিয়ে অনেকের মনে জন্ম নিয়েছিল অতিপ্রাকৃত শক্তির ধারণা।

পরে বিজ্ঞানীদের আগ্রহের কেন্দ্রে আসে জাটিঙ্গা।

১৯৬০-এর দশকে প্রকৃতিবিদ**E. P. Gee**এবং বিশিষ্ট পক্ষী-বিদ**Salim Ali**-সহ একাধিক গবেষক ঘটনাটি নিয়ে অনুসন্ধান করেন। পরবর্তী গবেষণায় ক্রমশ স্পষ্ট হয়, এর সঙ্গে কোনো অলৌকিক শক্তি বা ইচ্ছাকৃত আত্মহত্যার সম্পর্ক নেই।

বরং জাটিঙ্গার আবহাওয়া ও ভূপ্রকৃতিই এই অস্বাভাবিক আচরণের গুরুত্বপূর্ণ সূত্র।

কোন রাতে দেখা যায় এই ঘটনা?

জাটিঙ্গায় পাখিদের এই আচরণ সারা বছর দেখা যায় না। সাধারণত**আগস্ট থেকে নভেম্বরের মধ্যে**, বিশেষত সেপ্টেম্বর ও অক্টোবরের কিছু নির্দিষ্ট রাতে এর সম্ভাবনা বেশি থাকে।

তবে ঋতুই একমাত্র শর্ত নয়। অন্ধকার বা চাঁদহীন রাত, কুয়াশা, মেঘ, উচ্চ আর্দ্রতা এবং নির্দিষ্ট ধরনের বাতাস—এই পরিবেশগত পরিস্থিতিগুলি একসঙ্গে তৈরি হলে পাখিদের দিশেহারা হওয়ার সম্ভাবনা বাড়তে পারে।

অর্থাৎ জাটিঙ্গার রহস্য কোনো একক কারণের ফল নয়; বরং**আবহাওয়া, ভূপ্রকৃতি ও পাখির স্বাভাবিক দিকনির্ণয় ব্যবস্থার একটি জটিল সমীকরণ।**

পাহাড়, বাতাস আর আলোর টান

জাটিঙ্গার পাহাড়ি ভূপ্রকৃতির একটি নির্দিষ্ট অংশে এই ঘটনা বেশি দেখা যায়। পাহাড়ের বিন্যাস ও বাতাসের গতিপথ পাখিদের উড়ানের ওপর প্রভাব ফেলতে পারে বলে গবেষণায় ধারণা করা হয়েছে।

এর সঙ্গে যুক্ত হয় গ্রামের কৃত্রিম আলো।

পাখিদের অনেক প্রজাতি সাধারণত দিনের আলোতেই সক্রিয় থাকে। কিন্তু প্রতিকূল আবহাওয়ায় রাতে উড়তে হলে তাদের স্বাভাবিক দিকনির্ণয় ব্যবস্থা ব্যাহত হতে পারে। বিশেষ করে চাঁদের আলো অনুপস্থিত থাকলে কৃত্রিম আলো তাদের বিভ্রান্ত করতে পারে।

ঘন কুয়াশা ও প্রবল বাতাস পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। দূরের আলো তখন পাখির কাছে একটি সম্ভাব্য দিকনির্দেশক বলে মনে হতে পারে। তারা সেই আলোর দিকে এগিয়ে এসে স্বাভাবিকের তুলনায় অনেক নিচু উচ্চতায় নেমে আসে।

তারপরই বাড়ে বিপদের সম্ভাবনা—গাছ, বাঁশঝাড় কিংবা বাড়িঘরের সঙ্গে ধাক্কা লাগতে পারে।

তাই 'পাখিদের আত্মহত্যা' কথাটি আসলে একটি আকর্ষণীয় কিন্তু ভুল ব্যাখ্যা।

শুধু পরিযায়ী পাখিরা নয়

জাটিঙ্গা নিয়ে আরও একটি প্রচলিত ধারণা হল, এখানে কেবল দূরদেশ থেকে আসা পরিযায়ী পাখিরাই আসে। বাস্তবতা তার চেয়ে অনেক বেশি বৈচিত্র্যময়।

গবেষণা ও পর্যবেক্ষণে স্থানীয়, স্বল্প-দূরত্বে চলাচলকারী এবং পরিযায়ী—বিভিন্ন ধরনের পাখির উপস্থিতির কথা উঠে এসেছে। কিছু গবেষণায় প্রায়**৫০টি প্রজাতির**উল্লেখ রয়েছে।

যেসব পাখির নাম বিভিন্ন পর্যবেক্ষণ ও প্রতিবেদনে পাওয়া যায়, তাদের মধ্যে রয়েছে—

- মাছরাঙা (Kingfisher)
- ছোট বক (Little Egret)
- পুকুর বক (Pond Heron)
- Bittern
- Green Pigeon
- Emerald Dove
- Hill Partridge
- Drongo
- Koel
- Moorhen

এই বৈচিত্র্যই দেখায়, জাটিঙ্গার ঘটনা শুধুমাত্র পরিযায়ী পাখির রহস্য নয়; এটি নানা প্রজাতির পাখির আচরণের সঙ্গে যুক্ত একটি ঋতুভিত্তিক প্রাকৃতিক ঘটনা।

পর্যটকের চোখে অন্য এক জাটিঙ্গা

জাটিঙ্গার আকর্ষণ শুধু রহস্যে নয়। দিনের জাটিঙ্গা যেন সম্পূর্ণ অন্য একটি পৃথিবী।

সবুজ পাহাড়, মেঘে ঢাকা উপত্যকা, ঠান্ডা বাতাস আর শান্ত গ্রাম—সব মিলিয়ে এখানে রয়েছে এক অনন্য পাহাড়ি সৌন্দর্য। সন্ধ্যা নামলে কুয়াশা সেই পরিচিত দৃশ্যকে আরও রহস্যময় করে তোলে।

পাখি দেখার জন্য পর্যবেক্ষণকেন্দ্রে দাঁড়িয়ে অনেকেই অপেক্ষা করেন সেই বিশেষ রাতের। কিন্তু প্রকৃতির এই ঘটনা কোনো সাজানো প্রদর্শনী নয়। উপযুক্ত আবহাওয়া না হলে রাতের পর রাত অপেক্ষা করেও বিশেষ কোনো পাখির আনাগোনা দেখা নাও যেতে পারে।

আবার কোনো এক কুয়াশাময় রাতে হঠাৎ কয়েকটি পাখি খুব কাছ দিয়ে উড়ে গেলে সেই মুহূর্তটিই হয়ে উঠতে পারে সমগ্র ভ্রমণের স্মৃতি।

জাটিঙ্গায় প্রকৃতিই ঠিক করে দেয় কখন পর্দা উঠবে।

শিকার থেকে সংরক্ষণ

জাটিঙ্গার ইতিহাসের একটি অস্বস্তিকর অধ্যায়ও রয়েছে।

অতীতে আলোয় নেমে আসা পাখিদের কিছু মানুষ ধরে খাদ্য হিসেবে ব্যবহার করত। বাঁশের লাঠি বা অন্যান্য উপায়ে পাখি ধরার কথাও বিভিন্ন প্রতিবেদনে উঠে এসেছে।

সময়ের সঙ্গে সেই পরিস্থিতির পরিবর্তন হয়েছে। স্থানীয় সংগঠন, বনবিভাগ, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং সংরক্ষ-





ণকর্মীদের সচেতনতা বৃদ্ধির ফলে পাখি রক্ষার গুরুত্ব বেড়েছে।

একসময়ের 'Valley of Death' পরিচয়কে পিছনে ফেলে জাটিঙ্গা আজ ধীরে ধীরে**পাখি পর্যবেক্ষণ ও সংরক্ষণচেতনার একটি গুরুত্বপূর্ণ স্থান**হিসেবে নতুন পরিচয় তৈরি করছে।

এটাই হয়তো জাটিঙ্গার গল্পের সবচেয়ে সুন্দর পরিবর্তন—যেখানে একসময় রহস্য ও ভয়ের গল্প বলা হত, আজ সেখানে সংরক্ষণের কথা বলা হচ্ছে।

রহস্য কি পুরোপুরি মুছে গেছে?

বিজ্ঞান কুয়াশা, বাতাস, ভূপ্রকৃতি এবং কৃত্রিম আলোর ভূমিকা সম্পর্কে গুরুত্বপূর্ণ ব্যাখ্যা দিয়েছে। পাখিদের স্বাভাবিক দিকনির্ণয় ব্যবস্থা কীভাবে বিশেষ পরিবেশে ব্যাহত হতে পারে, তারও যুক্তিসঙ্গত ব্যাখ্যা রয়েছে।

তবু সব প্রশ্নের উত্তর এখনও মেলেনি।

কেন নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট প্রজাতির পাখি একই অঞ্চলে এমন আচরণ করে? কেন কিছু পাখি আলোর দিকে আসে, অন্যরা আসে না? পরিবেশের ঠিক কোন কোন উপাদান একসঙ্গে তাদের আচরণ বদলে দেয়?

এই প্রশ্নগুলির প্রতিটি দিক এখনও সম্পূর্ণভাবে ব্যাখ্যা করা হয়েছে—এমন দাবি করা যায় না।

আর এই অসম্পূর্ণতাই জাটিঙ্গার রহস্যকে বাঁচিয়ে রেখেছে।

রহস্যের ওপারে যে শিক্ষা

জাটিঙ্গার গল্প আসলে পাখিদের আত্মহত্যার গল্প নয়। এটি**প্রকৃতি, মানুষের বিশ্বাস এবং বিজ্ঞানের মুখোমুখি দাঁড়ানোর গল্প।**

একদিকে রয়েছে পাহাড়ি গ্রামের মানুষের প্রজন্মের স্মৃতি ও লোককথা। অন্যদিকে রয়েছে পক্ষীবিদদের গবেষণা, পর্যটকদের কৌতূহল এবং প্রকৃতির আচরণকে বোঝার নিরন্তর চেষ্টা।

কুয়াশায় ঢাকা কোনো এক রাতে দূরের আলোয় যখন একটি পাখি হঠাৎ নেমে আসে, দৃশ্যটি আজও রহস্যময়। কিন্তু সেই রহস্যকে কুসংস্কারের চোখে না দেখে প্রকৃতির একটি জটিল আচরণ হিসেবে দেখাই আমাদের সময়ের বড় শিক্ষা।

কারণ প্রকৃতিকে বোঝার প্রথম শর্ত তার রহস্যকে ভয় পাওয়া নয়—**তার দিকে গভীর কৌতূহল নিয়ে তাকানো।**

শেষ কথা

আজ তাই জাটিঙ্গাকে শুধু 'Bird Suicide Zone' বলে চিহ্নিত করা উচিত নয়।

এটি অসমের পাহাড়ে প্রকৃতি ও মানুষের সহাবস্থানের এক অনন্য অধ্যায়—যেখানে কুয়াশা, আলো, বাতাস আর পাখির ডানায় লেখা রয়েছে বহু বছরের এক অসমাপ্ত গল্প।

হয়তো একদিন এই রহস্যের আরও অনেক উত্তর আমরা জানতে পারব। কিন্তু রহস্যের সব দরজা খুলে গেলেও জাটিঙ্গার সৌন্দর্য কমবে না।

কারণ কিছু জায়গার আকর্ষণ তাদের রহস্যে নয়,**রহস্যের ভেতর দিয়ে প্রকৃতিকে নতুন করে দেখার সুযোগে।**

আর জাটিঙ্গা ঠিক তেমনই এক জায়গা—যেখানে কুয়াশার ভেতর দিয়ে উড়ে যাওয়া একটি পাখি আমাদের মনে করিয়ে দেয়, প্রকৃতি এখনও সম্পূর্ণভাবে পড়ে শেষ হয়ে যায়নি।

গন্ধরাজ মিষ্টি দই

প্রিয়াঙ্কা দাস চক্রবর্তী



শরতের পুজো, নতুন জামা, ধুনোর গন্ধ আর জমজমাট ভোজের শেষে যদি ঠান্ডা মিষ্টি দইয়ে মিশে যায় গন্ধরাজের সুবাস — তাহলে ক্যালিফোর্নিয়াতেও যেন এক মুহূর্তে ফিরে আসে কলকাতা।

উপকরণ

- ফুল-ফ্যাট দুধ — ৪ কাপ
- ঘন Greek yogurt — ½ কাপ
- কনডেন্সড মিল্ক — ½–¾ কাপ
- চিনি — ১–২ টেবিল চামচ, প্রয়োজনমতো
- গন্ধরাজ লেবুর খোসার কুচি (zest) — ১ চা চামচ
- গন্ধরাজ লেবুর রস — ½–১ চা চামচ
- পেস্তা কুচি — সামান্য, ঐচ্ছিক

গন্ধরাজ লেবু না পেলে: ¾ চা চামচ Meyer lemon zest এবং অতি সামান্য finely grated kaffir lime zest ব্যবহার করতে পারেন। রসের চেয়ে zest-ই এখানে বেশি গুরুত্বপূর্ণ।

প্রণালী

দুধ ভারী তলার পাত্রে মাঝারি আঁচে ফুটিয়ে প্রায় ৩ কাপ হওয়া পর্যন্ত কমিয়ে নিন। এতে দইয়ের texture ঘন ও creamy হবে। এবার কনডেন্সড মিল্ক মিশিয়ে আরও ২–৩ মিনিট নাড়ুন।

মিশ্রণটি নামিয়ে ঈষদুষ্ণ হওয়া পর্যন্ত অপেক্ষা করুন। আলাদা বাটিতে Greek yogurt মসৃণ করে ফেটিয়ে নিন। তাতে অল্প করে ঈষদুষ্ণ দুধ মিশিয়ে temper করে পুরো দুধের সঙ্গে মিশিয়ে দিন।

এবার আসল কৌশল—লেবুর রস গরম দুধে দেবেন না, তাতে দুধ কেটে যেতে পারে। প্রথমে শুধু গন্ধরাজের zest মেশান।

মিশ্রণটি ছোট মাটির ভাঁড় বা ramekin-এ ঢেলে উষ্ণ জায়গায় ৬–৮ ঘণ্টা জমতে দিন। জমে গেলে refrigerator-এ অন্তত ৪ ঘণ্টা ঠান্ডা করুন।

পরিবেশনের ঠিক আগে প্রতিটি দইয়ের উপরে মাত্র কয়েক ফোঁটা গন্ধরাজ লেবুর রস এবং এক চিমটি fresh zest ছড়িয়ে দিন। চাইলে সামান্য পেস্তা দিয়ে সাজাতে পারেন।

স্বাদের আসল রহস্য

এই মিষ্টির সৌন্দর্য হল গন্ধরাজকে বেশি ব্যবহার না করা। এটি lemon-flavored yogurt নয় — এটি মিষ্টি দই, যার শেষ স্বাদে হঠাৎ গন্ধরাজের পরিচিত সুবাস পাওয়া যাবে।

মাটির ভাঁড়ে পরিবেশন করলে স্বাদ ও presentation দুটোই আরও বাঙালি হয়ে ওঠে — ঘন, ঠান্ডা মিষ্টি দই; উপরে গন্ধরাজের সবুজাভ zest; আর প্রথম চামচেই কলকাতার শরতের স্মৃতি।



Sanjukta Nag

Hi, I am Sanjukta Nag, and I am a proud recent graduate of University High School, Irvine, preparing to begin an exciting new chapter as a freshman at the University of California, Irvine, majoring in History.

I enjoy theatre, music, reading, art, and dance, and I am also a cat lover. In my free time, I like experimenting with different artistic mediums and researching whatever topic has captured my interest. These topics can range from historical events and scientific ideas to completely random subjects.

One of my favorite music genres is Musical theatre. I also like collecting unique things along with luxury or unique-looking pens.

During high school, I completed six AP courses. I chose some because they interested me and others because they helped fulfill my requirements while allowing me to study the subjects in greater depth, which I believe will benefit me in the future. The classes I enjoyed most were English, History, Psychology, and Theatre.

For my higher education, I will attend the University of California, Irvine, where I plan to major in History. I have enjoyed history for a long time, which led me to choose it as my college major. I am trilingual, fluent in Hindi, Bengali, and English. I have also studied French for three years in high school and plan to continue learning it in college.

In the future, I hope to pursue research in subjects that interest me.

Research has been one of my interests since early childhood, and I would like to continue exploring it through my academic and professional path.

I am excited for the new opportunities and experiences that await me in the next phase of my journey.

PAINTING *Saksham Dhar*



The Haunted Church

Shinjini Roy

In the 1900s, a severe storm occurred on Clinton Road, New Jersey. A couple, Evelyn and Allen, were traveling together on their honeymoon. Right next to their hotel, the Clinton Inn, stood a church. The church had been knocked over and destroyed, as if it had been struck by a powerful storm.

Legend says that spirits once lived in that church and still do today. According to the legend, one day a priest was praying to Jesus when someone began knocking on the door. Later, he discovered that the person knocking was the spirit of his deceased wife, who had come to visit him. She was filled with rage because her husband would not open the door for her. As a result, she became determined to cause the storm that eventually destroyed the church. Later, many researchers discovered the husband's body locked inside a cupboard.

However, Evelyn and Allen knew nothing about this story. They simply believed that the building was an old historical monument.

Later that night, they went out for dinner. Afterward, they decided to visit the church. Earlier that evening, they had eaten at a restaurant called Matilda's Steak House.

As they walked through the church's corridors, they felt as though someone was following them. Suddenly, they felt an unseen force gripping them so tightly that they could barely move. Then, a voice spoke from behind them:

"You won't leave this place alive."

The couple were terrified.

Evelyn asked,

"Uh... who are you, and what are you doing here?"

Then the spirit replied,

"I'm here to take your souls."

Allen responded,


"G-go away!"

With a trembling voice, he began chanting God's name as soon as he finished speaking:

"Jesus, help us. Jesus, help us..."

He hoped his prayers would improve the situation.

Suddenly, Evelyn and Allen heard the sound of shattering glass coming from a room next to them. They tried to open the door, but it was locked. Eventually, Allen managed to force the door open. As they entered the room, they saw pictures of dead spirits haunting people, along with many other frightening images. They also discovered a cupboard covered in bloodstains, making the scene even more horrifying.



Years later, this story was published worldwide by various authors and researchers. Soon afterward, the police closed the area to ensure public safety. Later, the building was converted into a museum on the same site where the haunted church incident allegedly took place.

This famous museum is located on Clinton Road in New Jersey and continues to attract visitors from around the world.

PHOTOGRAPHY

by Subhabrata Pal



Crater Lake National Park



Burney Falls



Devil_s Postpile National Monument

কোনো একদিন

তমোঘ্ন গুহ

জীবন-মরণের সীমানা পেরিয়ে, অতল যেখানে পরম শান্তি,
সেইখানে একদিন শীতের সন্ধ্যায়, কোনো এক নদীর ধারে বাঁশের
মাচায় বসব আবার, বন্ধুরা—
আকাশ থেকে ঝরে পড়বে তারারা, জোনাকিরা ফিরে ফিরে আসবে
আলো নিয়ে, মায়াবী মফস্বল সাজবে রাস্তার হলুদ আলোয়,
কুয়াশাভরা বাতাস কৈশোরের গন্ধ মাখা, বুক ভরে টেনে নেব তাকে,
আগেভাগে। বসব আবার বন্ধুরা—সময় করে—
জীবন-মরণের সীমানা পেরিয়ে।


মনে জমে আছে

তমোঘ্ন গুহ

ছোট ছোট ভুল -
একটু আধটু দুর্বলতা -
ক্ষমা না চাওয়া -
অনেকের কাছে,
মনে জমে আছে।।

গলা ধরে আসা -
দূরে দূরে থাকা -
না পাওয়া ভালোবাসা -
অনেকের কাছে,
মনে জমে আছে।।

PAINTING



Sumita Das

বর্ষা

কৃপাসিন্ধু হাইত

বর্ষারে আর ভরষা নাইরে
তার সাথে আসে বজ্রভীষণ মহাহুঙ্কার
প্রান যায় কত মানুষের চারপাশে ওঠে হাহাকার।
মেঘের এমন ডাক, কখনো শোনা যেত নাকো আগে,
সে ছিল ভালবাসা ভরা অনুরাগে।
মেঘমন্দ্র জলদগম্ভীর বর্ষণ মুখরিত দিন রাত ছিল
আগে
ছন্দ কেন যে বদল তাদের
কেন নাহি আর ভাল লাগে।
তুমি ছিলে রাণী,ছিলে অপরূপা
কি পাপে এখন কার শাপে বলো
দিতে চাও বলো কিবা এ বারতা।
কড়কড়, দন্তে দন্তে ভীষণ গর্জন
করে সংযত মনোরম
শান্ত হোক, স্নিগ্ধ হোক তোমার বর্ষণ।
শ্যামলিমা শষ্য ক্ষেত্রে তুমি মনোরম।

Asian Chilli Garlic Shrimp

Sneha Rao

A quick prawn recipe loaded with BIG flavours! Seared prawns smothered in a spicy, sticky Asian sauce, these Asian Chilli Garlic Prawns will have you smacking your lips in utter satisfaction, feeling like you've just dined at a fancy modern Thai restaurant.
The sauce tastes like a homemade Chilli Jam except it's far easier to make. 15 minutes, start to finish!

Ingredients

500g / 1 lb prawns / shrimp, raw, , peeled and deveined
1 1/2 tbsp vegetable oil,1 tsp sesame oil,3 garlic cloves, very finely minced, 2 tsp ginger, grated or finely chopped,
1 tsp chilli flakes,1/2 cup (125 ml) water,3 tbsp Sriracha,
2 tsp soy sauce,
3 tbsp sugar

Garnish (optional)

Sesame seeds
Green onions , finely sliced
Red chillies , finely sliced or chopped

Instructions

Heat oil in a large skillet over high heat.
Add the shrimp and sear for about 45 seconds on each side until golden, then remove into bowl.
Remove skillet from stove to cool down slightly, turn down to medium.
Return skillet to stove, heat



sesame oil.
Add garlic, ginger and chilli flakes. Cook until garlic turns golden.
Add water, then Sriracha, soy sauce and sugar, Stir, increase heat to medium high, and let it simmer for 3 minutes or until the sauce starts to thicken to a thin syrup consistency.
Return prawns into skillet and toss to coat in sauce and reheat, and cook for 1 – 2 minutes until sauce is reduced and coats the prawns nicely.
Garnish with sesame seeds, fresh chilli and shallots if desired. Serve with rice to soak up the awesome sauce!

Dhakai Pora Mutton



Tarashankar Panda

Ingredients
For Marination:
•Mutton: 1 kg (washed and cleaned)
• Ginger paste: 2 tbsp
• Garlic paste: 1 tbsp
• Onion paste: 3 tbsp
• Chopped onions: 1 medium-sized
• Yogurt (Tok Doi): 3 tbsp
• Turmeric powder: 1 tbsp
• Red Chilli powder: 2 tbsp
• Coriander powder: 1 tbsp
• Cumin powder: 1 tbsp
• Green Chilli paste: 2 tbsp
• Mustard oil: 100 ml
• Salt: To taste
• Onion Birista: 3 Handful
• Bay Leaf: 3 pieces
• Black Cardamom: 1 piece

For the Special Roasted Spice Mix (Bhaja Masala):
• Radhuni (Wild celery seeds): 3 tsp
• Dry red chillies: 2 pieces
• Cloves: 7 pieces
• Black pepper corns: 25 pieces
• Nutmeg (Jaifal): 1/3 piece
• Mace (Javitri): 3 pods
• Whole cumin seeds: 1 tsp
• Green Cardamom: 5 pieces
• Cinnamon: half sticks
• Black Cardamom: 1 piece

For the Gravy:
• Mustard oil: 50ml
• Chopped onions: 1 medium-sized
• Onion Paste: 1 tbsp
• Chopped garlic & ginger paste: 1 tsp each
• Radhuni (Wild celery seeds): 1 tsp (for tempering)
• Tomato puree: 1 cup
• Fried onions (Birista): Handful
• Special Spice Mix: 2 tsp
• Roasted Cumin Powder : 1 tsp
• Hot water: 2 cups


Cooking Instructions
1. Marinate the Mutton: In a large bowl, combine the washed mutton with all the ingredients. Mix everything thoroughly and let it marinate for at least 3-4 hours.
2. Prepare the Special Roasted Spice Mix: In a dry frying pan, lightly roast all the ingredients until they release a rich aroma. Let them cool and grind them into a fine powder. Set aside.
3. The Initial Slow Cook (The “Pora”


Phase): Heat a heavy-bottomed wok (kadai). Add the marinated mutton directly into it without adding any extra oil. Cook it on low heat.
• Cover with a lid for 10 minutes.
• Uncover, stir well, and cover again for another 30-40 minutes. Keep stirring occasionally so the meat doesn't stick to the bottom.
• Once the meat releases its own oils and gets a nice charred/roasted texture, remove the mutton from the flame and set it aside.

4. Make the Gravy Base: In another pan, heat some mustard oil. Temper it with 1 tsp of Radhuni. Add the chopped onions and onion paste, frying them until golden. Add 1 tsp ginger and garlic paste and sauté well. Pour in the tomato puree. Add the Special Spice Mix and Roasted Cumin Powder. Sauté this mixture until the raw smell of tomatoes is completely gone and the oil separates.
5. Simmer and Char: Transfer the slow-cooked mutton into this newly prepared gravy base. Mix it well so the meat is coated in the masala. Pour in about 2 cups of warm water. Cover the pan and let it cook on low heat for 1 hour.
6. Finishing Touch: After an hour, once the meat is perfectly tender, open the lid. Sprinkle the Special Spice Mix, along with the fried onions (beresta) and a dash of garam masala. Mix well and let it simmer for 1 final minute.

PAINTING *Shreyansh Saha*







চালকুমড়োর পাতায় শিদল বড়া

উত্তর-পূর্বের গন্ধ, বাংলার ভাতের টান

নীলাক্ষী ভট্টাচার্য





কিছু খাবারের পরিচয় জিভে পৌঁছনোর আগেই নাকে এসে ধরা দেয়। প্রথমে গন্ধটা তীব্র, খানিক অচেনা। কিন্তু একবার পরিচিত হয়ে গেলে সেই গন্ধই হয়ে ওঠে ঘরের গন্ধ—বর্ষার দুপুর, মাটির উঠোন, মায়ের রান্নাঘর কিংবা দিদার হাতের ভাতের স্মৃতি।

শিদল তেমনই এক স্বাদের নাম। আর সেই শিদল যখন কচি চালকুমড়োর পাতায় মুড়ে বড়া হয়ে ওঠে, তখন তার সঙ্গে মিশে যায় উত্তর-পূর্ব ভারতের খাদ্যঐতিহ্য, বাংলার ঘরোয়া রান্না এবং প্রজন্মের পর প্রজন্ম ধরে চলে আসা স্বাদের স্মৃতি।

শিদল: তীব্র গন্ধের আড়ালে ইতিহাস

শিদল মূলত একটি ঐতিহ্যবাহী গাঁজানো মাছের খাদ্য। ছোট মাছ নির্দিষ্ট পদ্ধতিতে পরিষ্কার ও শুকিয়ে নিয়ে পরে গাঁজন করা হয়। এই প্রক্রিয়ায় মাছের স্বাদ, গন্ধ ও গঠনে পরিবর্তন আসে এবং তৈরি হয় শিদলের নিজস্ব তীব্র সুবাস ও গভীর স্বাদ।

অসম ও ত্রিপুরার খাদ্যসংস্কৃতিতে শিদলের দীর্ঘদিনের উপস্থিতি রয়েছে। উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন জনগোষ্ঠীর রান্নায় গাঁজানো মাছের নানা রূপও দেখা যায়।

আজ আমরা fermentation-এর বিজ্ঞান জানি। কিন্তু বহু আগে মানুষ অভিজ্ঞতার মাধ্যমে বুঝেছিল, কীভাবে মাছ সংরক্ষণ করলে তা দীর্ঘদিন ব্যবহার করা যায় এবং কীভাবে সেই প্রক্রিয়ায় একটি নতুন স্বাদ তৈরি হয়। সেই অর্থে শিদল শুধু খাবার নয়—এটি লোকজ খাদ্যবিজ্ঞানেরও এক মূল্যবান উত্তরাধিকার।

ভারতে কোথায় শিদল প্রস্তুত হয়?

শিদল তৈরিতে মূলত পুঁটি মাছ (Puntius sophore), ব্যবহার করা হয়।

স্থানীয়ভাবে এই মাছ পুঁটি, পুটি বা পুঁটি মাছ নামে পরিচিত; অঞ্চলভেদে ছোট Setipinna বা অন্যান্য দেশি মাছও শিদল তৈরিতে ব্যবহৃত হয়। শিদল এর সঙ্গে যুক্ত অঞ্চলগুলি হল:

•অসম •ত্রিপুরা •অরুণাচল প্রদেশ
•নাগাল্যান্ড•মিজোরাম

গবেষণায় বিভিন্ন অঞ্চলে এর নামেরও পার্থক্য পাওয়া যায়। অসমে Shidal, Hidal, Seedal, Sepaa ইত্যাদি নাম ব্যবহৃত হয়; ত্রিপুরাতেও Shidal/Seedal প্রচলিত। মণিপুরে একই বৃহত্তর fermented-fish tradition-এর একটি গুরুত্বপূর্ণ রূপ হল Ngari, যদিও Ngari-কে সরাসরি Shidal-এর একই পণ্য বলা উচিত নয়।

চালকুমড়োর পাতায় কেন?

চালকুমড়োর কচি পাতার স্বাদ মৃদু, সবুজ ও কোমল। শিদলের তীব্রতার সঙ্গে সেই পাতার স্বাভাবিক সুবাস চমৎকার ভারসাম্য তৈরি করে।

শিদলের সঙ্গে রসুন, পেঁয়াজ, কাঁচালঙ্কা ও সর্ষের তেল মিশিয়ে তৈরি হয় ঝাঁঝালো পুর। সেই পুর চালকুমড়োর পাতায় মুড়ে ভাজলে পাতার গন্ধও মিশে যায় রান্নায়।

ফলে এক কামড়ে প্রথমে আসে পাতার সুবাস, তারপর রসুন-লঙ্কার ঝাঁঝ, আর শেষে জিভে থেকে যায় শিদলের গভীর স্বাদ।

তীব্রতার সঙ্গে কোমলতার এই মেলবন্ধনই শিদল বড়ার আসল জাদু।

রান্নাঘরে আজকের পদ চালকুমড়োর পাতায় শিদল বড়া

উপকরণ:

শিদল ১০০ গ্রাম, চালকুমড়োর কচি পাতা ৮–১০টি, পেঁয়াজ ১টি, রসুন ৬–৮ কোয়া, আদা ১ চা-চামচ, কাঁচালঙ্কা ৩–৪টি, হলুদ সামান্য, সর্ষের তেল ১–২ টেবিল-চামচ এবং লবণ স্বাদমতো।

ব্যাটারের জন্য:

বেসন ১ কাপ, চালের গুঁড়ো ১–২ টেবিল-চামচ, সামান্য হলুদ ও লঙ্কাগুঁড়ো, লবণ এবং প্রয়োজনমতো জল।

প্রণালী

শিদল পরিষ্কার করে অল্প গরম জলে ভিজিয়ে নরম করে নিন। জল ঝরিয়ে সর্ষের তেলে হালকা ভেজে চটকে রাখুন।

কড়াইয়ে সর্ষের তেল গরম করে পেঁয়াজ, রসুন, আদা ও কাঁচালঙ্কা ভাজুন। এবার শিদল দিয়ে সামান্য হলুদ দিয়ে ভালো করে কষিয়ে নিন। পুর শুকনো ও মাখা-মাখা হলে নামিয়ে ঠান্ডা করুন।

চালকুমড়োর পাতাগুলি ধুয়ে নিন। শক্ত হলে গরম ভাপে কয়েক সেকেন্ড রেখে সামান্য নরম করে নেওয়া যায়।

পাতার মাঝখানে এক-দেড় টেবিল-চামচ শিদলের পুর রেখে দু'পাশ ভাঁজ করে ভালোভাবে মুড়ে নিন।

বেসন, চালের গুঁড়ো, হলুদ, লঙ্কাগুঁড়ো ও লবণ দিয়ে ঘন ব্যাটার তৈরি করুন। পাতায় মোড়া পুর ব্যাটারে ডুবিয়ে মাঝারি আঁচে গরম তেলে সোনালি করে ভেজে নিন।

রান্নার টিপস: শিদল অনেক সময় নিজেই নোনতা হয়। তাই লবণ দেওয়ার আগে অবশ্যই স্বাদ দেখে নিন। বেশি আঁচে ভাজলে পাতা পুড়ে যেতে পারে, তাই মাঝারি আঁচই ভালো।

সঙ্গে কী থাকবে?

এই রান্নার জন্য খুব বেশি আয়োজনের দরকার নেই। ধোঁয়া ওঠা সাদা ভাত, পাতলা ডাল, কাঁচালঙ্কা আর গরম শিদল বড়া—এইটুকুতেই জমে যায় দুপুরের ভোজ।

পান্তা ভাতের সঙ্গেও এর দারুণ মানায়। পাশে সামান্য কাঁচা পেঁয়াজ ও সর্ষের তেল থাকলে তো কথাই নেই।

মাটির হাঁড়ি থেকে আধুনিক রান্নাঘর

একসময় শিদল তৈরির সঙ্গে মাটির পাত্র ও দীর্ঘমেয়াদি সংরক্ষণ পদ্ধতির সম্পর্ক ছিল। refrigerator বা আধুনিক cold-storage-এর যুগের আগে গাঁজন ছিল খাদ্য সংরক্ষণের গুরুত্বপূর্ণ উপায়।

আজ অনেক পরিবার বাড়িতে শিদল তৈরি না করে বাজার থেকে প্রস্তুত শিদল কিনে আনে। ব্লেন্ডার, ফুড প্রসেসর ও আধুনিক রান্নার সরঞ্জাম প্রস্তুতিকে সহজ করেছে। তবু স্বাদের মূল পরিচয় বদলায়নি।

শিদল এখন চাটনি, ভর্তা, বড়া এবং বিভিন্ন সবজির রান্নায়ও ব্যবহৃত হয়। অর্থাৎ একসময়ের ঘরোয়া সংরক্ষিত খাবার ধীরে ধীরে আঞ্চলিক খাদ্যঐতিহ্যের পরিচিত মুখ হয়ে উঠছে।

একটি খাবার, একটি স্মৃতি

প্রবাসে থাকা মানুষের কাছে পরিচিত খাবারের গন্ধ অনেক সময় হয়ে ওঠে শিকড়ের সঙ্গে যোগাযোগের পথ। অসমে বেড়ে ওঠা কোনো বাঙালি পরিবারের কাছে শিদল বড়া হয়তো মায়ের রান্নার স্মৃতি; কারও কাছে দিদার হাতের স্বাদ; আবার কারও কাছে গ্রামের বাড়ির বর্ষার দুপুর।

তাই ঐতিহ্য সংরক্ষণ মানে শুধু রেসিপি লিখে রাখা নয়। কে কীভাবে রান্না করতেন, কোন উপকরণ ব্যবহার করতেন, কোন ঋতুতে রান্নাটি বেশি হত—সেই গল্পগুলিও ধরে রাখা দরকার।

শেষকথা

চালকুমড়োর পাতায় মোড়া শিদল বড়া দেখতে সাধারণ। ছোট মাছ, কয়েকটি কাঁচালঙ্কা, রসুন, সর্ষের তেল আর একটি সবুজ পাতা—এই সামান্য উপকরণের মধ্যেই লুকিয়ে আছে দীর্ঘ ইতিহাস।

আছে নদী-জলাভূমির গল্প, মাছ সংরক্ষণের লোকজ জ্ঞান, উত্তর-পূর্ব ভারতের খাদ্যসংস্কৃতি এবং বাংলার ভাতের সঙ্গে জড়িয়ে থাকা ঘরোয়া আবেগ।

পাতাটি যখন খুলে যায়, তখন শুধু একটি বড়া বেরিয়ে আসে না।

বেরিয়ে আসে একটি সময়, একটি ভূখণ্ড, একটি পরিবার এবং নিজের শিকড়ের গন্ধ।

চালকুমড়োর পাতায় শিদল বড়া তাই শুধু একটি রান্না নয়—স্বাদের ভাঁজে মুড়ে রাখা এক টুকরো ইতিহাস।


Phalaharini Kali Puja 2026








Srijan Sanhoti Arts




Mahima Chatterjee



Nilova Ray Dhar



Nilakshi Bhattacharjee



Aariya Laha



Paramita Mallick Gupta



Mehul Mondal




Priyanka Das

Srijan Sanhoti Arts



Swarnali Mukherjee



Upama Auddy



Debasis Pramanik



Shweta Saha



Sanjukta Nag



Mehul Mondal



Rupa Goswami

Srijan Sanhoti Arts



Chandrani Das



Swarnali Mukherjee




Shriya Basu



Shweta Saha



Shinjini Roy



Diganto Chowdhury

Srijan Sanhoti Arts



Priyanka Das



Sneha Rao



Priyanka Dhara Pramanik





Upama Auddy



Piyali Roy

Poila Boishakh 2026







Saraswati Puja 2026











Picnic 2026









SPECIAL OFFER

State Bank of India
(California)
YOUR EXPERIENCE, BANK ON IT.

Send More For Less

Money Transfer to India with State Bank of India (California) is not just another transaction but a rewarding experience!

Get 50 paisa better* on your first remittance



SBIC New Customer Exclusive

Open an account with SBIC and use promo code **WELCOME50** when initiating your remittance online and enjoy an exclusive offer with 50 paisa better than SBIC's base exchange rate on your first transfer up to $3000. Start saving today.

Unlock other benefits:

- Competitive USD to INR Exchange rate
- Quick transfers - generally within a few hours
- 0% NO FEES — No transfer fees for online or mobile banking transfers

Visit www.sbical.bank/remittances.aspx for more details.

SCAN TO LEARN MORE

Terms and Conditions may apply. An account with SBIC is required to send remittance. Promotion is only available online and cannot be combined with another offer. Promo is applicable to $3,000 of your first remittance. Amounts over $3,000 will be exchanged at our standard base rate. For accounts opened online, the remittance limit is $25,000.00 per day and $50,000.00 per month. For accounts opened at one of our branches, the limit is $50,000.00 per day. Online remittances above $35,000.00 may take up to 1 to 2 additional business days to receive credit in beneficiary account. Mobile remittance limit is $25,000.00 per day and $50,000.00 per month. The Bank considers "per day" from 12:00:00 AM PST to 11:59:59 PM PST on the same calendar day and considers "per month" as any 30 consecutive days. SBIC makes money when it converts one currency to another for you. The exchange rate provided to you is set by SBIC in its sole discretion, and it includes a markup.

www.sbical.bank

1-877-707-1995

OUR BRANCHES

LOS ANGELES • CERRITOS • WOODLAND HILLS • FRESNO
SAN DIEGO • FREMONT • SUNNYVALE


Member FDIC EQUAL HOUSING LENDER

Sanjeev Kapoor

the yellow chilli tustin

AN EVENING OF ELEGANCE & CELEBRATION

YOU'RE INVITED



Join The Yellow Chilli Tustin

Proud Sponsor of this special occasion

Experience an evening of culture, celebration & indulgence

Enjoy the event, then continue the celebration with an elevated Indian dining experience at The Yellow Chilli Tustin.

SANHOTI DURGA PUJA 2026

Dates: Friday, October 9th
Saturday, October 10th
Sunday, October 11th

Venue: Robert B. Moore Theater
Arlington Dr, Costa Mesa, CA 92626

The Yellow Chilli Tustin

Modern Indian Cuisine • Chef Sanjeev Kapoor